

# সূচিপত্র

## সাম্প্রতিক

- ০৫ || সাম্প্রতিক প্রশ্নোত্তর  
 ০৬ || তথ্যপ্রবাহ  
 ০৮ || সাম্প্রতিক MCQ  
 ১০ || Recent Info Inquiry  
 ১১ || দশ দিগন্ত  
 ১৫ || রিপোর্ট-সমীক্ষা  
 ১৬ || পদক-পুরস্কার  
 ১৭ || বিশ্বজুড়ে বাংলাদেশ  
 ১৮ || দেশ পরিক্রমা  
 গিরিশচন্দ্রের বাড়ি সংরক্ষিত পুরাকীর্তি  
 অর্থনৈতিক শ্বেতপত্র  
 রেল নেটওয়ার্কে দেশের ৪৯তম জেলা  
 দেশের প্রথম উপকূলীয় নদীবন্দর  
 দেশের GI পণ্য এখন ৫১টি  
 ২২ || বিশ্ব পরিক্রমা  
 স্বল্পোন্নত দেশ এখন ৪৪টি  
 UNCTAD'র হীরকজয়ন্তী  
 প্রথম ডিজিটাল রাষ্ট্র টুভ্যালু  
 ২৩ || ভারত  
 ২৪ || এশিয়া মহাদেশ  
 ২৫ || মধ্যপ্রাচ্য  
 ২৬ || ইউরোপ মহাদেশ  
 ২৭ || মহাকাশ-চিকিৎসা ও বিজ্ঞান-প্রযুক্তি  
 ৩০ || স্বৈরশাসক বাশারের পতন  
 ৪০ || খেলাধুলা  
 ৬২ || তথ্যকোষে রূপক কথা

## প্রবন্ধ-ফিচার

- ৫৫ || Short Notes  
 ৫৬ || Democracy, Development,  
 Corruption Bangladesh perspective  
 ৫৮ || সাংস্কৃতিক চেতনাবোধে গণবিপ্লব

## চাকরি পরীক্ষার প্রশ্ন সমাধান

- ৪৩ || পেট্রোবাংলার সমন্বিত নিয়োগ  
 ৪৭ || ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড  
 সহকারী পরিচালক  
 উপ-সহকারী পরিচালক  
 ৪৯ || পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি  
 জুনিয়ার হিসাব সহকারী/জুনিয়র প্রশাসনিক সহকারী  
 কারিগরি সহায়ক (ও এন্ড এম)/অফিস সহায়ক  
 ৫২ || ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
 ৫৩ || দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি  
 বিসিএস  
 ৬০ || ৪৬তম লিখিত  
 ৬৩ || ৪৭তম প্রিলিমিনারি  
 আন্তর্জাতিক বিষয়াবলি, কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি

## ভর্তি প্রস্তুতি

- ৭৪ || সকল বিশ্ববিদ্যালয়  
 ৮৬ || ঢাকা বিশ্ববিদ্যালয় লিখিত প্রস্তুতি  
 ৮৮ || মেডিকেল ও ডেন্টাল মডেল টেস্ট

## অন্যান্য আয়োজন

- ২৯ || নীরব ঘাতক প্লাস্টিক  
 ৩২ || ইসলামের ইতিহাসে সিরিয়া  
 ৩৪ || বাংলাদেশ ব্যাংক  
 ৩৫ || ইংরেজি নববর্ষের ইতিবৃত্ত  
 ৩৭ || বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী  
 ৪২ || রেফ্রিজারেটর : পরিবারের নিত্যসঙ্গী  
 ৯২ || জেলা পরিচিতি : মানিকগঞ্জ ও রাজবাড়ী  
 ৯৪ || পাঠকের জিজ্ঞাসা  
 ৯৫ || বিচিত্র-বিশ্ব

পাদটীকা : মান্টা, পর্তুগাল ও মন্টিনিগ্রো



চাকরি, ভর্তি  
 পরীক্ষার বিশেষ  
 সহায়িকা

প্রফেসর'স কারেন্ট অ্যাফেয়ার্স  
**সালতামাষি**  
 গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর | MCQ  
 তথ্যকোষ | Short Notes  
 Exclusive Model Test

মূল্য : ৪০ টাকা

পাওয়া যাচ্ছে জেলা-উপজেলার লাইব্রেরি ও পত্রিকার স্টলে



নিয়মিত বার্ষিক প্রকাশনা

# প্রফেসর'স কারেন্ট অ্যাফেয়ার্স বার্ষিক কুইজ প্রতিযোগিতা

## নিয়মাবলি

- ◆ কুইজের নির্ধারিত স্থানে নাম-ঠিকানা ও উত্তর লিখুন। এরপর কুইজের পৃষ্ঠাটির ছবি তুলে [https://professorscurrentaffairs](https://www.facebook.com/professorscurrentaffairs) পেইজের ইনবক্সে অথবা, প্রফেসর'স কারেন্ট অ্যাফেয়ার্স-এর ঠিকানায় কুরিয়ার বা ডাকযোগে পাঠিয়ে দিন।
- ◆ কুইজের ফটোকপি গ্রহণযোগ্য নয়।
- ◆ সঠিক উত্তরদাতাদের মধ্য থেকে লটারির মাধ্যমে ১০ জন ভাগ্যবান বিজয়ীকে নির্বাচিত করা হবে।
- ◆ পুরস্কার ১০টি (প্রত্যেককে ১,০০০ টাকা)।
- ◆ কুইজ পাঠানোর শেষ তারিখ ১০ ফেব্রুয়ারি ২০২৫।
- ◆ ফলাফল ঘোষণা করা হবে কারেন্ট অ্যাফেয়ার্স মার্চ ২০২৫ সংখ্যায়।

প্রশ্ন : বিশ্ব ফুটবল দিবস কবে?

উত্তর :

প্রশ্ন : বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয় কবে?

উত্তর :

প্রশ্ন : গ্রাফিতি শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

উত্তর :

প্রশ্ন : Three Zeros তত্ত্বের প্রবক্তা কে?

উত্তর :

প্রশ্ন : দেশের একমাত্র উপকূলীয় নদীবন্দর কোনটি?

উত্তর :

প্রশ্ন : ভূলা উৎপাদনে শীর্ষ জেলা কোনটি?

উত্তর :

প্রশ্ন : আরব বিশ্বে সর্বশেষ কোন স্বৈরশাসকের পতন হয়?

উত্তর :

প্রশ্ন : 'বাংলাদেশ ইলিশ' দেশের কততম GI পণ্য?

উত্তর :

প্রশ্ন : কাঠের তৈরি প্রথম স্যাটেলাইটের নাম কী?

উত্তর :

প্রশ্ন : ২০২৪ সালে সাহিত্যে নোবেলজয়ী কে?

উত্তর :

প্রশ্নগুলোর উত্তর পেতে ২০২৪ সালের প্রফেসর'স  
কারেন্ট অ্যাফেয়ার্স ও সালতালিহা দেখুন।

নাম : .....

ঠিকানা : .....

বয়স : ..... মোবাইল : .....

কুরিয়ার বা ডাকযোগে কুইজ পাঠানোর ঠিকানা

প্রফেসর'স কারেন্ট অ্যাফেয়ার্স, নাভানা এফএইচ সোলারিস, লেভেল-৯, ৬৫ বিজয়নগর  
শহিদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, ঢাকা ১০০০

# সাম্প্রতিক প্রশ্নোত্তর



## বাংলাদেশ

- প্রশ্ন: যমুনা রেলওয়ে সেতুতে পরীক্ষামূলক ট্রেন চলাচল শুরু হয় কবে?  
উত্তর: ২৬ নভেম্বর ২০২৪।
- প্রশ্ন: ২৭ নভেম্বর ২০২৪ বাংলাদেশ কনসাল্টেট কোন দেশে ই-পাসপোর্ট সেবা উদ্বোধন করে?  
উত্তর: হংকং।
- প্রশ্ন: ২৮ নভেম্বর ২০২৪ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো ক্যাম্পাসে কোন সেবা চালু করে?  
উত্তর: শাটল বাস সেবা।
- প্রশ্ন: ৩০ নভেম্বর ২০২৪ দেশে তৈরি বাংলাদেশ নৌবাহিনীর বহরে যুক্ত হয় কোন যুদ্ধজাহাজ?  
উত্তর: বানৌজা বিষখালী।
- প্রশ্ন: কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্যমতে, ২০২৩-২৪ অর্থবছরে ভুট্টা উৎপাদনে শীর্ষ জেলা কোনটি?  
উত্তর: দিনাজপুর।
- প্রশ্ন: দেশের প্রথম পূর্ণাঙ্গ ডিজিটাল স্বাস্থ্যসেবা প্ল্যাটফর্মের নাম কী?  
উত্তর: সুখী।
- প্রশ্ন: ৫ ডিসেম্বর ২০২৪ উপদেষ্টা পরিষদের বৈঠকে ওশেনিয়া মহাদেশের কোন দেশে বাংলাদেশের নতুন হাইকমিশন স্থাপনের প্রস্তাব অনুমোদন করা হয়?  
উত্তর: নিউজিল্যান্ডের ওয়েলিংটন।
- প্রশ্ন: ৯ ডিসেম্বর ২০২৪ বাংলাদেশ জাতিসংঘের কোন সংস্থার ডাইরেক্টর নির্বাচিত হয়?  
উত্তর: জাতিসংঘ মানবাধিকার কাউন্সিল (UNHRC)।
- প্রশ্ন: ১৪ ডিসেম্বর ২০২৪ কোন দেশের প্রেসিডেন্ট বাংলাদেশ সফর করেন?  
উত্তর: পূর্ব তিমুরের প্রেসিডেন্ট জোসে রামোস হোর্তা।
- প্রশ্ন: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের 'বিশেষ প্রসিকিউটোরিয়াল উপদেষ্টা' পদে কাকে নিয়োগ দেওয়া হয়?  
উত্তর: এহসানুল হক সমাজীকে।

- প্রশ্ন: ৫ নভেম্বর ২০২৪ এম এ মুহিত কোন পর্বত জয় করেন?  
উত্তর: থরং লা; নেপাল।
- প্রশ্ন: কবি হেলাল হাফিজ কবে মৃত্যুবরণ করেন?  
উত্তর: ১৩ ডিসেম্বর ২০২৪।
- প্রশ্ন: থাইল্যান্ড কবে বাংলাদেশীদের জন্য ই-ভিসা সেবা চালু করে?  
উত্তর: ২ জানুয়ারি ২০২৫।
- প্রশ্ন: 'সুভ সন্ধ্যা' সমুদ্র সৈকত কোন জেলায় অবস্থিত?  
উত্তর: বরগুনা।
- প্রশ্ন: সম্প্রতি বোয়ার জাতের সঙ্গে দেশীয় ব্ল্যাক বেঙ্গল জাতের ছাগীর সংকরায়নের মাধ্যমে একটি নতুন জাত উদ্ভাবন করে কোন প্রতিষ্ঠান?  
উত্তর: বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (BAU)।
- প্রশ্ন: বাংলাদেশের কোথায় জাতিসংঘ পার্ক অবস্থিত?  
উত্তর: চট্টগ্রাম।
- প্রশ্ন: বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (BIDS) মতে তৈরি পোশাকে নারীর অংশগ্রহণের হার কত?  
উত্তর: ৫৩%।
- প্রশ্ন: আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র বাংলাদেশ (icddr,b) তথ্যমতে অপরিণত শিশু জনের হারে শীর্ষ দেশ কোনটি?  
উত্তর: বাংলাদেশ।
- প্রশ্ন: দেশের একমাত্র উপকূলীয় নদীবন্দর কোনটি?  
উত্তর: সন্দ্বীপ উপকূলীয় নদীবন্দর।
- প্রশ্ন: বর্তমানে বিশ্বের কতটি দেশে বাংলাদেশিদের জন্য দ্বৈত নাগরিকত্বের সুযোগ রয়েছে?  
উত্তর: ১০১টি।



## আন্তর্জাতিক

- প্রশ্ন: জাতিসংঘের কনভেনশন টু কমব্যাট মরুভূমির (UNCCD)-এর ১৬তম অধিবেশন কোথায় অনুষ্ঠিত হয়?  
উত্তর: রিয়াদ, সৌদি আরব।

- প্রশ্ন: 'বিশ্বের সবচেয়ে খাড়া' ক্যাবল কার চালু হয় কোন দেশে?  
উত্তর: সুইজারল্যান্ডে।
- প্রশ্ন: ২০ ডিসেম্বর ২০২৪ মার্কিন ওষুধ নিয়ন্ত্রক সংস্থা প্রথমবারের মতো কোন ওষুধের অনুমোদন দেয়?  
উত্তর: স্লিপ অ্যাপনিয়ার (ঘুমের মধ্যে শ্বাসব্যাঘাত)।
- প্রশ্ন: মধ্যপ্রাচ্যের কোন দেশ হিজাব সংক্রান্ত বিতর্কিত আইন হ্রাস করে?  
উত্তর: ইরান।
- প্রশ্ন: হায়াত ত্বাহরির আল শামের (HTS)-এর প্রধানের নাম কী?  
উত্তর: আবু মোহাম্মদ আল জোলানি।
- প্রশ্ন: 'ওয়াটারমেলন' কোন দেশের গুপ্তচর বাহিনী?  
উত্তর: মিয়ানমার; যার অর্থ তরমুজ।
- প্রশ্ন: ১০ ডিসেম্বর ২০২৩ Stockholm International Peace Research Institute-এর প্রকাশিত রিপোর্ট অনুযায়ী বিশ্বে অস্ত্র উৎপাদনে শীর্ষ প্রতিষ্ঠান কোনটি?  
উত্তর: লকহিড মার্টিন কর্পোরেশন (যুক্তরাষ্ট্র)।
- প্রশ্ন: ২০২৪ সালে ব্রাজিল সরকারের বসানো স্বয়ংক্রিয় ক্যামেরায় প্রথমবারের মতো আমাজন বনে কোন আদিবাসী ধরা পড়ে?  
উত্তর: মাসাকো।
- ক্রীড়াঙ্গন**
- প্রশ্ন: ২০২৫ সালে ভারতে অনুষ্ঠিতব্য কোন বিশ্বকাপে অংশগ্রহণ করবে বাংলাদেশ?  
উত্তর: হকি যুব বিশ্বকাপে।
- প্রশ্ন: আন্তর্জাতিক ত্রিকোণে প্রথম বাংলাদেশি হিসেবে ছক্কার ডাবল-সেমিফির করেন কে?  
উত্তর: মাহমুদউল্লাহ রিয়াদ।
- প্রশ্ন: ফিফার ২০২৪ সালে বর্ষসেরা পুরুষ নির্বাচিত হন কে?  
উত্তর: ভিনিসিয়ুস জুনিয়র (রিয়াল মাদ্রিদ; ব্রাজিল)।
- প্রশ্ন: নারী অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপে চ্যাম্পিয়ন হয় কোন দেশ?  
উত্তর: ভারত; রানার্সআপ বাংলাদেশ।
- প্রশ্ন: সম্প্রতি বাংলাদেশের হয়ে খেলার জন্য ফিফার ছাড়পত্র পান কোন ফুটবলার?  
উত্তর: হামজা চৌধুরী।



# তথ্য প্রবাহ



## গত সংখ্যার বাকি অংশ

### আন্তর্জাতিক ❖ ২৫ নভেম্বর ২০২৪

— পর্তুগালের ক্যাসকেট্রে তিনদিনব্যাপী জাতিসংঘের দশম অ্যালায়েন্স অব সিভিলাইজেশন্স (UNAOC) গ্লোবাল ফোরামের বৈঠক শুরু।

### বাংলাদেশ ❖ ২৭ নভেম্বর ২০২৪

— খেলাপি ঋণ বিষয়ে নীতিমালা জারি করে কেন্দ্রীয় ব্যাংক।

### আন্তর্জাতিক

— লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ ও ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতি কার্যকর।

### বাংলাদেশ ❖ ২৮ নভেম্বর ২০২৪

— বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) (রহিতকরণ) অধ্যাদেশ, ২০২৪ জারি।

### আন্তর্জাতিক

— এশীয় উন্নয়ন ব্যাংকের (ADB) নতুন প্রেসিডেন্ট নির্বাচিত হন জাপানের মানাতো কাভা।

— অস্ট্রেলিয়ার আইনসভার উচ্চকক্ষে ১৬ বছরের কম বয়সি শিশুদের জন্য সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে নিষেধাজ্ঞা আরোপ করে বিল পাস।

### আন্তর্জাতিক ❖ ২৯ নভেম্বর ২০২৪

— ১৬ বছরের কম বয়সি শিশুদের জন্য সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে নিষেধাজ্ঞা আরোপ করে অস্ট্রেলিয়ার প্রতিনিধি পরিষদে বিল পাস।

### বাংলাদেশ ❖ ৩০ নভেম্বর ২০২৪

— খুলনায় বাংলাদেশ নৌবাহিনীর যুদ্ধজাহাজ 'বানৌজা বিষখালী'র কমিশনিং অনুষ্ঠিত।

## ডিসেম্বর

### বাংলাদেশ ❖ ১ ডিসেম্বর ২০২৪

— প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসের কাছে অর্থনীতির শ্বেতপত্র জমা দেওয়া হয়।

— ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলায় সম্পূরক অভিযোগপত্রের ভিত্তিতে বিচারিক আদালতের বিচার অবৈধ ও বাতিল ঘোষণা করে রায় দেয় হাইকোর্ট।

### আন্তর্জাতিক

— যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন তার ছেলে হান্টার বাইডেনকে ফৌজদারি অপরাধে কারাদণ্ড থেকে আনুষ্ঠানিকভাবে ক্ষমা করেন।

### বাংলাদেশ ❖ ২ ডিসেম্বর ২০২৪

— ভারতের আগরতলায় বাংলাদেশের সহকারী হাইকমিশনে পতাকা নামিয়ে তাতে আগুন দেয় এবং ভাঙচুর করে।

### বাংলাদেশ ❖ ৩ ডিসেম্বর ২০২৪

— থাইল্যান্ডকে হারিয়ে প্রথমবারের মতো হকি জুনিয়র বিশ্বকাপ নিশ্চিত করে বাংলাদেশ অনুর্ধ্ব-২১ দল।

### আন্তর্জাতিক

— নামিবিয়ার প্রথম নারী প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হন নেতাঘো নান্দিনি-নাদাইতওয়াহ।

— দক্ষিণ কোরিয়ায় সামরিক আইন জারি করে আবার প্রত্যাহার করেন দেশটির প্রেসিডেন্ট ইউন সুক-ইওল।

### আন্তর্জাতিক ❖ ৪ ডিসেম্বর ২০২৪

— ফ্রান্সের পার্লামেন্টে অনাস্থা ভোটে হেরে যান দেশটির প্রধানমন্ত্রী মিশেল বার্নিয়ে।

### বাংলাদেশ ❖ ৫ ডিসেম্বর ২০২৪

— উপদেষ্টা পরিষদের সভায় কাজী নজরুল ইসলামকে জাতীয় কবি ঘোষণা করে গেজেট প্রকাশের অনুমোদন।

### আন্তর্জাতিক

— যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় ৭.০ মাত্রার ভূমিকম্প আঘাত হানে।

### আন্তর্জাতিক ❖ ৭ ডিসেম্বর ২০২৪

— পৃথিবী, সূর্য ও বৃহস্পতি একই সরলরেখায় অবস্থান করে।

— অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত হওয়ার পাঁচ বছর পর আনুষ্ঠানিকভাবে আবারও চালু হয় ফ্রান্সের প্যারিসের ঐতিহাসিক নটর ডেম ক্যাথেড্রাল।

— ঘানার প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত।

### বাংলাদেশ ❖ ৮ ডিসেম্বর ২০২৪

— ১১তম এসিসি অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপ ট্রফিতে চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ।

— Bangladesh Law Officers (Amendment) Ordinance, ২০২৪ অধ্যাদেশ জারি।

### আন্তর্জাতিক

— ইসরায়েলের সেনাবাহিনী গোলান মালভূমির অসামরিক বাফার জোন সাময়িকভাবে দখলে নেয়।

### আন্তর্জাতিক ❖ ৯ ডিসেম্বর ২০২৪

— টোঙ্গার প্রধানমন্ত্রী সিওসি সোডালেনি পদত্যাগ করেন।

### বাংলাদেশ ❖ ১০ ডিসেম্বর ২০২৪

— চতুর্থ অর্থনৈতিক শুমারি শুরু।

### আন্তর্জাতিক

— সিরিয়ার প্রধানমন্ত্রী হিসেবে নিয়োগ পান মোহাম্মাদ আল-বশির।

— প্রথমবারের মতো নিয়ন্ত্রিত ডিজিটাল মুদ্রা স্টেবলকয়েনের অনুমোদন দেয় সংযুক্ত আরব আমিরাত।

## ডিসেম্বর ২০২৪ সংখ্যার সংশোধনী

পৃষ্ঠা	কলাম	লাইন	যা আছে	যা হবে
০৯	১	৩২	ঘ) উত্তর কোরিয়া	গ) লিচেনস্টেইন
৯১	২	৩৫	১৯৫৮	১৮৫৮

**বাংলাদেশ ❖ ১১ ডিসেম্বর ২০২৪**  
— যুক্তরাষ্ট্রের হাওয়াইয়ে দু'দিনব্যাপী ১১তম বাংলাদেশ-যুক্তরাষ্ট্র দ্বিপাক্ষিক সামরিক সংলাপ শুরু।

**আন্তর্জাতিক**

— দ্বৈত কর পরিহার চুক্তির আওতায় ভারতকে 'সবচেয়ে অনুকূল' বা 'সবচেয়ে সুবিধাপ্রাপ্ত দেশের' মর্যাদা প্রত্যাহার করে সুইজারল্যান্ড।

**বাংলাদেশ ❖ ১২ ডিসেম্বর ২০২৪**  
— আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা সভাপতি মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান ভাসানীর ১৪৫তম জন্মবার্ষিকী।

**বাংলাদেশ ❖ ১৩ ডিসেম্বর ২০২৪**  
— দ্রোহের কবি হেলাল হাফিজ মারা যান।

**আন্তর্জাতিক**

— ফ্রান্সের নতুন প্রধানমন্ত্রী হিসেবে নিয়োগ পান ফ্রান্সোয়া বায়রু।

**বাংলাদেশ ❖ ১৪ ডিসেম্বর ২০২৪**  
— চার দিনের সফরে ঢাকায় পৌঁছেন পূর্ব তিমুরের প্রেসিডেন্ট জোসে রামোস হোর্তা।

— গুম-সংক্রান্ত তদন্ত কমিশন 'আনফোল্ডিং দ্য ট্রুথ' (সত্য উন্মোচন) শীর্ষক প্রতিবেদন প্রধান উপদেষ্টার কাছে জমা দেয়।

**বাংলাদেশ ❖ ১৫ ডিসেম্বর ২০২৪**  
— যুক্তরাষ্ট্রের মহাকাশবিষয়ক সংস্থা নাসার প্রধান নভোচারী জোসেফ এম আকাবা ঢাকা পৌঁছেন।

**বাংলাদেশ ❖ ১৬ ডিসেম্বর ২০২৪**  
— মহান বিজয় দিবসে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস 'জাতীয় ঐকমত্য গঠন কমিশন' গঠনের ঘোষণা দেন।

**বাংলাদেশ ❖ ১৭ ডিসেম্বর ২০২৪**  
— নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত করা-সংক্রান্ত পঞ্চদশ সংশোধনী আইনের দুটি ধারা সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক বলে বাতিল ঘোষণা করে হাইকোর্ট।

**আন্তর্জাতিক**

— ভারতের সংসদে 'এক দেশ এক ভোট' বিল পেশ।

**বাংলাদেশ ❖ ১৮ ডিসেম্বর ২০২৪**  
— পেটেন্ট গেটওয়ে সিস্টেম পেপারলেস লিমিটেডের যাত্রা শুরু।

**বাংলাদেশ ❖ ১৯ ডিসেম্বর ২০২৪**  
— দ্য ইকোনমিস্টের কাঙ্ক্ষিত অবদ্য ইয়ার ২০২৪ খেতাবে ভূষিত হয় বাংলাদেশ।

**আন্তর্জাতিক**

— মিসরের রাজধানী কায়রোতে ১১তম ডি-৮ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত।

**বাংলাদেশ ❖ ২০ ডিসেম্বর ২০২৪**  
— ১৭তম আন্তর্জাতিক স্বল্পদৈর্ঘ্য ও মুক্ত চলচ্চিত্র উৎসব ঢাকায় শুরু।

**আন্তর্জাতিক**

— যুক্তরাষ্ট্র স্লিপ অ্যাপনিয়ার (ঘুমের মধ্যে শ্বাস বন্ধ হয়ে যাওয়া) চিকিৎসায় প্রথমবারের মতো ওষুধ অনুমোদন দেয় FDA।

**বাংলাদেশ ❖ ২১ ডিসেম্বর ২০২৪**  
— বাংলাদেশে নারীদের প্রথম শ্রেণির ক্রিকেট প্রতিযোগিতা শুরু।

— গণঅভ্যুত্থানে শহিদ ও আহত ব্যক্তিদের প্রথম ধাপের খসড়া তালিকা প্রকাশ করে তথ্য অধিদপ্তর।

**বাংলাদেশ ❖ ২৩ ডিসেম্বর ২০২৪**  
— বিডিআর হত্যাকাণ্ডের ঘটনায় সাত সদস্যের জাতীয় স্বাধীন তদন্ত কমিশন গঠন।

— একনেক সভায় মৌলভীবাজারের 'বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারি পার্ক' প্রকল্প বাতিল করা হয়।

— মেয়েদের প্রথম শ্রেণির ক্রিকেটে প্রথম সেঞ্চুরি করেন নিগার সুলতানা।

**বাংলাদেশ ❖ ২৪ ডিসেম্বর ২০২৪**  
— উপদেষ্টা পরিষদের বৈঠকে সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৪- এর খসড়া অনুমোদন।

— উপদেষ্টা পরিষদ গণভবনে জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর প্রতিষ্ঠার প্রস্তাব অনুমোদন।

**আন্তর্জাতিক**

— আনুষ্ঠানিকভাবে যুক্তরাষ্ট্রের জাতীয় পাখির স্বীকৃতি পায় 'বাল্ড ইগল'।

**বাংলাদেশ ❖ ২৫ ডিসেম্বর ২০২৪**  
— রাষ্ট্রীয় গণমাধ্যম বাংলাদেশ টেলিভিশনের ৬০ বছর পূর্তি।

**আন্তর্জাতিক ❖ ২৭ ডিসেম্বর ২০২৪**  
— জার্মানির পার্লামেন্ট বুন্ডেসট্যাগ ভেঙে দেন দেশটির প্রেসিডেন্ট ফ্যাক ওয়ালটার স্টেইনমায়ার।

— দক্ষিণ কোরিয়ার ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট হান ডাক-সু অভিশংসিত হন  
— ইউরোপে পণ্য সরবরাহের লক্ষ্যে চীন, কিরগিজস্তান ও উজবেকিস্তানকে সংযুক্ত করে নতুন রেলপথ নির্মাণ কাজের উদ্বোধন।

— নাসার 'পার্কার সোলার প্রোব' মহাকাশযান সফলভাবে সূর্যের কাছাকাছি যেতে সক্ষম হয়।

**বাংলাদেশ ❖ ২৮ ডিসেম্বর ২০২৪**  
— হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে যাত্রী ভোগান্তি কমাতে 'ফাস্ট ট্র্যাক সার্ভিস' নামে নতুন সেবা চালু।

**বাংলাদেশ ❖ ২৯ ডিসেম্বর ২০২৪**  
— ৪৭তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার আবেদন শুরু।

**আন্তর্জাতিক**

— ৩৯তম মার্কিন প্রেসিডেন্ট জিমি কার্টার মারা যান।

**বাংলাদেশ ❖ ৩১ ডিসেম্বর ২০২৪**  
— 'জুলাই বিপ্লবের ঘোষণাপত্র' প্রকাশ করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটি।

**শীর্ষ সংবাদ**

- ২৬ নভেম্বর : যমুনা রেলওয়ে সেতু দিয়ে প্রথম পরীক্ষামূলক ট্রেন চলে।
- ০৮ ডিসেম্বর : সিরিয়ার স্বৈরশাসক বাশার আল আসাদের পতন।
- ০৯ ডিসেম্বর : জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হয় বাংলাদেশ।
- ১০ ডিসেম্বর : চট্টগ্রামের সন্দ্বীপকে দেশের প্রথম উপকূলীয় নদীবন্দর ঘোষণা।
- ১১ ডিসেম্বর : দেশের সরকারি নিয়োগ পরীক্ষার আবেদন ফি সর্বোচ্চ ২০০ টাকা নির্ধারণ করে প্রজ্ঞাপন জারি।  
: ২০৩৪ সালের বিশ্বকাপ ফুটবল আয়োজনের স্বত্ব অর্জন করে সৌদি আরব।
- ১৪ ডিসেম্বর : দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট ইউন সুক ইওল অভিশংসিত হন।
- ১৫ ডিসেম্বর : বাস র্যাপিড ট্রানজিট (BRT) প্রকল্পে বাস সার্ভিস চালু।
- ১৯ ডিসেম্বর : তিন ম্যাচের টি-২০ সিরিজে ওয়েস্ট ইন্ডিজকে হোয়াইটওয়াশ করে বাংলাদেশ।
- ২৪ ডিসেম্বর : দেশের ৪৯তম জেলা হিসেবে রেল নেটওয়ার্কে যুক্ত হয় নড়াইল।

# সাম্প্রতিক MCQ

## গুরুত্বপূর্ণ প্রশ্ন

কারেন্ট অ্যাফেয়ার্স

উত্তর

১. ক
২. ঘ
৩. ক
৪. ক
৫. ঘ
৬. খ
৭. ক
৮. ক
৯. ঘ
১০. খ
১১. ক
১২. ঘ
১৩. গ
১৪. গ
১৫. খ
১৬. ক
১৭. গ
১৮. খ
১৯. গ
২০. ক
২১. গ
২২. ক
২৩. ক

### বাংলাদেশ

১. ৯ ডিসেম্বর ২০২৪ বিশ্বের কোন সাময়িকী তাদের প্রতিবেদনে ড. মুহাম্মদ ইউনূসকে 'The Revolutionary Economist' হিসেবে আখ্যায়িত করেন?
  - ক) Nature
  - খ) The Economist
  - গ) Time
  - ঘ) The New York Times
২. ২৮ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত দেশে নদীবন্দর কতটি?
  - ক) ৫০টি
  - খ) ৫১টি
  - গ) ৫২টি
  - ঘ) ৫৩টি
৩. দেশের ৫৩তম নদীবন্দর কোনটি?
  - ক) সন্দ্বীপ উপকূলীয় নদীবন্দর, চট্টগ্রাম
  - খ) মোহনগঞ্জ নদীবন্দর, নেত্রকোনা
  - গ) ভোলাগঞ্জ নদীবন্দর, সিলেট
  - ঘ) আমতলী নদীবন্দর, বরগুনা
৪. 'জাতীয় ঐকমত্য গঠন কমিশন'-এর চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন কে?
  - ক) প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস
  - খ) রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন
  - গ) প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ
  - ঘ) প্রধান নির্বাচন কমিশনার এ. এম. এম. নাসির উদ্দীন
৫. ২৮ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক পণ্য কতটি?
  - ক) ৪৮টি
  - খ) ৪৯টি
  - গ) ৫০টি
  - ঘ) ৫১টি
৬. বাংলাদেশের ৫১তম ভৌগোলিক নির্দেশক পণ্য কোনটি?
  - ক) অষ্টগ্রামের পনির
  - খ) দিনাজপুরের বেদানা লিচু
  - গ) কুমারখালীর বেডশিট
  - ঘ) বরিশালের আমড়া
৭. দুর্নীতি দমন কমিশনের (দুদক) বর্তমান চেয়ারম্যান কে?
  - ক) ড. মোহাম্মদ আবদুল মোমেন
  - খ) মিঞা মুহাম্মদ আলি আকবার আজিজী
  - গ) বি. জে. (অব.) হাফিজ আহসান ফরিদ
  - ঘ) মীর রুহুল আমিন
৮. বাংলাদেশি তৈরি পোশাকের শীর্ষ ক্ষেত্র প্রতিষ্ঠান কোনটি?
  - ক) এইচঅ্যান্ডএম, সুইডেন
  - খ) ইন্ডিটেক্স, স্পেন
  - গ) প্রাইমার্ক, আয়ারল্যান্ড
  - ঘ) বেস্টসেলার, ডেনমার্ক
৯. ২৮ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত দেশের কতটি জেলা রেলওয়ে নেটওয়ার্কে যুক্ত রয়েছে?
  - ক) ৪৬টি
  - খ) ৪৭টি
  - গ) ৪৮টি
  - ঘ) ৪৯টি
১০. ২৪ ডিসেম্বর ২০২৪ দেশের ৪৯তম জেলা হিসেবে রেলওয়ে নেটওয়ার্কে যুক্ত হয় কোনটি?
  - ক) বাগেরহাট
  - খ) নড়াইল
  - গ) কক্সবাজার
  - ঘ) মাগুরা

### আন্তর্জাতিক

১১. সিরিয়ার শৈরশাসক বাশার আল আসাদের পতন হয় কবে?
  - ক) ৮ ডিসেম্বর ২০২৪
  - খ) ৯ ডিসেম্বর ২০২৪
  - গ) ১০ ডিসেম্বর ২০২৪
  - ঘ) ১২ ডিসেম্বর ২০২৪
১২. সিরিয়ার শৈরশাসক বাশার আল আসাদবিরোধী অভ্যুত্থানের সূত্রিকাগার শহর কোনটি?
  - ক) আলেক্সেপ্পো
  - খ) হোমস
  - গ) হামা
  - ঘ) দারা
১৩. ২০২৪ সালে কোন দেশে Dinga Dinga (নাচের মতো কাপুনি) নামের নতুন আইরাসের সংক্রমণ শুরু হয়?
  - ক) দক্ষিণ সুদান
  - খ) তানজানিয়া
  - গ) উগান্ডা
  - ঘ) রুয়ান্ডা
১৪. বিশ্বের প্রথম কার্বন-নিরপেক্ষ শিশু কে?
  - ক) আবির
  - খ) আদিবা
  - গ) আদাভি
  - ঘ) রঞ্জন
১৫. জর্জিয়ার বর্তমান প্রেসিডেন্ট মিখাইল কাভ্লেলাশভিলি পেশায় কোন ক্রীড়াবিদ ছিলেন?
  - ক) ক্রিকেটার
  - খ) ফুটবলার
  - গ) অ্যাথলেট
  - ঘ) টেনিস
১৬. ২৩ ডিসেম্বর ২০২৪ আনুষ্ঠানিকভাবে যুক্তরাষ্ট্রের জাতীয় পাখির স্বীকৃতি পায় কোন পাখি?
  - ক) বাল্ড ইগল
  - খ) পেঙ্গুইন
  - গ) কবুতর
  - ঘ) তিমি
১৭. ফ্রান্সের বর্তমান প্রধানমন্ত্রী কে?
  - ক) এমানুয়েল ম্যাক্রোঁ
  - খ) মিশেল বার্নিয়ের
  - গ) ফ্রান্সোয়া বায়রু
  - ঘ) ম্যানুয়েল ভালস
১৮. বর্তমানে স্বল্পোন্নত দেশ (LDC) কতটি?
  - ক) ৪৩টি
  - খ) ৪৪টি
  - গ) ৪৫টি
  - ঘ) ৪৬টি
১৯. সর্বশেষ কোন দেশ স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণ ঘটে?
  - ক) ভুটান
  - খ) বাংলাদেশ
  - গ) সাওটোমে অ্যান্ড প্রিন্সিপে
  - ঘ) লাওস
২০. UNCTAD'র বর্তমান পূর্ণরূপ কী?
  - ক) UN Trade and Development
  - খ) UN Conference on Trade and Development
  - গ) UN Tariff and Development
  - ঘ) UN Commission on Trade and Development
২১. যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা ফেডারেল ব্যুরো অফ ইন্ভেস্টিগেশনের নবম পরিচালক কে?
  - ক) জন র্যাটক্রিফ
  - খ) এলিস স্টেফানিক
  - গ) কাশ প্যাটেল
  - ঘ) টম হোম্যান

### সংস্থার প্রধান

২২. ১৯ ডিসেম্বর ২০২৪ জি-৮ এর চেয়ার হিসেবে দায়িত্ব গ্রহণ করেন কে?
  - ক) আবদেল ফাতাহ আল-সিসি (মিসর)
  - খ) প্রাবোও সুবিয়াস্তো (ইন্দোনেশিয়া)
  - গ) ড. মুহাম্মদ ইউনূস (বাংলাদেশ)
  - ঘ) আনোয়ার ইব্রাহিম (মালয়েশিয়া)
২৩. ১ ডিসেম্বর ২০২৪ আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (ICC) চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন কে?
  - ক) জয় শাহ
  - খ) শচীন টেডুলকার
  - গ) রবি শাস্ত্রী
  - ঘ) বীরেন্দ্র শেবাগ

২৪. ১ জানুয়ারি ২০২৫ G7'র চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন কে?  
 ক) ইমানুয়েল ম্যাক্রোন (খ) জর্জিয়া মেলোনি  
 গ) জাস্টিন ট্রুডো (ঘ) শিগেরু ইশিবা
২৫. ইউরোপীয় কাউন্সিলের বর্তমান প্রেসিডেন্ট কে?  
 ক) চার্লস মিশেল (খ) অ্যান্টোনিও কস্তা  
 গ) লুইস মন্টিনিয়ো (ঘ) মার্সেলো রেবেলো
২৬. ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্রবিষয়ক প্রধানের নাম কী?  
 ক) উরসুলা ভন ডার লেন (খ) জোশেফ বোরেল  
 গ) চার্লস মিশেল (ঘ) কাজা কাল্লাস
২৭. ১ জানুয়ারি ২০২৬ ডি-৮-এর পরবর্তী মহাসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন কে?  
 ক) দিপো আলম (ইন্দোনেশিয়া)  
 খ) আয়হান কামেল (তুরস্ক)  
 গ) সোহেল মাহমুদ (পাকিস্তান)  
 ঘ) সৈয়দ আলী মোহাম্মদ মুসাভি (ইরান)

### সম্মেলন

২৮. ১১তম ডি-৮ শীর্ষ সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?  
 ক) ৮ ডিসেম্বর ২০২৪ (খ) ৯ ডিসেম্বর ২০২৪  
 গ) ১৮ ডিসেম্বর ২০২৪ (ঘ) ১৯ ডিসেম্বর ২০২৪
২৯. ১১তম ডি-৮ শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?  
 ক) তেহরান, ইরান (খ) আবুজা, নাইজেরিয়া  
 গ) কায়রো, মিসর (ঘ) ইসলামাবাদ, পাকিস্তান

### সংস্থার সদস্য

৩০. আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিলের (IFAD) বর্তমান সদস্য দেশ কতটি?  
 ক) ১৭৮ (খ) ১৮০ (গ) ১৮২ (ঘ) ১৮৪
৩১. ২৭ নভেম্বর ২০২৪ কোন দেশ IFAD'র ১৮০তম সদস্যপদ লাভ করে?  
 ক) কসোভো (খ) ইউক্রেন  
 গ) লিথুয়ানিয়া (ঘ) সার্বিয়া
৩২. আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার (IAEA) বর্তমান সদস্য কত?  
 ক) ১৭৫টি (খ) ১৭৭টি (গ) ১৭৯টি (ঘ) ১৮০টি
৩৩. ১৫ নভেম্বর ২০২৪ কোন দেশ IAEA'র ১৮০ তম সদস্যপদ লাভ করে?  
 ক) সেন্ট লুসিয়া (খ) সামোয়া  
 গ) সোমালিয়া (ঘ) কুক দ্বীপপুঞ্জ
৩৪. ডি-৮'র বর্তমান সদস্য কত?  
 ক) ৮টি (খ) ৯টি (গ) ১০টি (ঘ) ১১টি
৩৫. ১৯ ডিসেম্বর ২০২৪ কোন দেশ ডি-৮'র নবম সদস্যপদ লাভ করে?  
 ক) মালদ্বীপ (খ) সৌদি আরব  
 গ) আজারবাইজান (ঘ) ইরাক

### বর্ষসেরা

৩৬. ২০২৪ সালের টাইম বর্ষসেরা ব্যক্তিত্ব হন কে?  
 ক) সি চিন পিং (চীন) (খ) ভ্লাদিমির পুতিন (রাশিয়া)  
 গ) ডোনাল্ড ট্রাম্প (যুক্তরাষ্ট্র)  
 ঘ) ভলোদিমির জেলেনস্কি (ইউক্রেন)

৩৭. ২০২৪ সালের ফিফা বর্ষসেরা খেলোয়াড় হন কে?  
 ক) জুড বেলিংহ্যাম (খ) রদ্রি  
 গ) লিওনেল মেসি (ঘ) ভিনিসিয়ুস জুনিয়র
৩৮. Forbes'র ২০২৪ সালের প্রতিবেদন অনুযায়ী বিশ্বের ক্ষমতাধর নারী কে?  
 ক) উরসুলা ভন ডার লেন (খ) ক্রিস্টিন লার্গাদ  
 গ) ক্লদিয়া শেনবাউম (ঘ) জর্জিয়া মেলোনি
৩৯. জাতিসংঘ ঘোষিত ২০২৫ সাল কোন বর্ষ?  
 ক) আন্তর্জাতিক সমবায় বর্ষ  
 খ) আন্তর্জাতিক কোয়ান্টাম বিজ্ঞান ও প্রযুক্তি বর্ষ  
 গ) আন্তর্জাতিক শান্তি ও আস্থা বছর  
 ঘ) উপরের সবগুলো
৪০. ২০২৫ সালের ওয়ার্ল্ড বুক ক্যাপিটাল কোনটি?  
 ক) স্ট্রাসবার্গ, ফ্রান্স (খ) বৈরুত (লেবানন)  
 গ) রিও ডি জেনিরো (ব্রাজিল) (ঘ) আক্রা (ঘানা)
৪১. ২০২৪ সালের অক্সফোর্ডের বর্ষসেরা শব্দ কোনটি?  
 ক) Colesworth (খ) Manifest  
 গ) Brain Rot (ঘ) Brat
৪২. যুক্তরাজ্যের সাপ্তাহিক সাময়িকী The Economist এর ২০২৪ সালের বর্ষসেরা দেশ কোনটি?  
 ক) বাংলাদেশ (খ) সিরিয়া  
 গ) আর্জেন্টিনা (ঘ) দক্ষিণ আফ্রিকা

### রিপোর্ট সমীক্ষা

৪৩. ২০২৪ সালের বৈশ্বিক টেকসই প্রতিযোগিতামূলক সূচকে শীর্ষ দেশ কোনটি?  
 ক) সুইডেন (খ) ফিনল্যান্ড  
 গ) ডেনমার্ক (ঘ) সুইজারল্যান্ড
৪৪. ২০২৪ সালের বৈশ্বিক টেকসই প্রতিযোগিতামূলক সূচকে সর্বনিম্ন দেশ কোনটি?  
 ক) দক্ষিণ সুদান (খ) লিবিয়া  
 গ) ইরিত্রিয়া (ঘ) সোমালিয়া
৪৫. ২০২৪ সালের বৈশ্বিক টেকসই প্রতিযোগিতামূলক সূচকে বাংলাদেশের অবস্থান কত?  
 ক) ৯০তম (খ) ১১৬তম (গ) ১২০তম (ঘ) ১২৭তম

### ক্রীড়াঙ্গন

৪৬. ২০২৪ সালের ১১তম ACC অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপ ক্রিকেটে চ্যাম্পিয়ন হয় কোন দেশ?  
 ক) শ্রীলংকা (খ) পাকিস্তান (গ) ভারত (ঘ) বাংলাদেশ
৪৭. ২০৩৪ সালে ২৫তম বিশ্বকাপ ফুটবল কোন দেশে অনুষ্ঠিত হবে?  
 ক) সৌদি আরব (খ) জাপান (গ) কাতার (ঘ) চীন
৪৮. একাদশ বাংলাদেশ প্রিমিয়ার লিগের (BPL) মাসকট কী?  
 ক) বিপ্রব ২৪ (খ) ডানা ৫ (গ) দোহ ২৪ (ঘ) ডানা ৩৬
৪৯. বিশ্ব দাবা চ্যাম্পিয়নশিপে কনিষ্ঠতম চ্যাম্পিয়ন কে?  
 ক) মনন রেজা নীড় (খ) গুরুেশ ডোমরাজ  
 গ) গ্যারি কাসপারভ (ঘ) বিশ্বনাথ আনন্দ
৫০. বাংলাদেশের নারীদের প্রথম শ্রেণির ক্রিকেটে প্রথম সেন্সুরিয়ান কে?  
 ক) নাহিদা আক্তার (খ) ফারজানা হক পিথকি  
 গ) নিগার সুলতানা জ্যোতি (ঘ) জন্নাভুল ফেরদৌস সূমনা

কারেন্ট অ্যাফেয়ার্স

উত্তর

২৪. গ  
 ২৫. খ  
 ২৬. ঘ  
 ২৭. গ  
 ২৮. ঘ  
 ২৯. গ  
 ৩০. খ  
 ৩১. গ  
 ৩২. ঘ  
 ৩৩. গ  
 ৩৪. খ  
 ৩৫. গ  
 ৩৬. গ  
 ৩৭. ঘ  
 ৩৮. ক  
 ৩৯. ঘ  
 ৪০. গ  
 ৪১. গ  
 ৪২. ক  
 ৪৩. ক  
 ৪৪. ঘ  
 ৪৫. খ  
 ৪৬. ঘ  
 ৪৭. ক  
 ৪৮. ঘ  
 ৪৯. খ  
 ৫০. গ



## Recent Info Inquiry

### Bangladesh

Ques : Which Bangladeshi has become a part of Nature's 10, a list of people who shaped science in 2024?

Ans : Dr. Muhammad Yunus.

Ques : Seventh chairman of the Anti-Corruption Commission (ACC)—

Ans : Dr. Mohammad Abdul Momen.

Ques : From 10 December 2024 which Embassy will be processing Schengen visa applications of 8 countries?

Ans : Swedish Embassy in Dhaka.

Ques : On what date the issuance of a gazette declaring Kazi Nazrul Islam as Bangladesh's national poet was approved by the interim government?

Ans : 5 December 2024.

Ques : Name of the warship added to Bangladesh Navy on 30 November 2024?

Ans : BNS Bishkhali.

Ques : On what date trial train run on Bangabandhu Sheikh Mujib Railway Bridge took place?

Ans : 26 November 2024.

Ques : Government intends to incorporate which theory to Sustainable Development Goals (SDGs)?

Ans : Three Zeros Theory.

Ques : On 9 December 2024 Bangladesh was elected vice president of which organization for 2025?

Ans : United Nations Human Rights Council (UNHRC).

Ques : Which Bangladeshi woman has been included in BBC's list of 100 Women for 2024?

Ans : Rikta Akhtar Banu.

Ques : What does 'Cabin 117' signify?

Ans : It is a room at BSMMU where the national poet breathed his last.

Ques : What does 'Room Number 2011' signify?

Ans : A short film created in memory of BUET student Abrar Fahad.

Ques : According to Unicef Bangladesh ranks which position in the world for lead pollution affecting children?

Ans : Fourth.

Ques : On what date poet Helal Hafiz passed away?

Ans : 13 December 2024.

Ques : From what date Thailand will launch e-visa service for Bangladeshis?

Ans : 2 January 2025.

Ques : Which weekly journal has named Bangladesh 'Country of the Year' for 2024?

Ans : The Economist.

### International

Ques : Who has been elected as Namibia's first female president?

Ans : Netumbo Nandi-Ndaitwah.

Ques : Who has been appointed Prime Minister of Syrian interim government?

Ans : Mohammed al-Bashir.

Ques : For which reason South Korean President Yoon Suk-yeol has been impeached by the National Assembly?

Ans : For his short-lived attempt to impose martial law.

Ques : Which country has been crowned 'Leading Green Destination' by the World Travel Awards (WTA) 2024?

Ans : Maldives.

Ques : In which country 'Sednaya Prison' is located?

Ans : Syria.

Ques : Which country is building a digital copy of the country to preserve its land and statehood from rising sea level?

Ans : Tuvalu.

Ques : Who won Ghana's presidential election held on 7 December 2024?

Ans : Former President John Dramani Mahama.

Ques : 2024 TIME person of the year—

Ans : Donald Trump.

Ques : Prime minister of France appointed in December 2024—

Ans : Francois Bayrou (Fourth French prime minister nominated in 2024).

Ques : On 19 December 2024 which country hosted 11th D-8 Summit?

Ans : Arab Republic of Egypt.

### Science and Technology

Ques : In which country Elon Musk's Neuralink received approval to conduct its first global trial to evaluate a brain implant?

Ans : Canada.

Ques : What is the name of NASA mission to send a robotic rotorcraft to the surface of Titan?

Ans : Dragonfly.

### Sports

Ques : According to FIFA announcement on 11 December 2024 which country will hold Football World Cup in 2034?

Ans : Saudi Arabia.

Ques : Who Wins 2024 FIDE World Championship?

Ans : Gukesh Dommaraju (India).

Ques : The mascot of the 2025 Bangladesh Premier League (BPL) is—

Ans : Dana 36.

Ques : Defending champion of U-19 Men's Asia Cup 2024—

Ans : Bangladesh (beat India in the final by 59 runs).

# দশ দিগন্ত



## নব-নিযুক্ত

### বাংলাদেশ

#### সিনিয়র সচিব

- স্বরাষ্ট্র মন্ত্রণালয় : ড. নাসিমুল গনি; নিয়োগ ২২ ডিসেম্বর ২০২৪।
- নির্বাচন কমিশন সচিবালয়: আখতার হোসেন; নিয়োগ ৫ ডিসেম্বর ২০২৪।

#### মহাপরিচালক

- জাতীয় পরিচয়পত্র নিবন্ধন অনুবিভাগ : এ এস এম হুমায়ুন কবীর; নিয়োগ ৩ ডিসেম্বর ২০২৪।
- বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ : খন্দকার মোহাম্মদ আব্দুল্লাহ আল মাহমুদ; নিয়োগ ৩ ডিসেম্বর ২০২৪।
- ইসলামিক ফাউন্ডেশন : আ. ছালাম খান; নিয়োগ ১৮ ডিসেম্বর ২০২৪।
- বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট : বিচারপতি মো. এমদাদুল হক; নিয়োগ ১৯ নভেম্বর ২০২৪।
- চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (DFP) : খালেদা বেগম; নিয়োগ ২৩ ডিসেম্বর ২০২৪।

#### বিভাগীয় কমিশনার

- খুলনা : মো. ফিরোজ সরকার; দায়িত্ব গ্রহণ ৮ ডিসেম্বর ২০২৪।
- রাজশাহী : খন্দকার আজিম আহমেদ; দায়িত্ব গ্রহণ ২ ডিসেম্বর ২০২৪।
- সিলেট : খান মো. রেজা-উন-নবী; দায়িত্ব গ্রহণ ২ ডিসেম্বর ২০২৪।
- চট্টগ্রাম : মো. জিয়াউদ্দীন; দায়িত্ব গ্রহণ ২ ডিসেম্বর ২০২৪।

#### চেয়ারম্যান

- বাংলাদেশ প্রেস কাউন্সিল : সাবেক বিচারপতি এ কে এম আবদুল হাকিম; যোগদান ১ ডিসেম্বর ২০২৪।
- পায়রা বন্দর কর্তৃপক্ষ : রিয়ার অ্যাডমিরাল মাসুদ ইকবাল; নিয়োগ ১৭ ডিসেম্বর ২০২৪।

#### উপাচার্য

- কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় : অধ্যাপক ড. মুহা. রাশেদুল ইসলাম; যোগদান ২ ডিসেম্বর ২০২৪।
- মুজিবনগর বিশ্ববিদ্যালয় : অধ্যাপক শেখ বখতিয়ার উদ্দিন; নিয়োগ ২ ডিসেম্বর ২০২৪।

#### দুর্নীতি দমন কমিশন (দুদক)

- চেয়ারম্যান : মোহাম্মদ আবদুল মোমেন (সাবেক সচিব)।
- কমিশনার : মিয়া মোহাম্মদ আলী আকবর আজিজি (অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ) এবং ব্রিগেডিয়ার জেনারেল (অব.) হাফিজ আহসান ফরিদ।

#### বিবিধ

- সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ : ড. খ. ম. কবিরুল ইসলাম; নিয়োগ ৫ ডিসেম্বর ২০২৪।
- রাষ্ট্রপতির প্রেস সচিব : মো. সরওয়ার আলম; নিয়োগ ২৩ ডিসেম্বর ২০২৪।
- সদস্য, পরিকল্পনা কমিশন : মোহাম্মদ মাহবুবুর রহমান; নিয়োগ ৩ ডিসেম্বর ২০২৪।
- সভাপতি, জাতীয় জাদুঘর : স্থপতি মেরিনা তাবাসসুম; নিয়োগ ১৯ ডিসেম্বর ২০২৪।

## আন্তর্জাতিক

#### প্রেসিডেন্ট

- জর্জিয়া : মিখাইল কাভেলাশভিলি; দায়িত্ব গ্রহণ ২৯ ডিসেম্বর ২০২৪।
- ঘানা : জন মাহরাম; দায়িত্ব গ্রহণ করবেন ৭ জানুয়ারি ২০২৫।
- উরুগুয়ে : ইয়ামান্দু ওরসি; দায়িত্ব গ্রহণ করবেন ১ মার্চ ২০২৫।
- মরিশাস : ধারম গোকুল; দায়িত্ব গ্রহণ ৬ ডিসেম্বর ২০২৪।

#### প্রধানমন্ত্রী

- ফ্রান্স : ফ্রাঁসোয়া বায়রু; দায়িত্ব গ্রহণ ১৩ ডিসেম্বর ২০২৪।
- বুর্কিনা ফাসো : জেন ইমানুয়েল ওউয়েদোগো; দায়িত্ব গ্রহণ ৭ ডিসেম্বর ২০২৪।
- লিথুয়ানিয়া : জিনতাউটাস পালুকাস; দায়িত্ব গ্রহণ ১২ ডিসেম্বর ২০২৪।
- আইসল্যান্ড : ক্রিস্টরান ফ্রস্টেডজির; দায়িত্ব গ্রহণ ২১ ডিসেম্বর ২০২৪।

#### বিবিধ

- প্রেসিডেন্ট, ইউরোপীয় কাউন্সিল : অ্যান্তোনিও কস্তা (পর্তুগাল); দায়িত্ব গ্রহণ ১ ডিসেম্বর ২০২৪।
- ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্র বিষয়ক প্রধান : কাজা ক্যালাস (এস্তোনিয়া); দায়িত্ব গ্রহণ ১ ডিসেম্বর ২০২৪।
- পরিচালক, যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা FBI : কাশ প্যাটেল; মনোনয়ন ৩০ নভেম্বর ২০২৪।
- চেয়ারম্যান, ফিলিস্তিনি কর্তৃপক্ষ (PA) : রাওহি ফাত্তোহ; মনোনয়ন ২৭ ডিসেম্বর ২০২৪।
- প্রশাসক, ন্যাশনাল অ্যারোনটিক্স অ্যান্ড স্পেস অ্যাডমিনিস্ট্রেশন (NASA) : জ্যারেড আইজাকম্যান; মনোনয়ন ৪ ডিসেম্বর ২০২৪।
- চীনে মার্কিন রাষ্ট্রদূত : ডেভিড পারডু; মনোনয়ন ৫ ডিসেম্বর ২০২৪।

### ADB'র নতুন প্রেসিডেন্ট

২৮ নভেম্বর ২০২৪ এশীয় উন্নয়ন ব্যাংকের (ADB) ১১তম প্রেসিডেন্ট নির্বাচিত হন মাসাতো কাভা। কাভা বর্তমানে জাপানের প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর বিশেষ উপদেষ্টা হিসেবে কাজ করছেন। ২৪ ফেব্রুয়ারি ২০২৫ তিনি বর্তমান প্রেসিডেন্ট মাসাতসুগু আসাকাওয়ার স্থলাভিষিক্ত হবেন।



### নামিবিয়ায় প্রথম নারী প্রেসিডেন্ট

৩ ডিসেম্বর ২০২৪ নামিবিয়ার ক্ষমতাসীন South West Africa People's Organization (SWAPO) দলের নেত্রী নেতুম্বো নান্দিনাদাইতওয়া দেশটির প্রেসিডেন্ট নির্বাচিত হন। ২১ মার্চ ২০২৫ দায়িত্ব গ্রহণ করলে তিনি হবেন দেশটির প্রথম নারী প্রেসিডেন্ট। ২৯ অক্টোবর ১৯৫২ জন্মগ্রহণ করা নান্দিনাদাইতওয়া ৪ ফেব্রুয়ারি ২০২৪ থেকে নামিবিয়ার ভাইস প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করছেন।



## অনন্তলোকে

❖ সি. বি. জামান (মৃত্যু : ২০ ডিসেম্বর ২০২৪) : চলচ্চিত্র পরিচালক ও অভিনেতা। তিনি আসামের গৌরীপুরে জন্মগ্রহণ করেন। তার উল্লেখযোগ্য চলচ্চিত্র— ঝড়ের পাখি (১৯৭৩), উজান ভাটি (১৯৮২), পুরস্কার (১৯৮৩), শুভরাত্রি (১৯৮৫), হাসি (১৯৮৬), লাল গোলাপ (১৯৮৯) ও কুসুম কলি (১৯৯০)। তার পরিচালিত চলচ্চিত্র 'পুরস্কার' ১৯৮৩ সালে পাঁচটি বিভাগে জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করে।

❖ এ এফ হাসান আরিফ (১০ জুলাই ১৯৪১-২০ ডিসেম্বর ২০২৪) : সাবেক অ্যাটর্নি জেনারেল, অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা। তিনি কলকাতায় জন্মগ্রহণ করেন। তিনি ১৪ অক্টোবর ২০০১-৩০ এপ্রিল ২০০৫ পর্যন্ত বাংলাদেশের ১১তম অ্যাটর্নি জেনারেল ছিলেন। ২০০৮ সালের জানুয়ারি থেকে ২০০৯ সালের জানুয়ারি পর্যন্ত তিনি উপদেষ্টা ছিলেন। ৮ আগস্ট ২০২৪ অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা হিসেবে নিযুক্ত হন।



❖ নাজিব ইসমাইল রাসেল (মৃত্যু : ৭ ডিসেম্বর ২০২৪) : দেশের প্রথম আন্তর্জাতিক ব্যাডমিন্টন অম্পায়ার। বিশ্ব ব্যাডমিন্টন ফেডারেশনের প্যানেলভুক্ত অম্পায়ার ছিলেন তিনি।

❖ সৈয়দা সাদিয়া সুলতানা (মৃত্যু : ২ ডিসেম্বর ২০২৪) : দক্ষিণ এশীয় (SA) গেমসে পদকজয়ী স্টার। ২০১০ সালে SA গেমসে ১০ মিটার এয়ার রাইফেলে দলগত ইভেন্টে স্বর্ণ জিতেন। একই বছর দিল্লিতে অনুষ্ঠিত কমনওয়েলথ গেমসে ১০ মিটার এয়ার রাইফেল দলগত ইভেন্টে শারমিন রত্নার সঙ্গে জুটি বেধে বাংলাদেশকে সোনা এনে দেন। সর্বশেষ ২০১৩ সালে বাংলাদেশ গেমসে সোনা জিতেন তিনি।

❖ আবু জাফর (১৫ মে ১৯৪৩-৬ ডিসেম্বর ২০২৪) : গীতিকার, সুরকার ও কণ্ঠশিল্পী। তার জন্ম কুষ্টিয়ার



হরিনারায়ণপুর ইউনিয়নের কাঞ্চনপুর গ্রামে। পৈতৃক নিবাস কুষ্টিয়ার কুমারখালীতে। তার রচিত দেশাত্মবোধক 'এই পদ্মা এই মেঘনা' অমর সৃষ্টি। গানটি বিবিসির জরিপে সর্বকালের সেরা ২০টি গানের মধ্যে ১৭তম স্থান দখল করে নেয়। তার রচিত উল্লেখযোগ্য গ্রন্থ হলো— নতুন রাত্রি পুরানো দিন (কাব্য), বাজারে দুর্নাম তবু তুমিই সর্বশ (কাব্য), বিপ্লবোত্তর সোভিয়েত কবিতা (অনুবাদ কাব্য), মহানবী, মহাজীবন। বরণ্য সংগীতশিল্পী ফরিদা পারভীন তার সাবেক স্ত্রী।

❖ মনমোহন সিং (২৬ সেপ্টেম্বর ১৯৩২-২৬ ডিসেম্বর ২০২৪) : ভারতের সাবেক প্রধানমন্ত্রী, অর্থনীতিবিদ এবং শিক্ষাবিদ। তার জন্ম বর্তমান পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের চকওয়াল জেলায়। ১৯৪৭ সালে দেশভাগের সময় তার পরিবারের সাথে বর্তমানে ভারতের পাঞ্জাব প্রদেশের অমৃতসরে আসেন। তিনি ২২ মে ২০০৪-২৬ মে ২০১৪ পর্যন্ত টানা দুই মেয়াদে কংগ্রেস নেতৃত্বাধীন জোট সরকারের প্রধানমন্ত্রী ছিলেন। ১৯ আগস্ট ২০১৯-৩ এপ্রিল ২০২৪ পর্যন্ত দেশটির পার্লামেন্টের উচ্চকক্ষ রাজ্যসভার সদস্য ছিলেন। মনমোহন সিং ভারতের প্রথম ও একমাত্র প্রধানমন্ত্রী, যিনি হিন্দুধর্মাবলম্বী নন। তিনি নবম প্রধানমন্ত্রী পি ভি নরসিমা রাওয়ের (২১ জুন ১৯৯১-১৬ মে ১৯৯৬) সরকারের অর্থমন্ত্রী ছিলেন।



❖ ফজলে সাদাইন খোকন (মৃত্যু : ৭ ডিসেম্বর ২০২৪) : স্বাধীন বাংলা ফুটবল দলের খেলোয়াড়। তার জন্ম রাজশাহীর বোয়ালিয়ায়। ১৯৬৮ সালে আজাদ স্পোর্টিং দিয়ে ঢাকার ফুটবলে তার যাত্রা শুরু হয়। ১৯৭০ সালে ওয়ারাভার্সে নাম লেখান। এরপর ১৯৭৪ সালে ওয়াপদা হয়ে ১৯৭৬ সালে যোগ দেন আবাহনীতে।

❖ শ্যাম বেনেগাল (১৪ ডিসেম্বর ১৯৩৪-২৩ ডিসেম্বর



২০২৪) : ভারতীয় চলচ্চিত্র নির্মাতা ও চিত্রনাট্যকার। তিনি বাংলাদেশের 'মুজিব : একটি জাতির রূপকার' সিনেমারও পরিচালক ছিলেন। তিনি ১৯৭৬ সালে পদ্মশ্রী, ১৯৯১ সালে পদ্মভূষণ, ২০০৫ সালে দাদাসাহেব ফালকে পুরস্কার লাভ করেন। তিনি সাতবার শ্রেষ্ঠ হিন্দি ভাষার পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র বিভাগে জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করেন।

❖ পাপিয়া সারোয়ার (২১ নভেম্বর ১৯৫২-১২ ডিসেম্বর ২০২৪) : রবীন্দ্রসংগীতশিল্পী। তিনি বরিশালে জন্মগ্রহণ করেন। তার প্রথম অডিও অ্যালবামটি প্রকাশিত হয় ১৯৮২ সালে। তার জনপ্রিয় একটি গান হলো— 'নাই টেলিফোন নাই রে পিয়ন নাইরে টেলিগ্রাম'। ২০১৫ সালে বাংলা একাডেমি ফেলোশিপ এবং ২০২১ সালে একুশে পদক লাভ করেন।

❖ বিচারপতি মোঃ রুহুল আমিন (১ জুন ১৯৪১-২৪ নভেম্বর ২০২৪) : সাবেক প্রধান বিচারপতি। তিনি লক্ষ্মীপুর জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১ মার্চ ২০০৭-৩১ মে ২০০৮ পর্যন্ত দেশের ১৫তম প্রধান বিচারপতি ছিলেন

❖ **জিমি কার্টার (১ অক্টোবর ১৯২৪-২৯ ডিসেম্বর ২০২৪) :** একজন মার্কিন রাজনীতিবিদ, লেখক ও ডেমোক্র্যাটিক পার্টির সদস্য। তিনি ২০ জানুয়ারি ১৯৭৭ থেকে ২০ জানুয়ারি ১৯৮১ পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্রের ৩৯তম প্রেসিডেন্টের দায়িত্ব পালন করেন। ২০০২ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন তিনি। জিমি কার্টারই প্রথম মার্কিন প্রেসিডেন্ট যিনি ১ অক্টোবর ২০২৪ তার ১০০তম জন্মদিনে পৌছেন। তিনি ১৭ সেপ্টেম্বর ১৯৭৮ মিসর ও ইসরায়েলের মাঝে স্বাক্ষরিত ক্যাম্প ডেভিড চুক্তির মধ্যস্থতাকারী হিসেবে কাজ করেন। ১৯৮২ সালে কার্টার সেন্টার প্রতিষ্ঠা করেন তিনি, যা ১৯৯৪ সালে বসনিয়া যুদ্ধবিরতি চুক্তির মধ্যস্থতাকারী হিসেবে কাজ করে।

❖ **অধ্যাপক মোহাম্মদ হারুন-উর রশিদ (২৮ ডিসেম্বর ১৯৩৯-২৬ নভেম্বর ২০২৪) :** বাংলা একাডেমির সাবেক মহাপরিচালক। তিনি ভারতের আসামের তিন সুকিয়ায় জন্মগ্রহণ করেন। তিনি ৬ ফেব্রুয়ারি ১৯৯১-১৯ মার্চ ১৯৯৫ পর্যন্ত বাংলা একাডেমির মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

❖ **জাকির হোসেন (৯ মার্চ ১৯৫১-১৫ ডিসেম্বর ২০২৪) :** ভারতীয় ধ্রুপদি সংগীতের অন্যতম পুরোধা। কিংবদন্তি তবলাবাদক আল্লারাখার প্রথম সন্তান জাকির হোসেনের জন্ম ভারতের মুম্বাই শহরে। তিনি চারটি গ্র্যামি পুরস্কার, পদ্মশ্রী (১৯৮৮), পদ্মভূষণ (২০০২), পদ্মবিভূষণ (২০২৩) ছাড়া আরও বহু পুরস্কার ও সম্মাননায় ভূষিত হন।

## প্রেম ও দ্রোহের কবি হেলাল হাফিজ

অভিমান, নৈঃসঙ্গ্য, প্রবল তীব্র আবেগে দোলায়িত এক কবিসত্তা। বিরহ-সংলাপে সাজানো দুর্দান্ত এক কাব্যময় কবি হেলাল হাফিজ ছিলেন ব্যতিক্রম। জীবনের অধিকাংশ সময় পার করেছেন নিঃসঙ্গতায়।

জন্ম : ৭ অক্টোবর ১৯৪৮ | জন্মস্থান : নেত্রকোনার আটপাড়া উপজেলার বড়তলী গ্রামে। পিতা : খোরশেদ আলী তালুকদার। মাতা : কোকিলা বেগম। মৃত্যু : ১৩ ডিসেম্বর ২০২৪। সমাহিত : শহিদ বুদ্ধিজীবী কবরস্থান, মিরপুর। শিক্ষা জীবন : ১৯৬৫ সালে এসএসসি এবং ১৯৬৭ সালে এইচএসসি পাস করেন। এরপর ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগে ভর্তি হন।

কর্মজীবন : ১৯৭৫ সাল পর্যন্ত তিনি ছিলেন দৈনিক পূর্বদেশের সাহিত্য সম্পাদক। ১৯৭৬ সালে তিনি 'দৈনিক দেশ' পত্রিকার সাহিত্য সম্পাদক পদে যোগদান করেন। সর্বশেষ তিনি দৈনিক যুগান্তরে কর্মরত ছিলেন।

কাব্যগ্রন্থ : যে জ্বলে আগুন জ্বলে (১৯৮৬), কবিতা একান্তর (২০১২), এক জীবনের জন্মজন্ম (২০১৯) এবং বেদনাকে বলেছি কেঁদোনা (২০১৯)।

উল্লেখযোগ্য কবিতাসমূহ : নিষিদ্ধ সম্পাদকীয়, নিরাশ্রয় পাঁচটি আঙুল, দুঃসময়ে আমার যৌবন, অঙ্গ সমর্পণ, অগ্ন্যুৎসব, বেদনা বোনের মতো, ইচ্ছে ছিলো, প্রতিমা, অন্যরকম সংসার, নিখুঁত স্ট্রাটজি, আমার সকল আয়োজন, হিরণবালা, দুঃখের আরেক নাম, প্রত্যাবর্তন, তীর্থ, অনির্ণীত নারী, অশ্রীল সভ্যতা, কবিতার কসম খেলায়, পরানের পাখি, মানবানল, যার যেখানে জায়গা, কবি ও কবিতা, ফেরীঅলা, উৎসর্গ, যেভাবে সে এলো, রাডার, যাতায়াত, যুগল জীবনী, লাভণ্যের লতা, তোমাকেই চাই, ভূমিহীন কৃষকের গান, কবুতর, নেত্রকোণা, তুমি ডাক দিলে, হিজলতলীর সুখ, রাখাল, ব্যবধান, কে, অমীমাংসিত, সন্ধি, ক্যাকটাস, তৃষ্ণা।

### পুরস্কার ও সম্মাননা

যশোহর সাহিত্য পরিষদ পুরস্কার (১৯৮৬)। আবুল মনসুর আহমদ সাহিত্য পুরস্কার (১৯৮৭)। খালেদাদ চৌধুরী সাহিত্য পুরস্কার (২০১৯)। বাসাসপ কাব্যরত্ন (২০১৯)। বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার (২০১৩)।

নবম শ্রেণিতে পড়াকালীন বিদ্যালয়ের দেয়াল পত্রিকায় তার প্রথম কবিতা ছাপা হয়।

❖ ১ ফেব্রুয়ারি ১৯৬৯ গণঅভ্যুত্থানের সময় রচিত 'নিষিদ্ধ সম্পাদকীয়' কবিতাটি তাকে খ্যাতি এনে দেয়।

❖ নিষিদ্ধ সম্পাদকীয় কবিতার প্রথম দুইটি লাইন 'এখন যৌবন যার, মিছিলে যাবার তার শ্রেষ্ঠ সময়; এখন যৌবন যার, যুদ্ধে যাবার তার শ্রেষ্ঠ সময়,' রাজনৈতিক স্লোগানে পরিণত হয় এবং নব্বইয়ের স্বৈরাচারবিরোধী আন্দোলনের সময়ও কবিতাটি মানুষের মাঝে তুমুল সাড়া ফেলে।

❖ ১৯৭১ সালের ২৫ মার্চের ত্র্যাকডাউনের রাতে অলৌকিকভাবে বেঁচে যান হেলাল হাফিজ।

❖ 'তোমাকে শুধু তোমাকে চাই, পাবো?/ পাই বা না পাই এক জীবনে তোমার কাছেই যাবো'। পঞ্চক্রি দুটি 'অমীমাংসিত সন্ধি' কবিতার।

❖ 'কবিতা একান্তর' কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদ POEMS SEVENTYONE।

❖ 'যে জ্বলে আগুন জ্বলে' কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদ THE TEARS THAT BLAZE।

❖ 'এক জীবনের জন্মজন্ম' কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদ BIRTH WOUND OF ONE LIFE।

যে সকল কবিতা থেকে গান

❖ প্রস্থান, ফেরীঅলা, অমীমাংসিত সন্ধি, যাতায়াত প্রভৃতি।

- 'ফেরীঅলা' কবিতা থেকে রচিত গানের শিরোনাম 'কণ্ঠ'।

- 'অমীমাংসিত সন্ধি' কবিতা থেকে রচিত গানটি বাংলা ও ফারসি দুই ভাষাতে কণ্ঠ দেওয়া হয়।



হিচ্ছেদ  
যাতে সেরেছে চরিত্রে দ্বিগুণ  
সাতো লিখেছে বেঁচে,  
মাক ম' ক'পদী অঙ্গুষ্ঠতা  
কে করে সেনাপ চেহে!  
হিচ্ছেদ  
নিজ হাতে রচিত একটি কবিতা

## দিবস প্রতিপাদ্য : ডিসেম্বর

### জাতীয়

- ১ : মুক্তিযোদ্ধা দিবস।  
৩ : জাতীয় প্রতিবন্ধী দিবস। প্রতিপাদ্য—  
অন্তর্ভুক্তিমূলক টেকসই ভবিষ্যৎ  
বিনির্মাণে, বিকশিত নেতৃত্বে  
এগিয়ে যাবে প্রতিবন্ধী জনগণ।  
৪ : জাতীয় বস্ত্র দিবস।  
৯ : বেগম রোকেয়া দিবস।  
১০ : জাতীয় ভ্যাট দিবস। প্রতিপাদ্য  
— ভ্যাট দিব জেনে জেনে, অংশ  
নেব উন্নয়নে।  
১৪ : শহিদ বুদ্ধিজীবী দিবস।  
১৬ : মহান বিজয় দিবস।  
১৮ : বাংলাদেশ সুপ্রীম কোর্ট দিবস।  
: জাতীয় প্রবাসী দিবস। প্রতিপাদ্য—  
প্রবাসীর অধিকার, আমাদের  
অঙ্গীকার, বৈষম্যহীন বাংলাদেশ  
আমাদের সবার।

১৯ : বাংলা ব্লগ দিবস।

২০ : বর্ডার গার্ড বাংলাদেশ দিবস।

### সপ্তাহ

১০-১৫ ডিসেম্বর : জাতীয় ভ্যাট সপ্তাহ।

### আন্তর্জাতিক

- ১ : বিশ্ব এইডস দিবস। প্রতিপাদ্য—  
অধিকার নিশ্চিত হলে, এইচআইভি/  
এইডস যাবে চলে।  
২ : আন্তর্জাতিক দাসত্ব বিলোপ দিবস।  
৩ : আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস।  
প্রতিপাদ্য— অন্তর্ভুক্তিমূলক টেকসই  
ভবিষ্যৎ বিনির্মাণে, বিকশিত নেতৃত্বে  
এগিয়ে যাবে প্রতিবন্ধী জনগণ।

- ৪ : আন্তর্জাতিক ব্যাংক দিবস।  
৫ : বিশ্ব মৃত্তিকা দিবস। প্রতিপাদ্য—  
মাটির যত্ন নেওয়া: পরিমাপ,  
মনিটর, পরিচালনা।  
: আন্তর্জাতিক স্বেচ্ছাসেবক দিবস।  
প্রতিপাদ্য— টেকসই উন্নয়ন  
লক্ষ্যমাত্রা অর্জনে স্বেচ্ছাসেবকদের  
অবদানকে স্বীকৃতি দান।  
৭ : আন্তর্জাতিক বেসামরিক বিমান  
চলাচল দিবস।  
৯ : আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী  
দিবস। প্রতিপাদ্য— দুর্নীতির  
বিরুদ্ধে তারুণ্যের একতা,  
গড়বে আগামীর শুদ্ধতা।  
: International Day of  
Commemoration and Dignity  
of the Victims of the Crime  
of Genocide and of the  
Prevention of this Crime।  
১০ : বিশ্ব মানবাধিকার দিবস।  
প্রতিপাদ্য— আমাদের অধিকার,  
আমাদের ভবিষ্যৎ এখনই।  
১১ : আন্তর্জাতিক পর্বত দিবস।  
১২ : আন্তর্জাতিক নিরপেক্ষতা দিবস।  
: সর্বজনীন স্বাস্থ্য সুরক্ষা দিবস।  
১৮ : আন্তর্জাতিক অভিবাসী দিবস।  
: বিশ্ব আরবি ভাষা দিবস।  
২০ : আন্তর্জাতিক মানবিক সংহতি দিবস।  
২১ : বিশ্ব বাস্কেটবল দিবস।  
২৭ : আন্তর্জাতিক মহামারি প্রস্তুতি  
দিবস।

## সাহিত্য-সংস্কৃতি

■ শ্রো ভাষায় বীরশ্রেষ্ঠের জীবনী  
১৫ ডিসেম্বর ২০২৪ মুক্তিযুদ্ধের সাত  
বীরশ্রেষ্ঠের জীবনী নিয়ে শ্রো ভাষায়  
রচিত গ্রন্থের মোড়ক উন্মোচন করা  
হয়। শ্রো ভাষায় বইটির নাম রাখা হয়  
নমমো তসেন কিয়াক মি। বাংলায়  
যার অর্থ, যুদ্ধের মধ্যে সেরা। গ্রন্থের  
লেখক ইয়াংজান শ্রো।

■ রক্তমাত জুলাই বিপ্লব  
বৈষম্যবিরোধী আন্দোলনের স্মৃতি  
সংরক্ষণের ১০ খণ্ডের স্থিরচিত্রের  
অ্যালবাম। অ্যালবামে আন্দোলনের  
বিভিন্ন পর্যায়ে গণমাধ্যমে প্রকাশিত  
ছবি ক্যাপশনসহ সংবাদে সংকলন  
সম্মিলিত করা হয়।

■ বিদ্রোহ-বিপ্লবে : ছাত্র-জনতার  
অভ্যুত্থান ২০২৪

ছাত্র-জনতার অভ্যুত্থানের উত্তাল দিনের  
বীরত্বগাথা নিয়ে নির্মিত তথ্যচিত্র।  
তথ্যচিত্রটি নির্মাণ করেন রেদওয়ান  
রনি ও সালেহ সোবহান অনীম।

■ Freedom : Memoirs 1954-2021  
জার্মানির সাবেক চ্যান্সেলর অ্যাঙ্কেলা  
মার্কেলের আত্মজীবনী। ২৬ নভেম্বর  
২০২৪ বিশ্বের ৩০টির বেশি দেশে  
তার আত্মজীবনী প্রকাশিত হয়।

■ টিপু সুলতান : দ্য সাগা অব দ্য  
মহীশূর ইন্টারোগনাম (১৭৬০-১৭৯৯)  
ভারতীয় ইতিহাসবিদ বিক্রম সম্পাথ  
রচিত গ্রন্থ। ভারতীয় উপমহাদেশের  
দক্ষিণের মহীশূর রাজ্যের শাসক টিপু  
সুলতানকে নিয়ে লেখা হয় বইটি।

■ Graffiti of Revolution :  
Bangladesh 2024 - the story of  
a Mass Uprising Through Art  
বাংলাদেশে জুলাই-আগস্ট বিপ্লব ও  
গণঅভ্যুত্থান নিয়ে আবু জাফর  
জুবায়ের সম্পাদিত বই।

■ রুম নম্বর ২০১১  
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের  
(বুয়েট) আবরার ফাহাদকে নিয়ে নির্মিত  
স্বল্পদৈর্ঘ্য সিনেমা। নির্মাণ করেন  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী  
শেখ জিসান আহমেদ।

## সম্মেলন-বৈঠক

### ■ ডি-৮ শীর্ষ সম্মেলন

আয়োজন : ১১ তম | সময়কাল : ১৯  
ডিসেম্বর ২০২৪ | স্থান : কায়রো, মিসর।

◆ ডি-৮'র চেয়ার : আবদেল ফাত্তাহ  
আল-সিসি (মিসর), দায়িত্ব গ্রহণ  
১৯ ডিসেম্বর ২০২৪।

◆ ডি-৮'র নতুন মহাসচিব সোহেল  
মাহমুদ (পাকিস্তান); দায়িত্ব গ্রহণ  
করবেন ১ জানুয়ারি ২০২৬।

◆ ১২তম ডি-৮ শীর্ষ সম্মেলন  
ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত হবে

◆ ডি-৮-এর নবম সদস্য আজারবাইজান  
(১৯ ডিসেম্বর ২০২৪)

### ■ UNCCD COP16

UNCCD-United Nations  
Convention to Combat  
Desertification  
COP- Conference of the Parties  
| সময়কাল : ২-১৩ ডিসেম্বর ২০২৪  
| স্থান : রিয়াদ, সৌদি আরব।

### ■ UNAOC Global Forum

UNAOC-United Nations Alliance  
of Civilizations | আয়োজন :  
১০তম | সময়কাল : ২৫-২৭  
নভেম্বর ২০২৪ | স্থান : ক্যাসকেস,  
পর্তুগাল।

# রিপোর্ট-সমীক্ষা

## শ্রমশক্তি জরিপ ২০২৩

প্রকাশ : ২ ডিসেম্বর ২০২৪

ক্যাটাগরি	২০২২	২০২৩
শ্রমশক্তি	৭৩.০৫	৭৩.৪৫
কর্মে নিয়োজিত	৭০.৪৭	৭০.৯৮
বেকার	২.৫৮	২.৪৬
শ্রমশক্তির বাহিরে	৪৬.৩২	৪৭.১৭
যুব শ্রমশক্তি (১৫-২৯ বছর)	২৬.৮২	২৬.৭৬
বেকারত্ব (%)	৩.৫৩	৩.৩৫
শ্রমশক্তিতে অংশগ্রহণকারী (%)	৬১.২০	৬০.৯০

### সেক্টরভিত্তিক কর্মে নিয়োজিত জনগোষ্ঠী (মিলিয়ন)

খাত	২০২২		২০২৩	
	সংখ্যা	শতকরা	সংখ্যা	শতকরা
কৃষি	৩১.৯৮	৪৫.৪%	৩১.৫৩	৪৪.৪২%
শিল্প	১১.৯৭	১৭.০%	১২.২৫	১৭.২৬%
সেবা	২৬.৫২	৩৭.৬%	২৭.২০	৩৮.৩২%
মোট	৭০.৪৭	১০০%	৭০.৯৮	১০০%

### তৈরি পোশাক ক্রয়ে শীর্ষ ৫ প্রতিষ্ঠান

২০২৩-২৪ বাংলাদেশি তৈরি পোশাক ক্রয়ে শীর্ষ ৫ প্রতিষ্ঠান (হিসাব কোটি মার্কিন ডলারে)— ১. এইচ অ্যান্ড এম (২৫৯), ২. ইন্ডিটেক্স (২১৮), ৩. প্রাইমার্ক (১১২), ৪. বেস্টসেলার (৭৯) ও ৫. এমঅ্যান্ডএস (৭৮)। [সূত্র : প্রথম আলো।]

### গ্লোবাল ওয়েজ রিপোর্ট ২০২৪-২৫

প্রকাশ : ২৮ নভেম্বর ২০২৪ | প্রকাশক : আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) | প্রতিবেদনের শিরোনাম : Global Wage Report 2024-25 : Is wage inequality decreasing globally?

প্রতিবেদন অনুযায়ী— শ্রমিকদের স্বল্প মজুরি দেওয়ার ক্ষেত্রে সার্কভুক্ত দেশের মধ্যে তৃতীয় অবস্থানে বাংলাদেশ (১১.২%)। প্রথম ও দ্বিতীয় অবস্থানে যথাক্রমে শ্রীলংকা (২৫.৯%) ও ভুটান (১৩.৭%)। এছাড়াও নেপাল (১০.৫%), ভারত (৯.৫%) ও পাকিস্তান (৯.৪%)।

### টাইম বর্ষসেরা ব্যক্তি

২০২৪ সালের টাইম ম্যাগাজিনের বর্ষসেরা ব্যক্তিত্ব হন যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ১২ ডিসেম্বর ২০২৪ টাইম ম্যাগাজিন তার নাম ঘোষণা দেয়। এর আগে, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর ২০১৬ সালেও প্রথমবারের মতো ডোনাল্ড ট্রাম্পকে বর্ষসেরা ব্যক্তিত্ব হিসেবে ঘোষণা দেয় টাইম। উল্লেখ্য, ১৪ জন মার্কিন প্রেসিডেন্ট ২৪ বার বর্ষসেরা ব্যক্তি নির্বাচিত হন।

### বৈশ্বিক টেকসই প্রতিযোগিতামূলক সূচক

প্রকাশ : ২০ ডিসেম্বর ২০২৪ | প্রকাশক : সুইডেন ও দক্ষিণ কোরিয়াভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান 'সোলাবিলিটি' | অন্তর্ভুক্ত দেশ : ১৯১ | সূচকের শিরোনাম : Global Sustainable Competitiveness Index 2024।

সূচক অনুযায়ী—

- শীর্ষ দেশ : সুইডেন • সর্বনিম্ন দেশ : সোমালিয়া
- সার্কভুক্ত দেশের অবস্থান : ৫৬. ভুটান, ৮৩. নেপাল, ৮৫. মালদ্বীপ, ৮৭. শ্রীলংকা, ৯০. ভারত, ১১৬. বাংলাদেশ, ১৭৭. পাকিস্তান ও ১৮৭. আফগানিস্তান।

### বিশ্বের ক্ষমতাধর নারী

প্রকাশ : ১১ ডিসেম্বর ২০২৪ | প্রকাশক : যুক্তরাষ্ট্রভিত্তিক ম্যাগাজিন Forbes | প্রতিবেদনের শিরোনাম : The World's 100 Most Powerful Women 2024 | অন্তর্ভুক্ত নারী : ১০০ জন।

#### শীর্ষ ৫ ক্ষমতাধর নারী

নাম	পরিচিতি
উরসুলা ফন ডার লিয়েন	ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট
ক্রিস্টিন লাগার্ড	ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংকের প্রেসিডেন্ট
জর্জিয়া মেলোনি	ইতালির প্রধানমন্ত্রী
ক্রুডিয়া শিনবাউম	মেক্সিকোর প্রথম নারী প্রেসিডেন্ট
ম্যারি বাররা	মার্কিন গাড়ি নির্মাতা জেনারেল মোটরসের CEO

### বিশ্ব খাদ্য ও কৃষিবিষয়ক পরিসংখ্যান বর্ষপঞ্জি ২০২৪

প্রকাশ : ২৯ নভেম্বর ২০২৪ | প্রকাশক : খাদ্য ও কৃষি সংস্থা (FAO) | শিরোনাম : World Food and Agriculture – Statistical Yearbook 2024।

বর্ষপঞ্জি অনুযায়ী—

বিষয়	শীর্ষ দেশ	বাংলাদেশ
খাদ্য আমদানি	চীন	৩৭তম
খাদ্য রপ্তানি	যুক্তরাষ্ট্র	৭৬তম
ধান উৎপাদনে	চীন	তৃতীয়
চাল আমদানি	চীন	১৫তম
চাল রপ্তানি	ভারত	৪৯তম
গম উৎপাদনে	চীন	৫১তম
গম আমদানি	চীন	১৪তম
গম রপ্তানি	অস্ট্রেলিয়া	-
ভুট্টা উৎপাদনে	যুক্তরাষ্ট্র	২৭তম
ভুট্টা আমদানি	চীন	২৩তম
ভুট্টা রপ্তানি	যুক্তরাষ্ট্র	৫২তম
চিনি উৎপাদনে	ব্রাজিল	৩৯তম
আলু উৎপাদনে	চীন	সপ্তম
সয়াবিন তেল উৎপাদনে	চীন	১৭তম
পাম অয়েল উৎপাদনে	ইন্দোনেশিয়া	-
মৎস্য উৎপাদনে	চীন	সপ্তম

## পদক-পুরস্কার



### মুনীর চৌধুরী সম্মাননা

২০২৪ সালের মুনীর চৌধুরী সম্মাননা পান অভিনেত্রী ও সংগীতশিল্পী শিমূল ইউসুফ। আর মোহাম্মদ জাকারিয়া স্মৃতিপদক লাভ করেন প্রাচ্যনাট্যের অভিনেতা জাহাঙ্গীর আলম। মুনীর চৌধুরী সম্মাননার অর্থমূল্য ৫০,০০০ টাকা ও মোহাম্মদ জাকারিয়া স্মৃতি পদকের অর্থমূল্য ২৫,০০০ টাকা। শহিদ মুনীর চৌধুরী স্মরণে ১৯৮৯ সাল থেকে একজন করে প্রবীণ গুণীকে সম্মাননা এবং মোহাম্মদ জাকারিয়া স্মরণে ১৯৯৭ সাল থেকে একজন তরুণ গুণীকে পদক দেওয়া হয়।

### বেগম রোকেয়া পদক

সমাজ, নারীশিক্ষা ও নারীর ক্ষমতায়নে অসামান্য অবদানের জন্য ২০২৪ সালের বেগম রোকেয়া পদক লাভ করেন শিক্ষাবিদ এবং সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির উপাচার্য পারভীন হাসান, শ্রমিক ও নারী অধিকারকর্মী এবং আলোকচিত্রী তাসলিমা আখতার, বাংলাদেশের প্রথম মহিলা আন্তর্জাতিক দাবা মাস্টার রাণী হামিদ এবং নারীপক্ষের প্রতিষ্ঠাতা শিরীন পারভিন হক। পুরস্কারপ্রাপ্ত নারীদের প্রত্যেককে একটি করে স্বর্ণপদক, একটি সার্টিফিকেট ও চার লাখ টাকার চেক দেওয়া হয়। ৯ ডিসেম্বর ২০২৪ বেগম রোকেয়া সাখাওয়াত হোসেনের ১৪৪তম জন্ম ও ৯২তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে এক অনুষ্ঠানে এ পদক প্রদান করা হয়।

### অনন্যা সাহিত্য পুরস্কার

কবিতা ও সাহিত্যে বিশেষ অবদান রাখার জন্য 'অনন্যা সাহিত্য পুরস্কার-১৪৩১' লাভ করেন নুসরাত নুসিন ও নূরে জান্নাত। ২৩ নভেম্বর ২০২৪ আনুষ্ঠানিকভাবে এই পুরস্কার প্রদান করা হয়। উল্লেখ্য, বাংলা ১৪০১ সন (১৯৯৩ সাল) থেকে অনন্যা সাহিত্য পুরস্কার প্রবর্তন করা হয়।

### বাংলা একাডেমি পুরস্কার

২৬ ডিসেম্বর ২০২৪ বাংলা একাডেমি পরিচালিত ছয়টি সাহিত্য পুরস্কার এবং সাম্মানিক ফেলোশিপ ২০২৪ ঘোষণা করা হয়। ২৮ ডিসেম্বর ২০২৪ বাংলা একাডেমির সাধারণ পরিষদের ৪৭তম বার্ষিক সভায় ৬টি পুরস্কার এবং সাম্মানিক ফেলোশিপ আনুষ্ঠানিকভাবে প্রদান করা হয়।

#### ফেলোশিপ প্রাপ্তরা— মঈদুল

হাসান (মুক্তিযুদ্ধ);  
রিচার্ড এম ইটন  
(ইতিহাস); অধ্যাপক  
ডা. সায়েরা  
আখতার (চিকিৎসা  
বিজ্ঞান); ড.  
ফেরদৌসী কাদরী (বিজ্ঞান); সুগত  
চাকমা (ভাষা গবেষণা); শহিদুল  
আলম ও শম্মু আচার্য (শিল্পকলা)।



এশিয়া ডেমোক্রেসি অ্যান্ড হিউম্যান রাইটস পুরস্কার বাংলাদেশে মানবাধিকার রক্ষায় অবদান রাখায় ২০২৪ সালের এশিয়া ডেমোক্রেসি অ্যান্ড হিউম্যান রাইটস পুরস্কার লাভ করে মানবাধিকার সংস্থা 'অধিকার'। মানবাধিকার রক্ষায় অবদানের স্বীকৃতি হিসেবে প্রতিবছর এ পুরস্কার দেয় তাইওয়ানভিত্তিক প্রতিষ্ঠান তাইওয়ান ফাউন্ডেশন ফর ডেমোক্রেসি। পুরস্কারের অর্থমূল্য এক লাখ মার্কিন ডলার।

### ভিনফিউচার স্পেশাল প্রাইজ

বিশ্বের বিভিন্ন প্রান্তে উদ্ভাবন এবং প্রযুক্তিগত উন্নতিতে উৎসাহিত করতে প্রতিবছর প্রদান করা হয় ভিনফিউচার পুরস্কার। আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ



(icddr,b)-এর বিজ্ঞানী ফেরদৌসী কাদরী ২০২৪ সালের ভিনফিউচার স্পেশাল প্রাইজ লাভ করেন। কলেরা, টাইফয়েড এবং হিউম্যান প্যাপিলোমাইভাইরাসের (HPV) সুলভ মূল্যের টিকা উদ্ভাবনে অবদান রাখার

জন্য তাকে এ পুরস্কার দেওয়া হয়। মোট দুটি ক্যাটাগরিতে দেওয়া হয় এ পুরস্কার। একটি গ্র্যান্ড প্রাইজ, অন্যটি স্পেশাল প্রাইজ। স্পেশাল প্রাইজের তিনটি ক্যাটাগরির মধ্যে উন্নয়নশীল দেশের উদ্ভাবক ক্যাটাগরিতে পুরস্কার পান বাংলাদেশি বিজ্ঞানী ফেরদৌসী কাদরী। গ্র্যান্ড প্রাইজ পাওয়া পাঁচ বিজ্ঞানীকে ৩০ লাখ মার্কিন ডলার ভাগ করে দেওয়া হয়। আর স্পেশাল প্রাইজ পাওয়া গবেষকদের দেওয়া হয় ৫ লাখ ডলার। গ্র্যান্ড প্রাইজ লাভ করেন কানাডার কম্পিউটার বিজ্ঞানী অধ্যাপক ইয়োঙ্যা বেনজিও, ব্রিটিশ কানাডিয়ান কম্পিউটার বিজ্ঞানী অধ্যাপক জিওফ্রে ই হিটন (চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল জয়ী), এনভিডিয়ার প্রধান নির্বাহী জেন-সুন ছ্যাং, নিউইয়র্ক ইউনিভার্সিটির কুরান্ট ইনস্টিটিউট অব ম্যাথমেটিক্যাল সায়েন্সের অধ্যাপক ও মেটার ডাইস প্রেসিডেন্ট ইয়ান লেকুন ও স্ট্যানফোর্ড ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্সের অধ্যাপক ফেই-ফেই-লি।

#### ৬টি সাহিত্য পুরস্কার

নাম	বিজয়ী	অর্থমূল্য (টাকা)
সাদত আলি আখন্দ সাহিত্য পুরস্কার	মোহাম্মদ হারুন-উর-রশিদ	১ লাখ
সাহিত্যিক মোহাম্মদ বরকতুল্লাহ প্রবন্ধ পুরস্কার	ড. ওয়াকিল আহমদ	১ লাখ
কবীর চৌধুরী শিশু সাহিত্য পুরস্কার	আবু সালেহ	১ লাখ
মমতাজউদ্দীন আহমদ নাট্যজন পুরস্কার	নায়লা আজাদ	১ লাখ
আবু রুশদ সাহিত্য পুরস্কার	নাসিমা আনিস	১ লাখ
রাবেয়া খাতুন কথাসাহিত্য পুরস্কার	সুশান্ত মজুমদার	২ লাখ
	সমুন মজুমদার	১ লাখ

মান্টা প্রজাতন্ত্র লাভ করে ১৩ ডিসেম্বর ১৯৭৪

# বিশ্বজুড়ে বাংলাদেশ

## নিউজিল্যান্ডে হাইকমিশন

নিউজিল্যান্ডের রাজধানী ওয়েলিংটনে বাংলাদেশের হাইকমিশন স্থাপন করা হবে। ৫ ডিসেম্বর ২০২৪ উপদেষ্টা পরিষদের বৈঠকে এ সংক্রান্ত এক প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। এ অবস্থায় নিউজিল্যান্ডে বাংলাদেশের একটি মিশন স্থাপিত হলে তা দুই দেশের মধ্যে দ্বিপাক্ষীয় সম্পর্ক উত্তরোত্তর বৃদ্ধি পাবে।

## BBC'র ১০০ নারীর তালিকায় রিজ্ঞা বানু

ব্রিটিশ ব্রডকাস্টিং চ্যানেলের (BBC)

২০২৪ সালের প্রভাবশালী ১০০ নারীর

তালিকায় স্থান পেয়েছে বাংলাদেশি

রিজ্ঞা আক্তার বানু। ৩ ডিসেম্বর ২০২৪

এ বছরের জন্য বিশ্বের ১০০ জন

অনুপ্রেরণাদায়ী ও প্রভাবশালী নারীর

তালিকা প্রকাশ করে BBC। বিজ্ঞান, স্বাস্থ্য ও প্রযুক্তি বিভাগে

স্থান পায় বাংলাদেশের রিজ্ঞা আক্তার বানু। বাংলাদেশের

রিজ্ঞা বানু একজন নার্স ও একটি প্রতিবন্ধী স্কুলের প্রতিষ্ঠাতা।



## UNHCR'র ভাইস প্রেসিডেন্ট

৯ ডিসেম্বর ২০২৪ বাংলাদেশ জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলের (UNHCR) ভাইস প্রেসিডেন্ট পদে নির্বাচিত হয়। নির্বাচিত ভাইস প্রেসিডেন্ট হিসেবে জেনেভায় জাতিসংঘ এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ১ জানুয়ারি-৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত মানবাধিকার কাউন্সিলের ব্যুরোতে কাজ করবেন।

## গণিতের বিশ্বমঞ্চে ৬ স্বর্ণ

২৮ নভেম্বর-১ ডিসেম্বর ২০২৪ কাতারের রাজধানী দোহায় অনুষ্ঠিত হয় World Mathematic Team's Championship (WMTC)। এতে বাংলাদেশ থেকে অংশ নেয় ৫টি টিম— দ্য বেঙ্গল হেব্রাগন, দ্য রয়েল সিঙ্গ অব বেঙ্গল, দ্য ডেল্টা সিঙ্গ, দ্য বেঙ্গল হেব্রা ও দ্য বেঙ্গল ট্রাইনোমিয়াল। প্রতিযোগিতায় প্রথমবারে অংশ নিয়েই ৬টি স্বর্ণ, ১১টি রৌপ্য, ৭টি ব্রোঞ্জ পদক এবং ৩টি মেরিট সম্মাননা লাভ করে বাংলাদেশ।

## ছায়াপথ আবিষ্কারক দলে বাংলাদেশের লামিয়া

যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা নাসার জেমস ওয়েব স্পেস টেলিস্কোপের (JWST) তথ্য ও ছবি ব্যবহার করে 'ফায়ারফ্লাই স্পার্কল' নামের একটি নতুন গ্যালাক্সি বা ছায়াপথ আবিষ্কার করেন বিজ্ঞানীরা। তাদের এ দলে রয়েছেন বাংলাদেশি জ্যোতির্বিজ্ঞানী ড. লামিয়া আশরাফ মওলা। তিনি ২০২০ সাল থেকে JWST'র কানাডীয় দলের সঙ্গে থেকে কাজ করছেন।

## মুহিতের 'থরং' শিখর জয়

বাংলাদেশি পর্বতারোহী এম এ মুহিত হিমালয়ের 'থরং' শিখরে আরোহণ করেন। ৫ নভেম্বর ২০২৪ প্রায় ২,৪০০ ফুট পাথুরে পথ ও খাড়া হিমবাহ পেরিয়ে 'থরং'য়ের শীর্ষে নিজের পদচিহ্ন আঁকেন মুহিত। হিমালয় পর্বতমালার নেপালের অংশে অল্পপূর্ণা অঞ্চলে অবস্থিত 'থরং' পর্বত শিখরের উচ্চতা ২০,১৫৭ ফুট।

## নেচার সাময়িকীতে মুহাম্মদ ইউনুস

৯ ডিসেম্বর ২০২৪ প্রভাবশালী ব্রিটিশ সাময়িকী নেচারের ওয়েবসাইটে ২০২৪ সালের সেরা

১০ ব্যক্তিত্বের তালিকা

প্রকাশ করে। প্রতিবেদনে

বলা হয়, বিজ্ঞান, প্রযুক্তি,

প্রকৌশল ও চিকিৎসার

ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান

রেখে কীভাবে গবেষকেরা

আমাদের পৃথিবীকে গড়ছেন,

তার স্বীকৃতি এই তালিকা।

তালিকায় বাংলাদেশ

থেকে স্থান পান অন্তর্বর্তীকালীন সরকারের

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস। নেচার

তাকে Nation Builder বা 'জাতির কারিগর'

আখ্যা দিয়ে তার সম্পর্কে প্রতিবেদন প্রকাশ

করে। সাময়িকীটি তাদের প্রতিবেদনের শিরোনাম

করে The revolutionary economist

who became the unlikely leader of

Bangladesh (বৈপ্লবিক অর্থনীতিবিদ থেকে

বাংলাদেশের নেতা)।



## বৈশ্বিক জোটের সদস্য বাংলাদেশ

ক্ষুধা ও দারিদ্র্যের বিরুদ্ধে বৈশ্বিক জোট Global Alliance Against Hunger and Poverty গঠনের লক্ষ্যে একটি বহুপাক্ষিক চুক্তি যা ব্রাজিলের ফেডারেল সরকারকর্তৃক খসড়া তৈরি করা হয়। ২৪ জুলাই ২০২৪ ব্রাজিলের রিও ডি জেনেরিওতে একটি কূটনৈতিক সম্মেলনে G20 দেশ এবং আন্তর্জাতিক সংস্থাগুলো দ্বারা গৃহীত হয়। ১৮ নভেম্বর ২০২৪ G20 নেতাদের শীর্ষ সম্মেলনের সময় ৮২টি দেশ এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থা দ্বারা নথিটি অনুমোদন করা হয়। একই দিন উদ্বোধনী সদস্য হিসেবে জোটটির মর্যাদাপূর্ণ বোর্ড অব চ্যাম্পিয়ন্সের অন্যতম দেশ হিসেবে বাংলাদেশের নাম ঘোষণা করা হয়।

## ইকোনমিস্টের বর্ষসেরা বাংলাদেশ

প্রতিবছরের মতো এবারও বছরের সেরা দেশ নির্বাচন করে দ্য ইকোনমিস্ট। সেই ফলাফল অনুযায়ী, ২০২৪ সালের বর্ষসেরা দেশ বাংলাদেশ। ১৯ ডিসেম্বর ২০২৪ এ বিষয়ে প্রকাশিত দ্য ইকোনমিস্টের প্রতিবেদন থেকে এ তথ্য জানা যায়। সেরা দেশ বেছে নেওয়ার ক্ষেত্রে চূড়ান্ত তালিকায় ছিল পাঁচটি দেশ। বাংলাদেশ ছাড়াও সিরিয়া, আর্জেন্টিনা, দক্ষিণ আফ্রিকা ও পোল্যান্ড ছিল এই তালিকায়। যেখানে বর্ষসেরা দেশ নির্বাচিত হয় বাংলাদেশ এবং রানার্সআপ হয় সিরিয়া।





# দেশ পরিক্রমা

## দেশে নদ-নদীর সংখ্যা ১,১৫৬

১০ ডিসেম্বর ২০২৪ পানিসম্পদ মন্ত্রণালয় ও নৌ পরিবহন মন্ত্রণালয় দেশের মধ্যে দিয়ে প্রবাহিত ১,১৫৬টি নদ-নদীর খসড়া তালিকা প্রকাশ করে। আগামী পহেলা বৈশাখে চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। খসড়া তালিকায় ৩৬৫টি এমন নদীর নাম যুক্ত করা হয়, যেগুলো ২০১১ সালে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রকাশিত ৪০৫টি নদী এবং ২০২৩ সালে জাতীয় নদী রক্ষা কমিশন কর্তৃক প্রস্তুতকৃত ১,০০৮ নদী তালিকায় ছিল না। ২০১১ সালের তালিকায় থাকা ১৮টি নদী এবং ২০২৩ সালের তালিকায় থাকা ২২৪টি নদীর নাম পানিসম্পদ মন্ত্রণালয়ের তালিকায় রাখা হয়নি। এ বিষয়ে আরও অধিকতর যাচাই-বাছাই করা হবে। এটিকে খসড়া তালিকা হিসেবে ধরে বাদ পড়া নদীগুলোকে ভবিষ্যতে অন্তর্ভুক্ত করা হবে। বিভাগীয় কমিশনারদের পাঠানো তালিকা অনুযায়ী, নদ-নদীর সংখ্যা ১,৪৮০টি। অধিকতর যাচাইয়ের পর এক বিভাগে বয়ে যাওয়া নদীর সংখ্যা হলো ১,১২৩টি, দুই বিভাগে ২৭টি, তিন বিভাগে ৪টি এবং চার বিভাগে দুটি করে মোট ১,১৫৬টি প্রবাহিত নদ-নদীর সংখ্যা পাওয়া যায়।

## গিরিশচন্দ্রের বাড়ি সংরক্ষিত পুরাকীর্তি

কোরআন শরিফের বাংলা অনুবাদকারী ভাই গিরিশচন্দ্র সেনের নরসিংদী সদর উপজেলার মেহেরপাড়া ইউনিয়নের পাঁচদোনা গ্রামের বাড়িটি সংরক্ষিত পুরাকীর্তি ঘোষণা করা হয়। ২৬ নভেম্বর ২০২৪ সংস্কৃতি মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করে গিরিশ চন্দ্র সেনের বাড়িটিকে প্রত্নতত্ত্ব সংরক্ষিত পুরাকীর্তি ঘোষণা করে। ১৮৮১ সালে পবিত্র কোরআন শরিফের প্রথম পারা বাংলায় অনুবাদ করেন, যা শেরপুর চারুচন্দ্র প্রেস থেকে ছাপা হয়। তার প্রকাশিত ৩৫টি গ্রন্থের মধ্যে ২২টি ইসলাম ধর্মবিষয়ক। ভাই গিরিশচন্দ্র সেন ১৫ আগস্ট ১৯১০ শেষ নিশ্বাস ত্যাগ করেন।

## নাচোল বিদ্রোহের ৭৫ বছর

চাঁপাইনবাবগঞ্জের নাচোলে সংঘটিত আদিবাসী সাঁওতাল কৃষকদের বিদ্রোহ ইতিহাসে 'নাচোল বিদ্রোহ' নামে পরিচিত। এটি তেভাগা আন্দোলনেরই একটি অংশ। ১৯৫০ সালের প্রথমার্ধে নাচোল উপজেলার ঘাসুরা, চণ্ডীপুর, কেন্দুয়া, রাউতারা, জগদাই, ধারোল, শ্যামপুরা এবং নাপিত পাড়ার মতো গ্রামের চাষিরা তাদের জোতদারদের খাজনা দেওয়া বন্ধ করে দেয়। এ নিয়ে বিভিন্ন স্থানে বিক্ষিপ্ত সংঘর্ষ ঘটে। ৫ জানুয়ারি ১৯৫০ চণ্ডীপুর গ্রামে পুলিশ আসে। এতে সংঘর্ষে বহু পুলিশ নিহত হয় এবং জোতদারদের ঘরবাড়ি লুট হয়। এ আন্দোলনে কৃষক সংগ্রাম কমিটির নেতৃবৃন্দের মধ্যে ইলা মিত্র, অনিমেস লাহিড়ী, আজহার শেখ, বৃন্দাবন সাহা এবং আরও প্রায় ২০ জন সংগ্রামী ব্যক্তি ছিলেন। পরবর্তীতে ১৯৫০ সালে পূর্ববঙ্গ জমিদারি অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের আওতায় সাঁওতাল চাষিদের জমির ওপর অধিকার দেওয়া হয় এবং তারা অন্যান্য সাধারণ চাষিদের মতো প্রচলিত হারে নগদে খাজনা পরিশোধের অধিকার লাভ করে।

## ছাত্র-জনতার অভ্যুত্থানে শহিদের তালিকা

২১ ডিসেম্বর ২০২৪ জুলাই-আগস্টে ছাত্র-জনতার অভ্যুত্থানে শহিদ ও আহত ব্যক্তিদের নামের তালিকা চূড়ান্ত করার লক্ষ্যে প্রথম ধাপের খসড়া তালিকা প্রকাশ করা হয়। প্রথম ধাপের খসড়া তালিকায় শহিদ ৮৫৮ জন এবং আহতের সংখ্যা ১১,৫৫১ জন।

## জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর

১৮ ডিসেম্বর ২০২৪ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা ফারুক-ই-আজমের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে 'জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর' প্রতিষ্ঠায় আন্তঃমন্ত্রণালয়ের এক সভা অনুষ্ঠিত হয়। জুলাই গণঅভ্যুত্থানের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণ, গণঅভ্যুত্থানে শহিদদের পরিবার এবং আহত ছাত্র-জনতার পুনর্বাসনসহ গণঅভ্যুত্থানের আদর্শ ও চেতনাকে রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে সুপ্রতিষ্ঠিত করতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে এ অধিদপ্তর প্রতিষ্ঠা করা হবে।

## জাতীয় ঐকমত্য গঠন কমিশন

১৬ ডিসেম্বর ২০২৪ মহান বিজয় দিবসে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠায় 'জাতীয় ঐকমত্য গঠন কমিশন' গঠনের ঘোষণা দেন। তিনি এ কমিশনের চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন। কমিশনের কাজ হবে রাজনৈতিক দলসহ সকল পক্ষের সঙ্গে মত বিনিময় করা। যেসব বিষয়ে ঐকমত্য স্থাপন হবে, সেগুলো চিহ্নিত করার পাশাপাশি তা বাস্তবায়নের জন্য সুপারিশ করবে জাতীয় ঐকমত্য গঠন কমিশন।



## অর্থনৈতিক শ্বেতপত্র

৫ আগস্ট ২০২৪ শেখ হাসিনা সরকারের পতনের পর দেশের সামগ্রিক অর্থনৈতিক অবস্থা তুলে ধরতে ২৮ আগস্ট ২০২৪ অর্থনীতিবিদ দেবপ্রিয় ভট্টাচার্যের নেতৃত্বে ১২ সদস্যের শ্বেতপত্র প্রণয়ন কমিটি গঠিত হয়। এ কমিটি ৯০ দিনের মধ্যে বিভিন্ন দলিলপত্র পর্যালোচনা করে ও নানা অংশীজনের সঙ্গে আলোচনা করে তাদের প্রতিবেদন চূড়ান্ত করে। ১ ডিসেম্বর ২০২৪ কমিটি তাদের 'বাংলাদেশের অর্থনীতির শ্বেতপত্র : একটি উন্নয়ন আখ্যানের ব্যবচ্ছেদ' (White Paper report on the State of Bangladesh Economy : Dissection of a Development Narrative) শিরোনামের প্রতিবেদন প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনুসের কাছে হস্তান্তর করেন। চূড়ান্ত প্রতিবেদনে বলা হয় অব্যবহৃত দুর্নীতি, রাষ্ট্রীয় সম্পদের অপব্যবহার ও স্বচ্ছাধীন ক্ষমতার অপপ্রয়োগের মাধ্যমে দেড় দশক ধরে বাংলাদেশে একটি 'চোরতন্ত্র' প্রতিষ্ঠা করা হয়, যার মাধ্যমে দেশ থেকে ২৩৪ বিলিয়ন ডলার বা সমপরিমাণ ২৮ লাখ কোটি টাকা পাচার করা হয়। প্রতিবছর পাচার করা অর্থের পরিমাণ ছিল গড়ে ১৬ বিলিয়ন ডলার। উন্নয়নের ব্যয়কে ঢাল হিসেবে ব্যবহার করে অন্তত ২৮টি উপায়ে দুর্নীতি সংঘটিত হয়।

## সুইডিশ দূতাবাসে শেনজেন ভিসা

১০ ডিসেম্বর ২০২৪ বহুজাতিক ভিসা প্রসেসিং সার্ভিস সংস্থা VFS Global ঢাকায় সুইডিশ দূতাবাসের সহযোগিতায় সুইডেনসহ ইউরোপের ৮টি দেশের ভিসা দেওয়া শুরু করে। দেশগুলো হলো— বেলজিয়াম, ফিনল্যান্ড, আইসল্যান্ড, লাটভিয়া, লুক্সেমবার্গ, নেদারল্যান্ডস, পোল্যান্ড ও স্লোভেনিয়া। ১৭ ডিসেম্বর ২০২৪ ঢাকায় VFS Global সুইডেনে শেনজেন ভিসার জন্য আবেদন শুরু করার সাথে বন্ধ হয়ে যায় ওয়াক-ইন আবেদন।

## জাতীয় কবির রাষ্ট্রীয় স্বীকৃতি

জাতীয় কবি হিসেবে কাজী নজরুল ইসলামের নাম মানুষের মুখে মুখে থাকলেও রাষ্ট্রীয় স্বীকৃতি ছিল না। ৫ ডিসেম্বর ২০২৪ সেই স্বীকৃতি দেওয়ার বিষয়ে নীতিগত সিদ্ধান্ত নেয় অন্তর্বর্তী-কালীন সরকার। উল্লেখ্য, ১৫ ডিসেম্বর ১৯২৯ কলকাতার আলবার্ট হলে একটি সংবর্ধনা অনুষ্ঠানে সর্বভারতীয় বাঙালিদের পক্ষ থেকে নজরুলকে 'জাতীয় কবি' হিসেবে ঘোষণা করা হয়। এরপর ২৪ মে ১৯৭২ বঙ্গভবনে সংবর্ধনা অনুষ্ঠানে তৎকালীন রাষ্ট্রপতি তাকে বাংলাদেশের জাতীয় কবি হিসেবে অভিহিত করেন। সেই থেকে মুখে মুখে তিনি জাতীয় কবি হয়ে আছেন। কিন্তু সরকারিভাবে তাকে জাতীয় কবি হিসেবে ঘোষণা করে কোনো প্রজ্ঞাপন বা গেজেট প্রকাশ করা হয়নি। বাংলাদেশের দুটি আইনে জাতীয় কবি হিসেবে নজরুলের নাম উল্লেখ করা হয়। একটি হলো ৭ মে ২০০৬ জাতীয় সংসদে পাস করা 'জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬' এবং দ্বিতীয়টি হলো ১২ ফেব্রুয়ারি ২০১৮ পাস করা 'কবি নজরুল ইনস্টিটিউট আইন, ২০১৮'। কবি নজরুল ইনস্টিটিউট আইনের ২ ধারায় তাকে জাতীয় কবি হিসেবে সংজ্ঞায়িত করা হয়।



## বিদ্যুৎ ও জ্বালানির দায়মুক্তি আইন বাতিল

প্রতিযোগিতামূলক দরপত্র ছাড়া কাজ দিতে ৩ অক্টোবর ২০১০ জাতীয় সংসদে বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) বিল, ২০১০ পাস করে তৎকালীন আওয়ামী লীগ সরকার। এ আইনের অধীন কোনো সিদ্ধান্তের বৈধতা নিয়ে আদালতে চ্যালেঞ্জ করা যাবে না এমন বিধান থাকার কারণে এটি দায়মুক্তি আইন হিসেবে পরিচিতি পায়। তবে অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর ১৮ আগস্ট ২০২৪ বিশেষ বিধান আইন স্থগিতের ঘোষণা দেয়। এরপর ১৪ নভেম্বর ২০২৪ 'বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০' এর ধারা ৬(২) ও ধারা ৯ হাইকোর্ট বিভাগ অবৈধ ঘোষণা করে। এরপর ২০ নভেম্বর ২০২৪ উপদেষ্টা পরিষদ 'বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০' বাতিলের প্রস্তাব নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দেয়। সর্বশেষ ২৮ নভেম্বর ২০২৪ বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) (রহিতকরণ) অধ্যাদেশ, ২০২৪ জারি করে।

## পেপারলেসের যাত্রা শুরু

১৮ ডিসেম্বর ২০২৪ পেমেট গেটওয়ে সিস্টেম পেপারলেস লিমিটেড যাত্রা শুরু হয়। এটি বাংলাদেশের একটি আর্থিক প্রযুক্তি কোম্পানি। ২০২০ সালে প্রতিষ্ঠিত হয় কোম্পানিটি। ২০২৩ সালে এটি পেমেট সিস্টেম অপারেটর (PSO) হিসেবে বাংলাদেশ ব্যাংকের কাছ থেকে লাইসেন্স পায়। পেপারলেস অ্যাপের মাধ্যমে ট্রেন্ডিট কার্ডের পেমেটের মেয়াদ কবে শেষ হবে, তা আগে থেকে জানিয়ে দেবে। এছাড়াও কোন শপে কত শতাংশ ছাড় পণ্য পাওয়া যাবে, সেগুলোও জানা যাবে।

## বানৌজা বিষখালী

৩০ নভেম্বর ২০২৪ খুলনায় বাংলাদেশ নৌবাহিনীর জাহাজ 'বানৌজা বিষখালী'র কমিশনিং তুলে দেওয়া হয়। নৌবাহিনীর অন্যান্য যুদ্ধজাহাজের মতো 'বানৌজা বিষখালী' জাহাজটি দেশের নদী ও সমুদ্রসীমার চোরাচালান প্রতিরোধ, উপকূলীয় এলাকায় টহল প্রদান, অবৈধ মৎস্য আহরণ প্রতিরোধে অপারেশনাল কর্মকাণ্ডে নিয়োজিত থেকে দেশসেবায় অগ্রণী ভূমিকা পালন করবে। এটি বাংলাদেশ নৌবাহিনীর জন্য খুলনা শিপইয়ার্ডে নির্মিত পঞ্চদশ যুদ্ধজাহাজ। জাহাজটির দৈর্ঘ্য ৫১.৬ মিটার এবং প্রস্থ ৭.৫ মিটার। জাহাজটি ঘণ্টায় সর্বোচ্চ ২১ নটিক্যাল মাইল বেগে চলতে সক্ষম। জাহাজটি আধুনিক প্রযুক্তিসম্পন্ন এবং একটি ৪০ মিলিমিটার বফর গান, দুটি ১২.৭ মিলিমিটার হেভি মেশিনগান, মাইন লেইং রেল, অত্যাধুনিক সারভিলেন্স রাডার, জিপিএস, ইকো-সাঁউন্ডার সিস্টেমসহ বিভিন্ন ধরনের যুদ্ধ সরঞ্জামাদিতে সুসজ্জিত।



## যমুনা রেলসেতুতে পরীক্ষামূলক ট্রেন

২৬ নভেম্বর ২০২৪ যমুনা নদীর বুকে দেশের নবনির্মিত দীর্ঘতম রেলসেতু দিয়ে পরীক্ষামূলক ট্রেন চলাচল করে। পরীক্ষামূলক চালু হলেও ট্রেনের পূর্ণগতি পেতে আরও সময় লাগবে। প্রথমে ঘণ্টায় ১০ কিলোমিটার পরে ২০ কিলোমিটার ও শেষে ৪০ কিলোমিটার গতিতে ট্রেন চালানো হয় সেতু দিয়ে। ২০২৫ সালের জানুয়ারিতে সেতুটি ট্রেন চলাচলের জন্য খুলে দেওয়া হবে। দেশের এই দীর্ঘতম রেল সেতু দিয়ে প্রতিদিন বিরতিহীনভাবে কমপক্ষে ৮৮টি ট্রেন দ্রুতগতিতে চলাচল করতে পারবে।

## BRT রুটে বাস চালু

১৫ ডিসেম্বর ২০২৪ কিছু কাজ অসমাপ্ত রেখেই আনুষ্ঠানিকভাবে গাজীপুর থেকে গুলিস্তান পর্যন্ত বাস র‍্যাপিড ট্রানজিট (BRT) লেনে বাস চলাচল উদ্বোধন করা হয়। প্রাথমিকভাবে ১০টি BRTC এসি বাস গাজীপুরের শিববাড়ী টার্মিনাল থেকে BRT লেনে এয়ারপোর্ট পর্যন্ত ২০.৫ কিলোমিটার এবং এয়ারপোর্ট থেকে গুলিস্তান পর্যন্ত ২২ কিলোমিটারে মোট ৪২.৫ কিলোমিটার পথ চলাচল করবে। শিববাড়ী থেকে এয়ারপোর্ট পর্যন্ত ভাড়া ৭০ টাকা এবং শিববাড়ী থেকে গুলিস্তান পর্যন্ত ভাড়া ১৪০ টাকা নির্ধারণ করা হয়। ২০১১ সালে BRT প্রকল্পটি নেওয়া হয়।

## চালু হচ্ছে জর্ডান এয়ারলাইন্স

৬ ডিসেম্বর ২০২৪ বাংলাদেশে রয়্যাল জর্ডানিয়ান এয়ারলাইন্সের জেনারেল সেলস এজেন্ট (GSA) হিসেবে নিয়োগ পায় সায়মন এয়ার ট্রাভেলস লিমিটেড। বাংলাদেশিদের ঢাকা থেকে সরাসরি জর্ডানের আম্মান ও আম্মান হয়ে ইউরোপ-আমেরিকার নানা গন্তব্যে পৌঁছে দিতে বাংলাদেশে ফ্লাইট চালু করছে জর্ডানের রাষ্ট্রীয় পতাকাবাহী উড়োজাহাজ সংস্থা রয়্যাল জর্ডানিয়ান এয়ারলাইন্স। ২০২৫-এর মার্চ-এপ্রিল থেকে ফ্লাইট চালুর পরিকল্পনা রয়েছে। এয়ারলাইন্সটি জর্ডানের রাজধানী আম্মান থেকে ৪৫টিরও বেশি গন্তব্যে এবং ৫০টিরও বেশি সংযোগকারী পয়েন্টে সরাসরি ফ্লাইট পরিচালনা করে।

## পূর্ব তিমুরের প্রেসিডেন্টের বাংলাদেশ সফর

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের আমন্ত্রণে ১৪-১৭ ডিসেম্বর ২০২৪ পূর্ব তিমুরের প্রেসিডেন্ট হোসে রামোস হোর্তা বাংলাদেশ সফর করেন। এটি দেশটির রাষ্ট্রপ্রধান পর্যায়ের প্রথম সরকারি সফর। ১৫ ডিসেম্বর ২০২৪ দুই দেশের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের জন্য ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি এবং Bilateral Consultation Mechanism (BCM) প্রতিষ্ঠা সংক্রান্ত সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। ভিসা অব্যাহতি চুক্তির আওতায় দুই দেশের কূটনৈতিক পাসপোর্টধারীরা ভিসা ছাড়াই একে অপরের দেশে প্রবেশ, অবস্থান এবং প্রস্থান করতে পারবেন।

### ২০২৪ সালে বাংলাদেশ সফর

ব্যক্তি	সময়কাল
ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক	২৫-২৮ মার্চ ২০২৪
কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি	২২-২৩ এপ্রিল ২০২৪
মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম	৪ অক্টোবর ২০২৪

## রেল নেটওয়ার্কে দেশের ৪৯তম জেলা

২৪ ডিসেম্বর ২০২৪ দেশের ৪৯তম জেলা হিসেবে রেল নেটওয়ার্কে যুক্ত হয় নড়াইল। এদিন খুলনা থেকে নড়াইল হয়ে পদ্মা সেতু দিয়ে ঢাকার পথে যুক্ত হয় নতুন ট্রেন 'জাহানাবাদ এক্সপ্রেস'। আর ঢাকার কমলাপুর থেকে নড়াইল হয়ে যশোরের বেনাপোল রুটে যুক্ত হয় 'রূপসী বাংলা' এক্সপ্রেস। জাহানাবাদ এক্সপ্রেস চালুর ফলে পদ্মা সেতু হয়ে খুলনা থেকে ঢাকার দূরত্ব কমে ২১২ কিলোমিটার। আগে খুলনা থেকে ঢাকার দূরত্ব ছিল ৪৩০ কিলোমিটার। এখন পদ্মা সেতু হয়ে এ রুটের দূরত্ব হয়েছে ১৯৯ কিলোমিটার। এছাড়া ঢাকা থেকে খুলনার পথে দুটি আন্তঃনগর ট্রেন 'সুন্দরবন এক্সপ্রেস' ও 'চিত্রা এক্সপ্রেস' চলাচল করে। এর মধ্যে সুন্দরবন এক্সপ্রেস পদ্মা সেতু হয়ে এবং চিত্রা এক্সপ্রেস বঙ্গবন্ধু সেতু হয়ে চলাচল করছে। ১ নভেম্বর ২০২৩ থেকে ঢাকা-খুলনা রুটে 'নকশীকাঁথা' নামে একটি কমিউটার ট্রেন চলছে। অন্যদিকে ঢাকা থেকে বেনাপোল রুটে 'বেনাপোল এক্সপ্রেস' চলাচল করত বঙ্গবন্ধু সেতু হয়ে। এটি এখন পদ্মা সেতু হয়ে ভাঙ্গা, ফরিদপুর, রাজবাড়ী, দর্শনা ও যশোর হয়ে বেনাপোলে যায়।

### জেনে নিন

- বর্তমানে দেশে মোট ৪৯টি জেলা রেল নেটওয়ার্কের অন্তর্ভুক্ত রয়েছে।
- ১০ অক্টোবর ২০২৩ মুন্সীগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর দেশের রেল নেটওয়ার্কে যুক্ত হয়।
- ১ নভেম্বর ২০২৩ দেশের ৪৭তম জেলা হিসেবে রেল নেটওয়ার্কে যুক্ত হয় বাগেরহাট।
- ১১ নভেম্বর ২০২৩ দেশের ৪৮তম জেলা হিসেবে রেল নেটওয়ার্কে যুক্ত হয় কক্সবাজার।
- ২৪ ডিসেম্বর ২০২৪ দেশের ৪৯তম জেলা হিসেবে রেল নেটওয়ার্কে যুক্ত হয় নড়াইল।
- বর্তমানে দেশের ১৫টি জেলায় রেল নেটওয়ার্ক নেই। জেলাগুলো হলো— সাতক্ষীরা, মাগুরা, বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালী, বরগুনা, পিরোজপুর, ভোলা, মেহেরপুর, মানিকগঞ্জ, লক্ষ্মীপুর, শেরপুর, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলা।
- দেশের একমাত্র বরিশাল বিভাগের কোনো জেলাতেই রেলপথ নেই।



## সুখী : প্রথম ডিজিটাল স্বাস্থ্যসেবা প্র্যাটফর্ম

২৮ নভেম্বর ২০২৪ স্বাস্থ্যসেবাকে প্রতিটি মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে গ্রামীণ ডিজিটাল হেলথকেয়ার সলিউশন নিয়ে আসে দেশের প্রথম পূর্ণাঙ্গ ডিজিটাল স্বাস্থ্যসেবা প্র্যাটফর্ম 'সুখী' অ্যাপ। ঘরে বসেই দেশের সেরা চিকিৎসকদের সঙ্গে টেলিমেডিসিন পরামর্শ, ল্যাব টেস্ট করানো, ঔষধের হোম ডেলিভারি, অ্যাম্বুলেন্স ও ব্লাড ব্যাংকের জরুরি সেবা গ্রহণ করা যাবে এই এক অ্যাপ থেকেই। অ্যাপটির মূল লক্ষ্য শহর ও গ্রামের মধ্যে স্বাস্থ্যসেবার ব্যবধান দূর করে সহজে ও সাশ্রয়ী মূল্যে প্রত্যন্ত এলাকায় সেবা পৌঁছে দেওয়া। এ অ্যাপটি Google Play এবং App Store থেকে ডাউনলোড করা যাবে। এছাড়াও [www.shukhee.com](http://www.shukhee.com) ও ১০৬৫৭ নম্বরে কল করে সহজেই সেবা নেওয়া যাবে।

**Shukhee**

গ্রামীণ ডিজিটাল হেলথকেয়ার  
সলিউশনস-এর একটি উদ্যোগ

## সাইক্লিস্ট তাম্মাতের জয়

২০ নভেম্বর ২০২৪ দেশের একমাত্র সাইক্লিস্ট হিসেবে এভারেস্ট বেস ক্যাম্পে পৌঁছান চট্টগ্রামের তাম্মাত বিল খোয়ার। তিনি প্রথম বাংলাদেশি সাইক্লিস্ট হিসেবে এ কৃতিত্ব অর্জন করেন। ২৩ দিনে দীর্ঘ ৫,৩০০ মিটার পথ পাড়ি দিয়ে এ অর্জন করেন তিনি।

## বিমানবাহিনীতে অনারারি কমিশন

১৬ ডিসেম্বর ২০২৪ মহান বিজয় দিবস উপলক্ষে বাংলাদেশ বিমান বাহিনীতে প্রথমবারের মতো মাস্টার ওয়ারেন্ট অফিসার পদবির জেসিওদেরকে অনারারি কমিশন প্রদান করা হয়। বিমান বাহিনীর ১৫ জন মাস্টার ওয়ারেন্ট অফিসার পদবির জেসিওকে সম্মানসূচক অনারারি ফ্লাইং অফিসার পদবিতে অনারারি কমিশন প্রদান করা হয়।

## প্রথম শাটল বাস সার্ভিস চালু

২৮ নভেম্বর ২০২৪ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রথমবারের মতো ক্যাম্পাসে শাটল বাস সার্ভিস চালু করা হয়। তিন মাসের জন্য পরীক্ষামূলকভাবে এ সার্ভিস চালুর সিদ্ধান্ত হয়। ৩টি নন এসি মিনিবাস সকাল ৭টা থেকে রাত ৯টা পর্যন্ত চক্রাকারে ক্যাম্পাসের ৩টি রুটে চলাচল করবে। উল্লেখ্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের শহর থেকে ক্যাম্পাসে যাতায়াতের জন্য শাটল ট্রেন চালু রয়েছে। বাংলাদেশে একমাত্র চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়েরই দুটি শাটল ট্রেন চালু রয়েছে। শিক্ষার্থীরা একে 'জোবরা এক্সপ্রেস' নামেও ডাকে।

## জাতিসংঘ পার্ক খুলছে

অবশেষে পুনরায় সবার জন্য খুলবে বন্দরনগরী চট্টগ্রামের জাতিসংঘ পার্ক। চট্টগ্রাম শহরের কেন্দ্রে ৬৯ একর আয়তনের পাঁচলাইশ আবাসিক এলাকাটি গণপূর্ত অধিদপ্তরের। ১৯৫৪ সালে আবাসিক এলাকাটির জন্য জমি বরাদ্দ দেয় সংস্থাটি। এর মাঝে ২.১৭ একর আয়তনের এই উদ্যানের নাম শুরুতে ছিল 'পাঁচলাইশ পার্ক'। ১৯৮৮ সালে গণপূর্ত অধিদপ্তর সংস্কার ও ব্যবস্থাপনার জন্য পার্কের দায়িত্ব দেয় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হাতে। ২০০২ সালে পার্কের নামকরণ করা হয় 'জাতিসংঘ পার্ক'।

## ৯০ দিন অনাদায়ি থাকলেই খেলাপি

২৭ নভেম্বর ২০২৪ খেলাপি ঋণ বিষয়ে নীতিমালা জারি করে কেন্দ্রীয় ব্যাংক। নির্দিষ্ট সময়সীমার মধ্যে কোনো ঋণ পরিশোধ না করলে তা মেয়াদোত্তীর্ণ হিসেবে গণ্য হবে। এরপর অনাদায়ি হিসেবে এই ঋণ ৯০ দিন অতিক্রম করলে খেলাপি হয়ে যাবে। এ নীতিমালা ২০২৫ সালের এপ্রিল মাস থেকে কার্যকর হবে। বর্তমানে কোনো ঋণ মেয়াদোত্তীর্ণ হওয়ার ১ বছর সময় পর্যন্ত গ্রাহক খেলাপিমুক্ত থাকার সুযোগ পান। সব ধরনের ঋণের ক্ষেত্রে ঋণের মেয়াদোত্তীর্ণের সময়সীমা তিন থেকে ছয় মাসের মধ্যে হলে নিশ্চয় হিসেবে খেলাপি হবে। ৬-১২ মাসের মধ্যে সন্দেহজনক এবং ১২ মাস বা এর বেশি হলে মন্দ/ক্ষতিজনক মানে খেলাপি হবে।

## দেশের প্রথম উপকূলীয় নদীবন্দর

১০ ডিসেম্বর ২০২৪ প্রজ্ঞাপন জারি করে সন্দ্বীপকে দেশের প্রথম উপকূলীয় নদীবন্দর ঘোষণা করা হয়। এ নিয়ে দেশে নদীবন্দরের সংখ্যা ৫৩টি। প্রজ্ঞাপনে ভূ-ভাগের সীমানার বর্ণনা দিয়ে বলা হয়, সন্দ্বীপ দ্বীপের চারপাশের তীরের সাধারণ ভ্রাকটালের সময় সর্বোচ্চ পানি সমতল থেকে ভূ-ভাগের দিকে ৫০ মিটার পর্যন্ত এর সীমানা বিস্তৃত। সন্দ্বীপ উপকূলীয় এলাকার ওই সীমানার মধ্যে খালগুলো নদীবন্দরের সীমানার আওতাভুক্ত হবে। সর্বশেষ ঘোষিত ৫টি নদীবন্দর—

নাম	প্রজ্ঞাপন জারি	গেজেট প্রকাশ
৪৯. রাজশাহী নদীবন্দর	২৯ এপ্রিল ২০২৪	৩০ এপ্রিল ২০২৪
৫০. ভোলাগঞ্জ নদীবন্দর	৩১ জুলাই ২০২৪	৬ আগস্ট ২০২৪
৫১. গোয়াইনঘাট নদীবন্দর	১ অক্টোবর ২০২৪	৭ অক্টোবর ২০২৪
৫২. সিলেট নদীবন্দর	৮ অক্টোবর ২০২৪	১৫ অক্টোবর ২০২৪
৫৩. সন্দ্বীপ উপকূলীয় নদীবন্দর	১০ ডিসেম্বর ২০২৪	১১ ডিসেম্বর ২০২৪

## দেশের GI পণ্য এখন ৫১টি

২০২৪ সালের ডিসেম্বরে পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (DPDT) আরও ৮টি GI পণ্যের স্বীকৃতি দেয়। এ নিয়ে দেশের GI পণ্য এখন ৫১টি।



নাম	আবেদন
৪৪. শেরপুরের ছানার পায়স	১৫ জানুয়ারি ২০২৪
৪৫. সিরাজগঞ্জের লুংগি	৬ মার্চ ২০২৪
৪৬. গাজীপুরের কাঁঠাল	২০ মার্চ ২০২৪
৪৭. কিশোরগঞ্জের রাতা বোরো ধান	২১ মে ২০২৪
৪৮. অষ্টগ্রামের পনির	২১ মে ২০২৪
৪৯. বরিশালের আমড়া	২৫ ফেব্রুয়ারি ২০২৪
৫০. কুমারখালীর বেডশিট	২৩ মে ২০২৪
৫১. দিনাজপুরের বেদানা লিচু	১২ ফেব্রুয়ারি ২০২৪



# বিশ্ব পরিক্রমা

## স্বল্পোন্নত দেশ এখন ৪৪টি

১৩ ডিসেম্বর ২০২৪ সাওটোমে অ্যান্ড প্রিন্সিপে স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ হয়। যার ফলে স্বল্পোন্নত দেশের সংখ্যা এখন ৪৪টি।

স্বল্পোন্নত দেশ : LDCs'র পূর্ণরূপ Least Developed Countries অর্থাৎ, স্বল্পোন্নত দেশসমূহ। স্বল্পোন্নত দেশের ধারণাটি আসে ষাটের দশকে। জাতিসংঘ অর্থনৈতিক ও সামাজিক

প্রেক্ষাপট বিবেচনা করে উন্নয়নশীল ও উন্নত এই দুই শ্রেণিতে বিশ্বের সকল দেশকে ভাগ করে। তবে উন্নয়নশীল দেশের মধ্যে



আবার যেসব দেশ তুলনামূলক দুর্বল, তাদের নিয়ে স্বল্পোন্নত দেশের (LDC) তালিকা হয়। ১৮ নভেম্বর ১৯৭১ জাতিসংঘের এক প্রস্তাবের মাধ্যমে LDC গ্রুপ গড়ে ওঠে। উন্নত দেশের পক্ষ থেকে উন্নয়নশীল দেশগুলোর অর্থনীতিকে শক্তিশালী করতে স্কন্ধযুক্ত পণ্য রপ্তানির সুবিধা দেয়। সর্বশেষ ২০১২ সালে LDC-তে যুক্ত হয় দক্ষিণ-সুদান।

### LDC থেকে উত্তরণ

দেশ	অন্তর্ভুক্তি	উত্তরণ
বতসোয়ানা	১৯৭১	১৯ ডিসেম্বর ১৯৯৪
কেপভার্দে	১৯৭৭	২০ ডিসেম্বর ২০০৭
মালদ্বীপ	১৯৭১	১ জানুয়ারি ২০১১
সামোয়া	১৯৭১	১ জানুয়ারি ২০১৪
নিরক্ষীয় গিনি	১৯৮২	৪ জুন ২০১৭
ভানুয়াতু	১৯৮৫	৪ ডিসেম্বর ২০২০
ভুটান	১৯৭১	১৩ ডিসেম্বর ২০২৩
সাওটোমে অ্যান্ড প্রিন্সিপে	১৯৮২	১৩ ডিসেম্বর ২০২৪

### উত্তরণের পথে যত দেশ

দেশ	অন্তর্ভুক্তি	উত্তরণ হবে
বাংলাদেশ	১৯৭৫	২৪ নভেম্বর ২০২৬
লাওস	১৯৭১	২৪ নভেম্বর ২০২৬
নেপাল	১৯৭১	২৪ নভেম্বর ২০২৬
সলোমন দ্বীপপুঞ্জ	১৯৯১	১৩ ডিসেম্বর ২০২৭

## বাণিজ্য ব্লকে পানামা

৭ ডিসেম্বর ২০২৪ দক্ষিণ আমেরিকার বাণিজ্য ব্লক মার্কেসার (MERCOSUR) সহযোগী সদস্য রাষ্ট্র হিসেবে আনুষ্ঠানিকভাবে যোগ দেয় পানামা। এর মাধ্যমে প্রথমবারের মতো মধ্য আমেরিকার কোনো দেশ এই ব্লকে অন্তর্ভুক্ত হয়। ১৯৯১ সালে প্রতিষ্ঠিত মার্কেসার সাউদার্ন কমন্স মার্কেট বা দক্ষিণের বাজার নামেও পরিচিত। মার্কেসারের মূল উদ্দেশ্য, দেশগুলোর মধ্যে স্কন্ধ কমানো এবং সমন্বিত নীতি গ্রহণের মাধ্যমে বাণিজ্যকে সহজ করা।

## ব্রাজিলে আদিবাসী ভূখণ্ডের স্বীকৃতি

৪ ডিসেম্বর ২০২৪ ব্রাজিলে আরও তিনটি এলাকাকে আদিবাসী ভূখণ্ড হিসেবে স্বীকৃতি দেয় দেশটির সরকার। এ নিয়ে আদিবাসী ভূখণ্ডের সংখ্যা এখন ১৩টি। দ্বিতীয় মেয়াদে ২০২৩ সালে ক্ষমতায় আসার পর এসব আদিবাসী অঞ্চলকে আইনি সুরক্ষা দিয়ে আসছে বর্তমান বামপন্থি সরকার। সর্বশেষ স্বীকৃতি পাওয়া তিনটি অঞ্চল হলো উত্তর-পূর্বাঞ্চলীয় পারাইবা রাজ্যের পোতিগুয়ারা দে মন্তে-মোর এবং দক্ষিণাঞ্চলীয় রাজ্য সান্তা কাতারিনার মরো দোস কাবালস ও তোলদো টিমু।

ভূখণ্ডের নাম	আয়তন	আদিবাসী
পোতিগুয়ারা দে মন্তে-মোর	৭,৫৩০ হেক্টর	পোটিগুয়ারা
মরো দোস কাবালস	১,৯৮৩ হেক্টর	গ্যারানি এমবিয়া এক নদেজ
তোলদো টিমু	১,৯৬০ হেক্টর	কাইঙ্গাং

## ■ নতুন আদিবাসী মাসাকো

ব্রাজিলের সরকারি সংস্থা ব্রাজিলিয়ান ন্যাশনাল ইনডিজেনাস পিপলস ফাউন্ডেশনের (ফিউনাই) বসানো স্বয়ংক্রিয় ক্যামেরায় ধরা পড়ে মাসাকো জনগোষ্ঠীর কিছু ছবি। এতে প্রথমবারের মতো জানা যায় জনগোষ্ঠীটি সম্পর্কে কিছু তথ্য বিশ্লেষণ। আমাজনজুড়ে চাষাবাদ, কাঠ ব্যবসা, খনি কার্যক্রম ও মাদক চোরাচালানকারীদের ব্যাপক দৌরাছোর পরও মাসাকোদের সংখ্যা বাড়ছে। নব্বই দশকের পর থেকে মাসাকোদের সংখ্যা অন্তত দ্বিগুণ বেড়ে ২০০ থেকে ২৫০-এ দাঁড়ায়।

## বর্ষসেরা শব্দ ২০২৪

নাম	শব্দ	অর্থ
ক্যামব্রিজ ডিকশনারি	Manifest	স্পষ্ট বা প্রকাশ
অক্সফোর্ড ডিকশনারি	Brain rot	মস্তিষ্ক পচা
কলিং ডিকশনারি	Brat	বাচ্চা
ডিকশনারি ডট কম	Demure	সংযম
অক্সফোর্ড ডিকশনারি	Enshittification	পণ্যের ধীরে ধীরে অবনতি
মেরিয়াম ওয়েবস্টার	Polarización	মেরুকরণ

## UNCTAD'র হীরকজয়ন্তী

United Nations Conference on Trade and Development (UNCTAD) বা জাতিসংঘ বাণিজ্য ও উন্নয়ন সংস্থা বিশ্ববাণিজ্যে উন্নয়নশীল দেশগুলোর স্বার্থ রক্ষায় কাজ করে। ৩০ ডিসেম্বর ১৯৬৪ UNCTAD প্রতিষ্ঠিত হয় এবং ৩০



ডিসেম্বর ২০২৪ UNCTAD'র ৬০ বছর পূর্তি হয়। UNCTAD'র ৬০তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে ৯ এপ্রিল ২০২৪ নতুন নাম UN Trade and Development ঘোষণা করা হয়। সংস্থাটির উদ্দেশ্য বাণিজ্য, সাহায্য, পরিবহণ, অর্থ ও প্রযুক্তিসহ উন্নয়নের সমস্ত দিক সম্পর্কিত নীতি প্রণয়ন করা। UNCTAD-এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত।

### প্রথম ডিজিটাল রাষ্ট্র টুভ্যালু

৯টি ক্ষুদ্র প্রবাল দ্বীপের দেশ টুভ্যালু। প্রশান্ত মহাসাগরের মাঝখানে তার অবস্থান। জলবায়ু পরিবর্তনের প্রভাবে ডুবতে বসেছে দেশটি। এ জন্য টুভ্যালু সরকার একটি পরিকল্পনা হাতে নেয়। যার মধ্যে রয়েছে টুভ্যালুর ডিজিটাল কপি তৈরি। ডিজিটাল রাষ্ট্র হিসেবে যাতে ভবিষ্যতেও টুভ্যালু টিকে থাকে, সেটাও এ পরিকল্পনার লক্ষ্য। টুভ্যালু আগামী ২০৫০ সালের মধ্যে ভূমি হারাতে যাচ্ছে। সার্বভৌম দেশ হিসেবে স্বীকৃতি পাওয়ার জন্য দেশটির সরকার চাইছে ডিজিটাল কপিটিকেই ভূমি হিসেবে স্বীকৃত করতে। এরই মধ্যে ২৬টি দেশ মেটাভার্সে থাকা টুভ্যালুর ডিজিটাল কপিকে সার্বভৌম দেশের ভূমি হিসেবে স্বীকৃতি দিয়েছে। ভবিষ্যতে টুভ্যালুর নাগরিকদের পাসপোর্ট, জন্ম নিবন্ধন ও অন্যান্য সরকারি ডকুমেন্ট সরাসরি ব্লকচেইনের মাধ্যমে ডিজিটালাইজড করবে দেশটির সরকার।

## ভারত

### যুক্তরাষ্ট্রের অসহযোগী দেশের তালিকায়

২০২৪ সালের ডিসেম্বরে যুক্তরাষ্ট্রের অভিবাসন ও শুল্ক প্রয়োগ সংস্থা (ICE) ভারতকে 'অসহযোগী দেশ'ের তালিকায় অন্তর্ভুক্ত করে, যেখানে ইতোমধ্যে ভুটান, কিউবা, ইরান, পাকিস্তান, রাশিয়া ও ভেনেজুয়েলা রয়েছে। প্রত্যাশিত প্রক্রিয়ায় যথাযথ সহযোগিতা না করায় তাদের অসহযোগী দেশের তালিকাভুক্ত করা হয়। যুক্তরাষ্ট্রের ICE অভিযোগ করে, ভারত তাদের নাগরিকদের ফেরত নিতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে ব্যর্থ হয়। যুক্তরাষ্ট্রে অবৈধ অভিবাসীর সংখ্যার তালিকায় শীর্ষে রয়েছে হন্ডুরাস।

### MFN'র মর্যাদা প্রত্যাহার

১০ ডিসেম্বর ২০২৪ ভারতের সঙ্গে দ্বৈত কর পরিহার চুক্তির (DTAA) একটি গুরুত্বপূর্ণ ধারা থেকে সরে আসার ঘোষণা দেয় সুইজারল্যান্ড। যা ১ জানুয়ারি ২০২৫ থেকে কার্যকর হবে। DTAA চুক্তির একটি ধারা অনুসারে বর্তমানে ভারত সবচেয়ে বেশি সুবিধাপ্রাপ্ত রাষ্ট্র (MFN) হিসেবে বিবেচিত হয়। ২০২৩ সালের অক্টোবরে ভারতের সুপ্রিম কোর্টে নেসলে মামলার রায়ের প্রেক্ষাপটে এ সিদ্ধান্ত নেওয়া হয়। এর ফলে ১ জানুয়ারি ২০২৫ থেকে ভারতীয় করদাতাদের জন্য সুইজারল্যান্ডে ডিভিডেন্ডের ওপর করহার ৫% থেকে বাড়িয়ে ১০% করা হবে।

■ নেসলে মামলা : লিথুয়ানিয়া এবং কলম্বিয়ার সঙ্গে ভারত এমন একটি কর চুক্তি করে, যেখানে নির্দিষ্ট ধরনের আয়ের ওপর করহার ছিল অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়ন সংস্থা (OECD)-ভুক্ত দেশগুলোর তুলনায় কম। পরে এই দেশগুলো OECD-তে যোগ দেয়। তখন সুইজারল্যান্ড দাবি করে, ভারতের সঙ্গে তাদের চুক্তিতে MFN ধারা অনুযায়ী করের হার ১০% থেকে কমিয়ে ৫% হতে হবে। কিন্তু ভারতের সুপ্রিম কোর্ট রায় দেন, কোনো দেশ OECD-তে যোগ দিলেই MFN ধারা স্বয়ংক্রিয়ভাবে কার্যকর হয় না। বরং পূর্ববর্তী কর চুক্তি অধিকার পায়।

### লোকসভায় এক দেশ এক ভোট বিল

১৭ ডিসেম্বর ২০২৪ ভারতের পার্লামেন্টের নিম্নকক্ষ লোকসভায় পেশ করা হয় 'এক দেশ, এক নির্বাচন' সংক্রান্ত সংবিধান সংশোধনী বিল। তবে আরও আলোচনার জন্য বিলটি যুগ্ম সংসদীয় কমিটিতে (JPC) পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়। ৯০ দিনের মধ্যে JPC-কে বিলসংক্রান্ত চূড়ান্ত রায় জানাতে হবে। তারপর সংবিধান সংশোধন বিল পাস করাতে গেলে সংসদের দুই কক্ষে দুই-তৃতীয়াংশ সদস্যের সম্মতি ছাড়াও দেশের মোট রাজ্যের অর্ধেকের অনুমোদন প্রয়োজন হবে।

### ■ এক দেশ এক ভোট : 'এক দেশ

এক ভোট' বলতে ভারতজুড়ে একই সময়ে লোকসভা ও বিধানসভা নির্বাচনকে বোঝায়। এই বিল আইনে পরিণত হলে লোকসভা ও বিধানসভার পাশাপাশি পৌরসভা ও পঞ্চায়েতের মতো স্থানীয় সরকারের নির্বাচনও একসঙ্গে করা যাবে।

### পারমাণবিক অস্ত্র বহনে সক্ষম ক্ষেপণাস্ত্র পরীক্ষা

২৭ নভেম্বর ২০২৪ সাবমেরিন থেকে নিষ্ক্ষেপণযোগ্য পারমাণবিক অস্ত্র বহনে সক্ষম ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের প্রথম পরীক্ষা চালায় ভারত। এ পরীক্ষার মাধ্যমে ভারত স্থল, আকাশ ও সমুদ্রের নিচ থেকে পরমাণু অস্ত্র নিষ্ক্ষেপের সক্ষমতা অর্জন করে। INS আরিঘাট থেকে সফলভাবে ৩,৫০০ কিমি পাল্লার পারমাণবিক অস্ত্র বহনে সক্ষম ক্ষেপণাস্ত্র K4-এর পরীক্ষা চালানো হয়।



## এশিয়া মহাদেশ



### Mpox টিকার ক্লিনিক্যাল ট্রায়াল

১২ ডিসেম্বর ২০২৪ চীনের ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান সিনোফার্ম তাদের তৈরি এমপক্স টিকার ক্লিনিক্যাল ট্রায়ালের অনুমোদন দেয়। এ পরীক্ষামূলক টিকা যৌথভাবে তৈরি করে সিনোফার্মের অধীনস্থ বেইজিং ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল প্রোডাক্টস এবং চীনের সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের ভাইরাস রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জাতীয় ইনস্টিটিউট। চীনে বর্তমানে কোনো অনুমোদিত এমপক্স ভ্যাকসিন নেই। উল্লেখ্য, ১৪ আগস্ট ২০২৪ বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) বিশ্বের বিভিন্ন অঞ্চলের বেশ কয়েকটি দেশে এমপক্স ছড়িয়ে পড়ার পরিপ্রেক্ষিতে বিশ্বব্যাপী জরুরি অবস্থা জারি করে।

### বিশ্বের সর্ববৃহৎ সোনার খনি

২০২৪ সালের নভেম্বরে চীনের হুনান প্রদেশে একটি সোনার খনির সন্ধান পাওয়া যায়। প্রাথমিকভাবে ধারণা করা হয় খনিটিতে ১,০০০ টন সোনা মজুত রয়েছে। যার আনুমানিক মূল্য ৬০০ বিলিয়ন ইউয়ান। এর আগে দক্ষিণ আফ্রিকার সাউথ ডিপ খনিতে ৯৩০ টন সোনার মজুত সমৃদ্ধ খনির সন্ধান পাওয়া যায়। এখন পর্যন্ত এটিই বিশ্বের সবচেয়ে বড় আবিষ্কার হওয়া সোনার খনি। তবে চীনের এই খনিতে যদি ১,০০০ টন সোনার মজুত পাওয়া যায়, তাহলে এটিই হবে বিশ্বের সবচেয়ে বড় আবিষ্কৃত সোনার খনি।

### দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্টকে অভিশংসন

১৪ ডিসেম্বর ২০২৪ দক্ষিণ কোরিয়ার সংসদে আইনপ্রণেতাদের ভোটাভূটিতে অভিশংসিত হন দেশটির প্রেসিডেন্ট ইউন সুক-ইওল। দক্ষিণ কোরিয়ায় সামরিক আইন জারি সংক্রান্ত বিতর্ককে কেন্দ্র করে ইউন সুক-ইওলের অভিশংসনের দাবি ওঠে। তাকে অভিশংসনের জন্য প্রথম দফার প্রচেষ্টা ব্যর্থ হওয়ার পর দ্বিতীয় দফায় পার্লামেন্টে

ভোটাভূটি হয়। ৩০০ জন আইনপ্রণেতার মধ্যে ২০৪ জন প্রেসিডেন্টকে অভিশংসিত করার পক্ষে ভোট দেন। ৮৫ জন প্রস্তাবের বিপক্ষে ভোট দেন। অভিশংসন প্রস্তাব পাস হতে ২০০ ভোট প্রয়োজন হয়। অভিশংসনের পর দেশটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্টের দায়িত্ব নেয় হান ডাক-সু। ২৭ ডিসেম্বর ২০২৪ দেশটির পার্লামেন্টে ভোটাভূটির মাধ্যমে হান ডাক-সুকে অভিশংসিত করে নতুন ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট করা হয় অর্থমন্ত্রী চোই সাং-মককে। তবে ইউনের মতো হানের অভিশংসনের ক্ষেত্রেও সাংবিধানিক আদালতের অনুমোদন নিতে হবে।



প্রেসিডেন্ট ইউন সুক-ইওল। যদিও বিরোধীদের তীব্র আপত্তি ও সংসদে ভোটাভূটির পর মাত্র ছয় ঘণ্টার মধ্যে সেই সামরিক আইন প্রত্যাহার করে নিতে বাধ্য হন তিনি। পরে দক্ষিণ কোরিয়ার এই প্রেসিডেন্টের দেশত্যাগে নিষেধাজ্ঞা আরোপ করে আদালত।

### জন্মহার বাড়তে ৩ দিনের ছুটি

জাপানের রাজধানী টোকিওতে সরকারি চাকরিজীবীদের জন্য চার দিনের কর্ম সপ্তাহ চালু করা হচ্ছে। ২০২৫ সালের এপ্রিল থেকে এ নীতি কার্যকর হবে। এতে কর্মীদের চার দিন অফিস করতে হবে এবং তিন দিন ছুটি পাবেন। কর্মজীবী মায়েদের সহায়তা এবং রেকর্ড-নিম্ন জন্মহার বৃদ্ধি করতেই দেশটি নতুন এই পদক্ষেপ গ্রহণ করেছে। এছাড়া টোকিওতে আরেকটি নতুন নীতির আওতায় প্রাথমিক বিদ্যালয়ের প্রথম থেকে তৃতীয় শ্রেণির ছাত্রছাত্রীদের পিতা-মাতারা আংশিক বেতন কাটছাঁটের মাধ্যমে দ্রুত অফিস ত্যাগ করার সুযোগ পাবেন।

### কৃত্রিম দ্বীপে বিশ্বের বৃহত্তম বিমানবন্দর

কৃত্রিম দ্বীপে বিশ্বের বৃহত্তম বিমানবন্দর তৈরি করছে চীন। নতুন এ বিমানবন্দরটির নাম দালিয়ান ঝিনজোয়ান আন্তর্জাতিক বিমানবন্দর।  
আয়তন : ২০ বর্গকিমি • রানওয়ে : ৪টি • যাত্রী টার্মিনাল : প্রায় ৯ লাখ বর্গমিটার • ব্যয় : ৪৩০ কোটি ডলার • তৈরি হবে : ২০৩৫ সালের মধ্যে। উল্লেখ্য, কৃত্রিম দ্বীপে তৈরি হংকং আন্তর্জাতিক বিমানবন্দরের চেয়ে ১২.৪৮ বর্গকিমি এবং জাপানের ওসাকা বিমানবন্দরের চেয়ে ১০.৫ বর্গ কিমি বড় হবে এ বিমানবন্দরটি।



◆ ভূপৃষ্ঠে অবস্থিত বিশ্বের বৃহত্তম বিমানবন্দর : কিং ফাহাদ আন্তর্জাতিক বিমানবন্দর, সৌদি আরব (৭৮০ বর্গকিমি)  
◆ বিশ্বের বৃহত্তম কৃত্রিম দ্বীপ : ফ্লেভোপোল্ডার (Flevopolder) অবস্থিত নেদারল্যান্ডসে। যার আয়তন ৯৭০ বর্গকিমি।



## UAE'র স্টেবলকয়েনের অনুমোদন

প্রথমবারের মতো নিয়ন্ত্রিত ডিজিটাল মুদ্রা স্টেবলকয়েনের অনুমোদন দেয় সংযুক্ত আরব আমিরাত (UAE)। ১০ ডিসেম্বর ২০২৪ সংযুক্ত আরব আমিরাতের কেন্দ্রীয় ব্যাংকের চূড়ান্ত লাইসেন্স পায় এই কয়েন। EU'র মুদ্রার সঙ্গে দিরহাম-মার্কিন ডলারের বিনিময় হারের সম্পর্ক উল্লেখযোগ্য সুবিধা দেবে নতুন এ ডিজিটাল মুদ্রাকে। স্টেবলকয়েন হলো এমন এক ধরনের ক্রিপ্টোকারেন্সি যা একটি ফিয়ার্ট মুদ্রার সঙ্গে সংযুক্ত থাকে এবং এর দাম সাধারণত কম অস্থির হয়।

## সবচেয়ে দৃষ্টিনন্দন বিমানবন্দর

২ ডিসেম্বর ২০২৪ বিশ্বের সবচেয়ে সুন্দর বিমানবন্দর হিসেবে জাতিসংঘের স্বীকৃতি পায় সংযুক্ত আরব আমিরাতের রাজধানী আবুধাবির জায়েদ ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট। মূলত স্থাপত্যশৈলীর জন্যই বিশ্বের সবচেয়ে সুন্দর বিমানবন্দর হিসেবে ঘোষণা করে জাতিসংঘের বৈশ্বিক শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি-বিষয়ক সংস্থা (UNESCO)। প্যারিসে ইউনেস্কোর সদর দপ্তরে অনুষ্ঠিত ২০২৪ সালের প্রিন্স ডার্সাইলেস ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড বিতরণী অনুষ্ঠানে ৪০০-এর বেশি প্রতিদ্বন্দ্বীকে পেছনে ফেলে শীর্ষস্থান দখল করে এ বিমানবন্দর।

আয়তন : ৭.৪২ লাখ মিটার ❖ আকৃতি : অনেকটা ইংরেজি অক্ষর এক্স-এর মতো ❖ ধারণ ক্ষমতা : একই সঙ্গে ১১,০০০ যাত্রী এবং ৭৯টি উড়োজাহাজ ❖ উদ্বোধন : ২ ডিসেম্বর ২০২৩।


## নতুন ড্রোনবাহী রণতরী

২০২৪ সালের ডিসেম্বরে 'শহিদ বাঘেরি' নামের ইরানের নতুন ড্রোনবাহী রণতরী দেশটির নৌবাহিনীর ঘাঁটি বন্দর আব্বাসের কাছে স্যাটেলাইটে দেখা মিলে। ম্যাস্কার স্যাটেলাইট থেকে তোলা ছবিতে দেখা যায় কনটেইনারবাহী জাহাজকে পরিবর্তন করে ক্যারিয়ারটি এমনভাবে নির্মাণ করা হয় যেন তা ড্রোন উড্ডয়ন ও অবতরণে সক্ষম হয়। তবে 'শহিদ বাঘেরিই' ইরানের একমাত্র ড্রোন ক্যারিয়ার নয়। এছাড়া আরও দুটি 'শহিদ রৌদাকি' ও 'শহিদ মাহদাভি' ড্রোন ক্যারিয়ারও ইরান তৈরি করে।

## খেজুরের কোমল পানীয় 'মিলাফ কোলা'

স্বাদ ও পুষ্টির ভারসাম্য বজায় রাখার প্রতিশ্রুতি দিয়ে বিশ্বের প্রথম খেজুরের কোমল পানীয় তৈরি করে ইতিহাস রচনা করে সৌদি আরব। দেশটি এবার বাজারে এনেছে খেজুরের তৈরি কোমল পানীয়। যার নাম 'মিলাফ কোলা' (Milaf Cola)। ২০২৪ সালের নভেম্বরে রিয়াদ ডেট ফেস্টিভালে এ পানীয়টির উদ্বোধন করেন সৌদি কৃষিমন্ত্রী আব্দুর রহমান আলুফাদলি ও থুরাথ আল-মদিনা কোম্পানির সিইও বান্দার আল-কাহতানি। সৌদি আরবের পাবলিক ইনভেস্টমেন্ট ফান্ডের সহযোগী প্রতিষ্ঠান থুরাথ আল-মদিনা মিলাফ কোলার উৎপাদক। সৌদি আরবে স্থানীয়ভাবে সংগ্রহ

করা উচ্চমানের খেজুর দিয়ে এই কোমল পানীয়টি তৈরি করা হয়। প্রচলিত কোমল পানীয়ের চেয়ে এটি অনেক স্বাস্থ্যকর ও পুষ্টিগুণ সম্পন্ন।



## বিশ্বের দীর্ঘতম চালকবিহীন মেট্রো

সৌদি আরবের রাজধানী রিয়াদে চালু হয় বিশ্বের দীর্ঘতম চালকবিহীন মেট্রো। ১ ডিসেম্বর ২০২৪ থেকে রিয়াদ মেট্রোর কার্যক্রম শুরু হয়। রিয়াদ মেট্রোর ছয়টি রুটের মধ্যে প্রথম ধাপে তিনটি রুট খুলে দেওয়া হয়। পরবর্তীতে ১৫ ডিসেম্বরে দুটি রুট খুলে দেওয়া হয়। ৫ জানুয়ারি ২০২৫ সর্বশেষ রুটটি খুলে দেওয়া হবে। এর মোট দৈর্ঘ্য

১৭৬ কিমি (১০৯ মাইল) এবং এর মাধ্যমে রিয়াদের মূল প্রাণকেন্দ্র, ব্যবসায়িক কেন্দ্রগুলো এবং দর্শনীয় স্থানগুলোতে যাতায়াত করা যাবে। এটি মোট ৮৫টি মেট্রো স্টেশন নিয়ে গঠিত। এর মধ্যে সবচেয়ে পরিচিত জাহা হাদিদ আর্কিটেক্সটের ডিজাইন করা কিং আবদুল্লাহ ফিন্যান্সিয়াল ডিস্ট্রিক্ট (KAFD) মেট্রো স্টেশন। ২২ বিলিয়ন ডলারের এ প্রকল্পটি ২০১২ সালে পরিকল্পনা করা হয়। এর আগে বিশ্বের দীর্ঘতম চালকবিহীন মেট্রো লাইন ছিল 'দুবাই মেট্রো'।

লাইন	রুট	দূরত্ব (কিমি)	চালু
ব্লু লাইন (লাইন ১)	ওলায়া থেকে বাথা স্ট্রিট	৩৮	১ ডিসেম্বর ২০২৪
রেড লাইন (লাইন ২)	কিং আবদুল্লাহ রোড	২৫.১	১৫ ডিসেম্বর ২০২৪
অরেঞ্জ লাইন (লাইন ৩)	মদিনা রোড থেকে প্রিন্স সাদ বিন আব্দুল রহমান আল-আউয়াল	৪১.১	৫ জানুয়ারি ২০২৫ (সম্ভাব্য)
ইয়েলো লাইন (লাইন ৪)	কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে KAFD	২৯.৭	১ ডিসেম্বর ২০২৪
গ্রিন লাইন (লাইন ৫)	কিং আবদুল আজিজ থেকে রিয়াদ এয়ারবেসে	১৩.৩	১৫ ডিসেম্বর ২০২৪
পার্পল লাইন (লাইন ৬)	আব্দুল রহমান বিন আউফ স্ট্রিট থেকে শেখ হাসান বিন হুসেন বিন আলী	২৮.৮	১ ডিসেম্বর ২০২৪



## ২৩৩ বছরের পুরানো সংবাদপত্র বিক্রি

৬ ডিসেম্বর ২০২৪ বিক্রি হয়ে যায় ২৩৩ বছরের পুরানো ব্রিটিশ সংবাদপত্র The Observer। এ পত্রিকাটির মালিকানা সতু কিনে নেয় টরটয়েস মিডিয়া। ১৭৯১ সাল থেকে প্রতি রোববার প্রকাশিত হয় অবজারভার পত্রিকাটি। এটিকে বলা হয় বিশ্বের সবচেয়ে পুরানো সাপ্তাহিক পত্রিকা। ১৯৯৩ সালে পত্রিকাটি কিনে নেয় গার্ডিয়ান মিডিয়া গ্রুপ। ২০২১ সাল পর্যন্ত সংবাদপত্রটি বিক্রির পরিমাণ ধারাবাহিকভাবে কমতে থাকে।

**নারী সম্পাদক :** মালিকানা পরিবর্তনের পর সম্পাদনা পরিষদেও পরিবর্তন আসে পত্রিকাটি। শত বছরের বেশি সময় পর নারী সম্পাদক পায় পত্রিকাটি। ২০২৪ সালের ডিসেম্বরে পত্রিকাটির ছাপা সংস্করণে নারী সম্পাদক হিসেবে নিয়োগ পান লুসি রক।

## জার্মানিতে সরকারের পতন

১৬ ডিসেম্বর ২০২৪ জার্মান চ্যান্সেলর ওলাফ শলৎসের ক্ষমতায় থাকা না থাকার প্রশ্নে জার্মান পার্লামেন্টে আস্থা ভোট অনুষ্ঠিত হয়। ভোটাভুটিতে পরাজিত হন চ্যান্সেলর ওলাফ শলৎস। এর ফলে ২৭ ডিসেম্বর ২০২৪ জার্মানির প্রেসিডেন্ট ফ্যাঙ্ক-ওয়ালটার স্টেইনমার সংসদ ভেঙে ২৩ ফেব্রুয়ারি ২০২৪ নতুন নির্বাচনের নির্দেশ দেন।  
**পতনের কারণ :** মূলত অর্থনৈতিক সংস্কার ও তার মন্ত্রিসভার অর্থমন্ত্রীকে পদচ্যুত করার জেরে জোট সরকারের অংশীদার তিন দলের মধ্যে মতানৈক্য দেখা দেয়। তার পরিপ্রেক্ষিতে ২০২৪ সালের নভেম্বরে জোট সরকার ভেঙে দেওয়ার ঘোষণা দেন চ্যান্সেলর ওলাফ শলৎস। সেই সঙ্গে ১৬ ডিসেম্বর আস্থা ভোটের ডাক দেন। পার্লামেন্টে অনুষ্ঠিত ভোটাভুটিতে অংশ নেন ৭১৭ জন আইনপ্রণেতা। এর মধ্যে চ্যান্সেলরের বিপক্ষে ভোট পড়ে ৩৯৪টি, পক্ষে ভোট দেন ২০৭ জন, আর ভোটদানে বিরত থাকেন ১১৬ জন।

## ভিনদেশি পতাকা উত্তোলন নিষিদ্ধ

১ জানুয়ারি ২০২৫ থেকে ডেনমার্কের মাটিতে অন্য কোনো দেশের পতাকা উত্তোলন করা আবারও নিষিদ্ধ ঘোষণা করা হয়। ২০১৫ সালের আগে অন্য কোনো দেশের পতাকা ডেনমার্কের ভৌগোলিক সীমানায় উত্তোলন করা বেআইনি ছিল। তবে কয়েক বছর আগে ডেনমার্কের সুপ্রিম কোর্ট এমন একটি রায় দেন, যাতে আগের আইনটি কার্যকরভাবে বাতিল করে দেওয়া হয়। সম্প্রতি আদালতের রায় বাতিল করে আবার আগের আইনটি ফিরিয়ে আনার জন্য ডেনিশ পার্লামেন্টে একটি প্রস্তাব তোলে ক্ষমতাসীন দল। ৩ ডিসেম্বর ২০২৪ আইনটি পার্লামেন্টে সংখ্যাগরিষ্ঠের ভোটে পাস হয়। উল্লেখ্য, নতুন নিষেধাজ্ঞার ফলে প্রায় সকল দেশের পতাকা উত্তোলন অবৈধ হবে, তবে ফিনল্যান্ড, ফ্যারো দ্বীপপুঞ্জ, গ্রিনল্যান্ড, আইসল্যান্ড, নরওয়ে, সুইডেন এবং জার্মানির পতাকার ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে না।

## যুক্তরাজ্যে স্বেচ্ছামৃত্যুর বিল অনুমোদন

২৯ নভেম্বর ২০২৪ যুক্তরাজ্যে স্বেচ্ছায় মৃত্যুর বিলে সমর্থন দেয় দেশটির সংসদ সদস্যরা। ব্রিটিশ পার্লামেন্টের নিম্নকক্ষ হাউস অব কমন্সের ভোটাভুটিতে ৩৩০ জন এমপি বিলটির পক্ষে ভোট দেন। বিপক্ষে ভোট দেন ২৭৫ জন। এর ফলে দেশটিতে অচিরেই স্বেচ্ছামৃত্যুর বিষয়টি বৈধতা পাবে। চূড়ান্ত অনুমোদনের জন্য বিলটি এখন কমিটি পর্যায়ে যাবে। সেখানে এমপিরা সংশোধনী আনতে পারবেন। এরপর উচ্চকক্ষ হাউস অব লর্ডসে বিলটি চূড়ান্ত অনুমোদনের জন্য যাবে। পূর্ণবয়স্ক ব্যক্তি, যারা গুরুতর অসুস্থ বা যাদের ছয় মাসের বেশি বেঁচে থাকার সম্ভাবনা নেই, শুধু তারাই এই বিলের সুবিধা নিতে পারবেন।

## গ্রিনল্যান্ডে প্রথম আন্তর্জাতিক বিমানবন্দর

২৭ নভেম্বর ২০২৪ গ্রিনল্যান্ডের রাজধানী নুকে চালু হয় বিশ্বের প্রথম আন্তর্জাতিক বিমানবন্দর। বিমানবন্দরের নাম নুক আন্তর্জাতিক বিমানবন্দর। এতে রয়েছে ২,২০০ মিটার দৈর্ঘ্যের রানওয়ে, যা বড় আকারের উড়োজাহাজ ওঠা-নামার উপযোগী। মার্কিন উড়োজাহাজ সংস্থা ইউনাইটেড এয়ারলাইন্স ২০২৫ সালের জুনে নিউইয়র্ক ও নিউজার্সি থেকে নুকে সরাসরি ফ্লাইট চালু করবে। গ্রিনল্যান্ডের বর্তমান বিমানবন্দরগুলোর সবগুলোই অভ্যন্তরীণ নতুবা আঞ্চলিক। পর্যটন সম্ভাবনা সামনে রেখে ২০২৬ সালের শেষ নাগাদ আরও দুটি বিমানবন্দর চালুর পরিকল্পনা রয়েছে গ্রিনল্যান্ড কর্তৃপক্ষের।

## প্যারিসের নটর ডেম ক্যাথেড্রাল চালু

অগ্নিকাণ্ডে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার ৫ বছর পর ৭ ডিসেম্বর ২০২৪ আনুষ্ঠানিকভাবে আবার চালু হয় ফ্রান্সের প্যারিসে অবস্থিত ঐতিহাসিক নটর ডেম ক্যাথেড্রাল। ১৫ এপ্রিল ২০১৯ বিকেলে নটর ডেম ক্যাথেড্রালে আগুন লাগে। এ ঘটনায় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয় ক্যাথেড্রালের ছাদ। ধসে পড়ে এটির চূড়া। ৭০ কোটি ইউরো খরচে সংস্কারের পর ফের এটি চালু হয়। ১১৬৩ সালে পোপ আলেকজান্ডারের উপস্থিতিতে নটর ডেমের ক্যাথেড্রালের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। যা ক্যাথলিক খ্রিষ্টানদের হৃদয়খ্যাত। গির্জার নামের অর্থ ফরাসি ভাষায় 'আওয়ার লেডি অব প্যারিস'।

উল্লেখ্য, ১৮৩১

সালে ভিক্টর হুগোর বিখ্যাত উপন্যাস The Hunchback of Natre Dame

প্রকাশিত হয়।





## মহাকাশ-চিকিৎসা বিজ্ঞান ও প্রযুক্তি

### ক্যানসারের টিকা তৈরি

ক্যানসার প্রতিরোধের জন্য একটি নতুন টিকা তৈরি করে রাশিয়া। ১৫ ডিসেম্বর ২০২৪ রাশিয়ার সংবাদ সংস্থা তাস এ তথ্য জানায়। রাশিয়ার শীর্ষস্থানীয় ক্যানসার গবেষণা কেন্দ্রগুলো মিলিতভাবে এই টিকা তৈরি করে। গামালিয়া ন্যাশনাল রিসার্চ সেন্টার ফর এপিডেমাইওলজি অ্যান্ড মাইক্রোবায়োলজি টিকার মেডিকেল ট্রায়াল পরিচালনা করে। এই টিকাটি তৈরি করতে ব্যবহার করা হয় আধুনিক মেসেঞ্জার RNA (mRNA) প্রযুক্তি। যা ক্যানসার কোষগুলোকে ধ্বংস করতে সাহায্য করবে। ২০২৫ সালের শুরু দিকে এ টিকাটি জনগণের জন্য উন্মুক্ত করা হবে।

### চিপ স্থাপনে অনুমোদন পেল নিউরালিংক

২০১৬ সালে ইলন মাস্ক নিউরালিংক প্রতিষ্ঠা করেন। যুক্তরাষ্ট্রের বাইরে প্রথমবারের মতো এবার পরীক্ষামূলকভাবে মানব মস্তিষ্কে চিপ-স্থাপনের অনুমোদন পায় ইলন মাস্কের নিউরালিংক। কানাডায় মানব ট্রায়াল চালানোর জন্য অনুমোদন পায় প্রতিষ্ঠানটি। এ প্রক্রিয়ার জন্য প্রথম এবং একমাত্র সার্জিক্যাল সাইট হবে কানাডার টরন্টো ওয়েস্টার্ন হাসপাতাল। ২০২৪ সালের মার্চে মস্তিষ্কে চিপ প্রতিস্থাপনের জন্য কানাডার রোগীদের নিবন্ধন প্রক্রিয়া শুরু হয়। তবে এটি এখন সক্রিয়ভাবে সম্ভাব্য অংশগ্রহণকারীদের খুঁজছে। কানাডার ট্রায়ালে অংশগ্রহণের জন্য নিউরালিংক বিশেষভাবে এমন রোগী খুঁজছে যারা সার্ভাইক্যাল স্পাইনাল কড ইনজুরি বা অ্যামিওট্রফিক ল্যাটারাল স্কেলোসিস (ALS)-এর কারণে উভয় হাত ব্যবহার করতে পারে না বা সীমিতভাবে ব্যবহার করতে পারে। ২০২৪-এর শুরুর দিকে নিউরালিংক প্রথমবারের মতো ২৯ বছর বয়সি নোল্যান্ড আরবার মস্তিষ্ক চিপ স্থাপন করে।

### স্লিপ অ্যাপনিয়ার জন্য ঔষধ

২০ ডিসেম্বর ২০২৪ মার্কিন ঔষধ নিয়ন্ত্রক সংস্থা (FDA) স্লিপ অ্যাপনিয়া চিকিৎসার জন্য প্রথম জেপবাউন্ড ঔষধের অনুমোদন দেয়। অবস্ট্রাকটিভ স্লিপ অ্যাপনিয়া (OSA) একটি বিপজ্জনক অবস্থা, যেখানে একজন ব্যক্তির ঘুমানোর সময় শ্বাস বন্ধ হয়ে যায়। অপরূদ্ধ শ্বাসনালীর কারণে ভুক্তভোগীরা রাতে বারবার জেগে ওঠে। এতে রোগীর উচ্চ রক্তচাপ, স্ট্রোক এবং বিষণ্ণতার মতো উচ্চ ঝুঁকি রয়েছে।

### সূর্যের আরও কাছে সোলার প্রোব

২৭ ডিসেম্বর ২০২৪ যুক্তরাষ্ট্রের মহাকাশ সংস্থা নাসার মহাকাশযান 'পার্কার সোলার প্রোব' সফলভাবে সূর্যের কাছাকাছি যেতে সক্ষম হয়। এর আগে কোনো মহাকাশযান সূর্যের এতো কাছাকাছি যেতে পারেনি। প্রোবটির একটি 'আলোক সংকেত' যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড অঙ্গরাজ্যের লারেল শহরে অবস্থিত জনস হপকিন্স অ্যাপ্লায়েড ফিজিকস ল্যাবরেটরিতে (APL) এসে পৌঁছে। এখান থেকে প্রোবটি পরিচালনা করা হচ্ছে। ২৪ ডিসেম্বর ২০২৪ পার্কার সোলার প্রোব ঘণ্টায় প্রায় ৪.৩০ লাখ মাইল গতিতে সূর্যের কাছে যাত্রা শুরু করে। ১ জানুয়ারি ২০২৫ মহাকাশযানটি নিজের সর্বশেষ অবস্থা সম্পর্কে বিস্তারিত তথ্য পাঠাবে।

### মহাকাশে ভেগা-C রকেট

৫ ডিসেম্বর ২০২৪ ফ্রান্সের মহাকাশ গবেষণা কেন্দ্র ভেগা-C রকেটের সফল উৎক্ষেপণ করে। মহাকাশে পৌঁছে ইউরোপীয় ইউনিয়নের নতুন উপগ্রহ প্রতিস্থাপন করবে এ রকেট। মহাকাশ থেকে পৃথিবীর প্রাকৃতিক পরিবেশের ছবি তুলবে এ উপগ্রহ। ২০১২ সালে প্রথম ভেগা রকেট মহাকাশে যায়। তারপর ভেগা রকেটের মাধ্যমে মহাকাশে একাধিক উপগ্রহ পাঠানো হয়।

### চীনের স্কুলে AI শিক্ষা চালু

২০২৪ সালের ডিসেম্বরে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের পাঠ্যক্রমে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নেয় চীনের শিক্ষা মন্ত্রণালয়। দেশের উদ্ভাবনী প্রতিভার চাহিদা মেটাতে এবং শিক্ষার্থীদের ডিজিটাল দক্ষতা ও সমস্যা সমাধানের সক্ষমতা বাড়াতে স্কুলগুলোতে কৃত্রিম বুদ্ধিমত্তা শিক্ষার মান বাড়ানোর লক্ষ্যে এ সিদ্ধান্ত নেওয়া হয়। কৃত্রিম বুদ্ধিমত্তায় বিশ্বের নেতৃত্ব দেওয়ার লক্ষ্যে ২০১৭ সালে একটি পরিকল্পনা পেশ করে চীন। এরপর ২০১৮ সালে দেশের পাঁচ শতাধিক বিশ্ববিদ্যালয় ও কলেজে AI নিয়ে স্নাতক প্রোগ্রাম চালু করা হয়।

### মহাকাশে নতুন রেকর্ড

১৭ ডিসেম্বর ২০২৪ চীনা নভোচারী কাই জুবো ও সং লিংডং মহাকাশে ৯ ঘণ্টা ৬ মিনিট হেঁটে বিশ্ব রেকর্ড গড়েন। ৩০ অক্টোবর ২০২৪ চীনের প্রথম নারী মহাকাশ প্রকৌশলীসহ তিনজন মহাকাশচারী নিয়ে ছয় মাসের শেনঝু-নাইনটিন মহাকাশ অভিযান শুরু হয়। এর আগে ১২ মার্চ ২০০১ মার্কিন নভোচারী জেমস ভোস ও সুসান হেলমস ৮ ঘণ্টা ৫৬ মিনিটের স্পেসওয়াক করে রেকর্ড গড়েন।





# নীরব ঘাতক প্লাস্টিক

২৫ নভেম্বর-১ ডিসেম্বর ২০২৪ দক্ষিণ কোরিয়ার বুসানে প্লাস্টিক দূষণ নিয়ে জাতিসংঘ আন্তঃসরকারি আলোচনা কমিটির পঞ্চম বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপযুক্ত পরিকল্পনা ও উদ্যোগের বিষয়গুলোতে একমত হতে পারেননি অংশগ্রহণকারী দেশের প্রতিনিধিরা। অথচ এই বৈঠকে একটি আইনগতভাবে বাধ্যতামূলক বৈশ্বিক চুক্তি স্বাক্ষর করার কথা ছিল। সেই প্রেক্ষাপটে তুলে ধরা হলো প্লাস্টিক সম্পর্কিত কিছু আলোচনা।

## প্লাস্টিক

সাধারণ অর্থে প্লাস্টিক হলো কৃত্রিমভাবে তৈরি পলিমার, যা মূলত জীবাশ্ম জ্বালানি থেকে রাসায়নিকভাবে তৈরি করা হয়। Plastic শব্দটি গ্রিক শব্দ plastikos থেকে এসেছে। যার মাধ্যমে যেকোনো আকার বা আকৃতিতে রূপান্তরে সক্ষম কোনো কিছুকে বোঝায়। ১৬ শতকের শেষ দিকে প্রথম 'প্লাস্টিক' শব্দটি প্রয়োগ করা হয়। মাইক্রো প্লাস্টিক হলো প্লাস্টিকের ক্ষুদ্রতম কণা।

## ইতিহাস

ব্রিটিশ বিজ্ঞানী আলেকজান্ডার পার্কস ১৮৫৫ সালে পার্কসাইন আবিষ্কার করেন এবং পরের বছর পেটেন্ট করেন। নাইট্রো-সেলুলোজ, প্লাস্টিসাইজার ও অন্য দ্রাবক পদার্থের মিশ্রণে তৈরি পার্কসাইনকে প্রথম মানবসৃষ্ট প্লাস্টিক হিসেবে বিবেচনা করা হয়। প্লাস্টিক মূলত কার্বন যৌগের একটি চলমান শিকলের জটিল গঠন, যার মূল উপাদান কার্বনের সাথে অক্সিজেন, নাইট্রোজেন এবং সালফারের জটিল রাসায়নিক বন্ধন। এটি তৈরি করা হয় উদ্ভিদের সেলুলোজ ও নাইট্রিক অ্যাসিডের মধ্যে বিক্রিয়া করে। তবে ১১ জুলাই ১৯০৭ লিও হেনরিক বায়েকল্যান্ড সম্পূর্ণ সিনথেটিক প্লাস্টিক আবিষ্কার করেন এবং এর নাম দেন বেকেলাইট। তিনিই প্রথম প্লাস্টিক শব্দটি ব্যবহার করেন। তাকে প্লাস্টিক শিল্পের জনক বলা হয়। ১৯৫৯ সালে সুইডেনে স্টেইন গুস্তাফ থুলিন প্লাস্টিক ব্যাগ আবিষ্কার করেন। ত্রমমে অ্যাক্রাইলিক, পলিস্টাইরিন, পলিভিনাইল ক্লোরাইড, সিনথেটিক রাবার, পলিইথিলিন (পলিথিন) ইত্যাদি প্লাস্টিকের আবিষ্কারের ফলে জীবনের সকল স্তরে প্রয়োজনীয় প্রায় সব দ্রব্য ও দ্রব্যাদির অংশবিশেষ প্লাস্টিক দ্বারা তৈরি হচ্ছে।

## আন্তর্জাতিক প্লাস্টিক ব্যাগমুক্ত দিবস

৩ জুলাই 'আন্তর্জাতিক প্লাস্টিক ব্যাগমুক্ত দিবস'। Zero Waste Europe (ZWE) নামক সংস্থা ৩ জুলাই ২০০৩ প্লাস্টিক ব্যাগের বিরুদ্ধে একটি প্রচারণা শুরু করে। তারপর ২৯ এপ্রিল ২০১৫ ইউরোপীয় ইউনিয়ন সারা বিশ্বে একক-ব্যবহারের প্লাস্টিক ব্যাগের ব্যবহার কমাতে কিছু নির্দেশনা পাস করে। তারপর থেকে এই দিনটিকে দিবস হিসেবে উদ্‌যাপন করা হয়।

## ক্ষতিকর দিক

সাধারণত প্লাস্টিক পদার্থে প্রচুর পরিমাণ রাসায়নিক রঞ্জক মেশানো হয়। এসব রঞ্জক পদার্থ কারসিনোজেন হিসেবে কাজ করে এবং এন্ডোক্রিনকে ক্ষতিগ্রস্ত করে। ২০২২ সালে প্রথমবারের মতো মানুষের রক্তে মাইক্রো প্লাস্টিক দূষণ শনাক্ত হয়। ন্যানো ও মাইক্রো কণা হিসেবে এসব ক্ষতিকর পদার্থ খাদ্যচক্র ও পানির মাধ্যমে প্রাণিদেহে প্রবেশ করে। প্লাস্টিক কণায় থাকা পদার্থ যেকোনো জীবের শারীরবৃত্তীয় প্রক্রিয়ার বিরূপ পরিবর্তন ঘটাতে পারে। প্লাস্টিক বর্জ্য মাইক্রো ও ন্যানো কণার ক্ষতিকর পদার্থ মানবদেহে থাকা হরমোনজনিত পরিবেশ পরিবর্তন করে শুক্রাণু ও ডিম্বাণু তৈরি ব্যাহত করতে পারে। স্নায়ুকোষ ক্ষতিগ্রস্ত করে মস্তিষ্ক ও স্নায়ুতন্ত্রের নানা রোগের কারণ হতে পারে। কোষের জীনগত পরিবর্তন করে ক্যানসারসহ আরও নানা ধরনের রোগ সৃষ্টি করতে পারে। এছাড়া, প্লাস্টিক পণ্যের সরাসরি সংস্পর্শে ত্বকের রোগ হতে পারে।

## প্লাস্টিক চুক্তির প্রেক্ষাপট

২ মার্চ ২০২২ জাতিসংঘের পরিবেশ পরিষদের (UNEA) এক সভায় বিশ্বের ১৯৩টি দেশের প্রতিনিধিরা একত্রিত হয়ে ২০৪০ সালের মধ্যে যাতে প্লাস্টিক দূষণ বন্ধ হয়, এজন্য একটি বৈশ্বিক চুক্তিতে আসার ব্যাপারে একমত হন। আর চুক্তিটির খসড়া চূড়ান্ত করার লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়, যার নাম Intergovernmental Negotiating Committee (INC)। এছাড়া সিদ্ধান্ত নেওয়া হয় এ কমিটির আয়োজনে চার ধাপে আলোচনার পর চুক্তির খসড়া চূড়ান্ত হবে।

## INC'র যত বৈঠক

আয়োজন	সময়কাল	স্থান
প্রথম	২৮ নভে.-২ ডিসে. ২০২২	পুত্তা দেল এস্তে, উরুগুয়ে
দ্বিতীয়	২৯ মে-২ জুন ২০২৩	প্যারিস, ফ্রান্স
তৃতীয়	১৩-১৯ নভে. ২০২৩	নাইরোবি, কেনিয়া
চতুর্থ	২৩-২৯ এপ্রিল ২০২৪	অটোয়া, কানাডা
পঞ্চম	২৫ নভে.-১ ডিসে. ২০২৪	বুসান, দ. কোরিয়া

## প্লাস্টিক দূষণে শীর্ষ ১০ দেশ

দেশ	বর্ষ অবমুক্ত (টন)	দেশ	বর্ষ অবমুক্ত (টন)
ভারত	৯২, ৭৫, ৭৭৭	বাংলাদেশ	১৭, ৪৮, ২১৫
নাইজেরিয়া	৩৫, ৩২, ৪৭৯	রাশিয়া	১৭, ০২, ৪৫৩
ইন্দোনেশিয়া	৩৩, ৫২, ২২৯	ব্রাজিল	১৪, ৪৪, ৮২৪
চীন	২৮, ০৮, ১৭৯	থাইল্যান্ড	৯, ৯৫, ৭১৮
পাকিস্তান	২৫, ৬৭, ৪৬১	ডিআর কঙ্গো	৯, ৬৩, ৩২৮

[সূত্র : University of Leeds; ৪ সেপ্টেম্বর ২০২৪ ]

মাল্টায় মুসলমানদের প্রথম অভিযানের নেতৃত্ব দেন সেনাপতি হালাফ বিন হাজিম



# শৈরশাসক বাশারের পতন

পৃথিবীর প্রাচীন সভ্যতা ও সংস্কৃতির দেশ সিরিয়া। এই অঞ্চলটি ইসলামপূর্ব যুগ থেকেই গুরুত্বপূর্ণ। এই ভূমিতে জন্মগ্রহণ করেন অসংখ্য নবী-রাসূল। তারা বসবাসও করেন এখানে। ৮ ডিসেম্বর ২০২৪ সেই ভূমিতে যবনিকাপাত হয় শৈরশাসক বাশার আল-আসাদ শাসনের।

## যেভাবে পতন

২৭ নভেম্বর ২০২৪ প্রেসিডেন্ট বাশার আল-আসাদকে উৎখাতের লক্ষ্যে বিদ্রোহীরা নতুন একটি জোট গঠন করে সশস্ত্র হামলা শুরু করে। এ জোটের নাম মিলিটারি অপারেশন কমান্ড। বিদ্রোহের নেতৃত্ব দেয় হায়াত তাহরির আল-শাম (HTS)। তাদের সঙ্গে যোগ দেয় তুরস্কভিত্তিক ফ্রি সিরিয়ান আর্মি, কুর্দি যোদ্ধাদের সিরিয়ান ডেমোক্রেটিক ফোর্সের মতো সশস্ত্র গ্রুপ। মাত্র ১২ দিনের ঝড়ে আসাদ এবং তার পরিবারের ৫৪ বছরের শাসনের সমাপ্তি ঘটে। টাইমলাইনে উৎখাত—

- ❖ ২৭ নভেম্বর : সিরিয়ার বিদ্রোহীরা হঠাৎ করেই দেশটির দ্বিতীয় বৃহৎ শহর আলেপ্পো দখলের অভিযান শুরু করে।
- ❖ ১ ডিসেম্বর : কয়েক দিনের মধ্যেই আলেপ্পো দখল করে নেয় বিদ্রোহীরা। তবে সেখানে কুর্দি অধ্যুষিত এলাকাগুলোর দখল কুর্দি যোদ্ধাদের হাতেই থেকে যায়।
- ❖ ৫ ডিসেম্বর : বিদ্রোহীদের অভিযান চলতে থাকে। তারা হামা দখল করার ঘোষণা দেয়। হামা দেশটির চতুর্থ বৃহৎ নগরী।
- ❖ ৭ ডিসেম্বর : রাজধানী দামেস্কের আশপাশের শহরগুলো দখলের পর বিদ্রোহীরা ঘোষণা দিয়ে দামেস্ক দখলের অভিযান শুরু করে।
- ❖ ৮ ডিসেম্বর : বিদ্রোহীরা হোমসের দখল নেয়। এটি সিরিয়ার তৃতীয় বৃহৎ নগরী। এরপরই তারা দামেস্কে প্রবেশ করে। বাশার আল আসাদ ব্যক্তিগত উড়োজাহাজে সপরিবারে দামেস্ক ছেড়ে পালিয়ে যান।

## বাশার পরিবারের দীর্ঘ শাসন

মধ্যপ্রাচ্যের দেশ সিরিয়া। ধন-মান-ঐতিহাসিক পুরাকীর্তিতে একসময়ে বেশ সমৃদ্ধ ছিল দেশটি। ১৯৭০ সালে সিরিয়ায় বাশার পরিবারের শাসন শুরু হয়। টানা পাঁচ দশকের বেশি সময় ধরে সিরিয়া শাসন করে বাশার পরিবার।

■ আধুনিক সিরিয়ার রূপকার : হাফিজ আল-আসাদকে বলা হয় 'আধুনিক সিরিয়া'র রূপকার। ৬ অক্টোবর ১৯৩০ জন্মগ্রহণ করা হাফিজ ছিলেন আরব সোশ্যালিস্ট বাথ পার্টির নেতা। ২১-২৩ ফেব্রুয়ারি ১৯৬৬ দেশটিতে এক সামরিক অভ্যুত্থানের মধ্য দিয়ে ক্ষমতায় আসে বাথ পার্টি।

সেই সরকারের প্রতিরক্ষামন্ত্রী হন হাফিজ আল-আসাদ। উচ্চাকাঙ্ক্ষী হাফিজ নিজ রাজনৈতিক গুরু ও সিরীয় নেতা সালাহ আল-জাদিদকে অভ্যুত্থানের মাধ্যমে সরিয়ে দিয়ে ২১ নভেম্বর ১৯৭০ দেশটির প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। ১৪ মার্চ ১৯৭১ সিরিয়ার প্রেসিডেন্টের দায়িত্ব নেন। টানা ২৯ বছর ক্ষমতা সামলে ১০ জুন ২০০০ দামেস্কে মারা যান।

■ সুশাসক থেকে শৈরশাসক : বাবার মৃত্যুর পর ১৭ জুলাই ২০০০ প্রেসিডেন্ট পদে বসেন হাফিজের ছোট ছেলে বাশার আল-আসাদ। তিনি চম্ফুবিজ্ঞানে দামেস্ক বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি নেওয়ার পাশাপাশি ইংরেজি ও ফরাসি ভাষায় দক্ষতা অর্জন করেন। উচ্চশিক্ষা লাভের জন্য ১৯৯২ সালে পাড়ি জমান যুক্তরাজ্যের লন্ডনে। ২১ জানুয়ারি ১৯৯৪ দামেস্কে এক সড়ক দুর্ঘটনায় বড় ভাই বাসেল আল-আসাদের মৃত্যু জীবনের মোড় ঘুরিয়ে দেয় বাশারের। বাশারকে তার বাবাই একজন শাসক হিসেবে গড়ে তোলার প্রক্রিয়া শুরু করেন।

■ আরব বসন্ত থেকে গৃহযুদ্ধ : বাশার ক্ষমতা নেওয়ার আগে থেকেই সিরিয়ার তরুণদের মধ্যে ক্রমবর্ধমান বেকারত্ব, দুর্নীতি, রাজনৈতিক ও বাস্তুস্বাধীনতার অভাববোধ থেকে তুমুল হতাশা ছিল, যা উসকে দেয় আরব বসন্ত। সিরিয়াজুড়ে শতাধিক সশস্ত্র গোষ্ঠী তার বিরুদ্ধে লড়াই শুরু করে। একের পর এক এলাকা সরকারের নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। দেশটিতে শুরু হয় রক্তক্ষয়ী গৃহযুদ্ধ। ২০১৮ সাল থেকে দেশটি কার্যত তিন ভাগে বিভক্ত হয়। তখন থেকে দেশটিতে বাশার আল-আসাদের কর্তৃত্ববাদী শাসন, কুর্দি বাহিনী এবং ইসলামি বিদ্রোহীরা বিভিন্ন অঞ্চলের নিয়ন্ত্রণ নেয়।



হাফিজ আল-আসাদ



বাশার আল-আসাদ

## চার শব্দের গ্রাফিতি

২০১১ সালের ফেব্রুয়ারি মাস। ১৪ বছরের মুয়াবিয়া বন্ধুদের নিয়ে তার স্কুলের দেয়ালে লিখল একটি

মামুলি বাক্য। সেটি ছিল চারটি শব্দ—‘ইজাক আলদাওর ইয়া দাকতোর।’



অর্থাৎ, এবার আপনার পালা, হে ডাক্তার। এই ডাক্তার মানে সিরিয়ার প্রেসিডেন্ট বাশার আল-আসাদ। যিনি ২০০০ সালে পিতার মৃত্যুর পর ক্ষমতায় আসেন। মুয়াবিয়া বা তার বন্ধুরা কেউই জানত না, তাদের এই সামান্য গ্রাফিতি দেশটিতে ডেকে আনবে ভয়াবহ গৃহযুদ্ধ এবং মুক্তি।

## আলাউয়ি সম্প্রদায়ের সুন্নি শাসন

আসাদ পরিবার সংখ্যালঘু আলাউয়ি সম্প্রদায়ের। আলাউয়িরা শিয়া ইসলামের একটি শাখা। তবে তাদের বিশ্বাসে অন্যদের সাথে ভিন্নতা রয়েছে। ১৭ এপ্রিল ১৯৪৬ সিরিয়ার স্বাধীনতার পর আলাউয়ি সম্প্রদায় একটি উল্লেখযোগ্য শক্তি হিসেবে আবির্ভূত হয়। আলাউয়ি সম্প্রদায় সিরিয়ার জনসংখ্যার প্রায় ১২-১৫%। হাফিজ আল-আসাদ ক্ষমতা দখল করলে আলাউয়িরা সিরিয়ার বিকশিত ক্ষমতা কাঠামোর মধ্যে প্রভাব বিস্তার করতে শুরু করে। পঁচ দশকেরও বেশি সময় ধরে এ আলাউয়ি রাজবংশ একটি প্রধান সুন্নি জাতির ওপর আধিপত্য বিস্তার করে।

## বাথ পার্টি

৭ এপ্রিল ১৯৪৭ মিশেল আফলাক ও সালাহ আল-দিন আল-বিতারের নেতৃত্বাধীন আরব বাথ মুভমেন্ট এবং জাকি আল-আরসুজির নেতৃত্বাধীন আরব বাথ দলের যুক্ত হওয়ার মাধ্যমে বাথ পার্টি জন্ম লাভ করে। একই সাথে আরব বিশ্বকে একটি একক রাষ্ট্র হিসেবে একীভূত হওয়ার ডাক দেয়। আরব বাথ পার্টি ১৯৫২ সালে আরব সোশ্যালিস্ট বাথ পার্টিতে পরিণত হয়। ২২ ফেব্রুয়ারি ১৯৫৮ সংযুক্ত আরব প্রজাতন্ত্র (United Arab Republic-UAR) গঠন করে। মিসর ও সিরিয়া—এর সদস্য ছিল। ২৮ সেপ্টেম্বর ১৯৬১ সিরিয়ার অভ্যুত্থানে UAR-ভেঙে যায়। ৮ মার্চ ১৯৬৩ এক সামরিক অভ্যুত্থানের মাধ্যমে বাথ পার্টি ক্ষমতায় আসে।

## আরব বসন্ত

২০১০ সালে মধ্যপ্রাচ্য এবং উত্তর আফ্রিকার বিভিন্ন দেশে ছড়িয়ে পড়ে এক ধারাবাহিক গণআন্দোলন, যা আরব বসন্ত (Arab Spring) নামে পরিচিত। এসব আন্দোলনের লক্ষ্য ছিল স্বৈরশাসক সরকারগুলোকে উৎখাত করা এবং গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা করা। পুলিশের দুর্নীতির প্রতিবাদে ১৭ ডিসেম্বর ২০১০ তিউনিসিয়ার সিদি বাওজিদ এলাকার ফুটপাথের সবজি বিক্রেতা মোহাম্মদ বুয়াজিজি নিজের গায়ে আগুন ছেলে আত্মহত্যা করেন। সেই ঘটনা থেকে জন্ম আরব বসন্তের।

### আরব বসন্তে ক্ষমতাচ্যুত স্বৈরশাসক

দেশ	নাম	সময়কাল	ক্ষমতা
তিউনিসিয়া	বেন আলি	৭ নভে. ১৯৮৭-১৪ জানু. ২০১১	২৩ বছর
মিসর	হোসনি মোবারক	৭ অক্টো. ১৯৮১-১১ ফেব্রু. ২০১১	৩০ বছর
লিবিয়া	মুয়াম্মার গাদ্দাফি	১ সেপ্টে. ১৯৬৯-২০ অক্টো. ২০১১	৪২ বছর
ইয়েমেন	আলি আবদুল্লাহ সালেহ	২২ মে ১৯৯০-২৭ ফেব্রু. ২০১২	২২ বছর
আলজেরিয়া	অবদেল আজিজ বুত্ফ্লিক	২৭ এপ্রিল ১৯৯৯-২ এপ্রিল ২০১৯	২০ বছর
সুদান	ওমর আল বশির	৩০ জুন ১৯৮৯-১১ এপ্রিল ২০১৯	৩০ বছর
সিরিয়া	বাশার আল-আসাদ	১৭ জুলাই ২০০০-৮ ডিসে. ২০২৪	২৪ বছর

## মাস্টারমাইন্ড আল-জোলানি

বাশার আল-আসাদের পতনের অভিযানে আবু মোহাম্মদ আল-জোলানি ছিলেন মূলত কৌশলবিদ।

পতনের পুরো অভিযানেই জোলানির নেতৃত্ব ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। জোলানির আসল নাম আহমেদ হুসাইন আল-শারা। ১৯৮২ সালে তিনি সৌদি আরবের রিয়াদে জন্মগ্রহণ করেন। ১৯৮৯



সালে তার পরিবার সিরিয়ায় চলে যায় এবং দামেস্কের উপকণ্ঠে বসবাস শুরু করে। ২০০৩ সালে সিরিয়া থেকে ইরাকে এসে তিনি আল-কায়েদায় যোগ দেন। ২৩ জানুয়ারি ২০১২ তার নেতৃত্বে সিরিয়ায় আল-কায়েদার শাখা প্রতিষ্ঠা করা হয়, যা আল-নুসরা ফ্রন্ট নামে পরিচিত। ২০১৬ সালে আল-নুসরা বিলুপ্ত করেন। গঠন করেন নতুন সংগঠন জাভাত ফাতেহ আল-শাম।

## হায়াত তাহরির আল-শাম


২০১৭ সালে আনসার আল-দ্বীন ফ্রন্ট, জায়েশ আল-সুন্নাহ, লিওয়া আল-হক্ক, তাহরিকু নুরুদ্দিন আল-জেনকি মুভমেন্ট ও নিজের জাভাত ফাতেহ আল-শাম নিয়ে হায়াত তাহরির আল-শাম (HTS) গঠন করেন জোলানি। HTS'র প্রধান লক্ষ্য ছিল বাশার আল-আসাদের স্বৈরাচারী শাসন থেকে সিরিয়াকে মুক্ত করা। ২০১৭ সালের নভেম্বরে আল-জোলানির নেতৃত্বে সিরিয়ার ইদলিব প্রদেশে সিরিয়ান স্যালভেশন গভর্নমেন্ট (SSG) প্রতিষ্ঠিত হয়, যা কার্যত HTS'র প্রশাসনিক শাখা। এই সরকারের অধীনে ইদলিব পরিচালিত হতো। জাতিসংঘ, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য এবং অন্যান্য কয়েকটি দেশ HTS-কে আল কায়েদার সহযোগী হিসেবে বিবেচনা করে।

## অন্তর্বর্তী সরকারের প্রধানমন্ত্রী

১০ ডিসেম্বর ২০২৪ সিরিয়ার অন্তর্বর্তী সরকারের প্রধানমন্ত্রী হন মোহাম্মদ আল-বশির। ১ মার্চ ২০২৫ পর্যন্ত তিনি এ দায়িত্বে থাকবেন। পেশায় প্রকৌশলী আল-বশির ১৩ জানুয়ারি ২০২৪ থেকে সিরিয়ার ইদলিব প্রদেশের সিরিয়ান স্যালভেশন গভর্নমেন্টের প্রধানমন্ত্রী ছিলেন। বাশার আল-আসাদের পতনের আগে থেকেই ইদলিব বিদ্রোহী গোষ্ঠী HTS'র নিয়ন্ত্রণে ছিল। সিরিয়ান স্যালভেশন গভর্নমেন্ট (SSG) তাদেরই সরকার।

# ইসলামের ইতিহাসে সিরিয়া

শাম বা সিরিয়াকে বলা হয় নবী-রাসুলদের ভূখণ্ড। এ ভূখণ্ডের সঙ্গে কেয়ামতপূর্ব অনেক ঘটনার বিষয়ে রাসূল (সা.) বিভিন্ন ভবিষ্যদ্বাণী করেছেন। নিম্নে সিরিয়ায় ইসলামি দর্শন নিয়ে আলোকপাত করা হলো।



## নামকরণ ও ভৌগোলিক অবস্থান

সিরিয়া মধ্যপ্রাচ্যে অবস্থিত একটি আরব দেশ। সিরিয়া নামটি গ্রিক শব্দ সুরিয়া থেকে নেওয়া হয়। গ্রিকরা উত্তর-পূর্ব সিরিয়া এবং দক্ষিণ-পূর্ব আনাতোলিয়ার অংশকে সিরিয়া নামকরণ করেন। এটি পশ্চিম এশিয়ার একটি গুরুত্বপূর্ণ রাষ্ট্র যার পূর্বনাম শাম। শাম শব্দটি আরবি ভাষায় একটি বিস্তৃত অঞ্চলকে বোঝায়, যা প্রাচীনকালে লেভান্ট নামে পরিচিত ছিল। ইতিহাসবিদদের মতে, নবী হযরত নুহ (আ.)-এর সময়ে সংঘটিত মহাপ্লাবনের পর তার তিন পুত্র হাম, শাম, ইয়াফেসের মাধ্যমে পৃথিবীতে মানবসভ্যতার পুনর্জাগরণ ঘটে। নুহ (আ.)-এর পুত্র শামের নামে গড়ে ওঠে শামদেশ ও সেমেটিক সভ্যতা। প্রাচীন সেমেটিক সভ্যতার সেই শামদেশ বর্তমানে ভেঙে পাঁচটি দেশ— সিরিয়া, জর্ডান, লেবানন, ফিলিস্তিন, ইসরায়েল এবং এর কিছু অংশ পার্শ্ববর্তী চারটি দেশ— ইরাক, তুরস্ক, মিসর, সৌদি আরবের অংশবিশেষজুড়ে বিস্তৃত ও বিভক্ত। দেশটির রাজধানী দামেস্ক। বিশ্বের প্রাচীনতম শহর দামেস্ক যা ইসলাম ধর্মাবলম্বীদের জন্য চতুর্থতম পবিত্র স্থান হিসেবে বিবেচিত।

## হাদিসের আলোকে শাম বা সিরিয়া

### ■ শাম হবে হাশরের ময়দান

ইমাম কুরতুবি, ইবনে কাসির ও ইবনে হাজার আসকালানি (রহ.) বলেন, শাম হলো হাশরের ভূমি। প্রথমবার ইহুদিদের শামে বহিষ্কার করার দ্বারা প্রথম হাশর সংঘটিত হয়। আর দ্বিতীয়বার সেখানেই সমগ্র মানবজাতির জন্য হাশরের ময়দান হবে।

### ■ শাম বা সিরিয়ায় আল্লাহর ওলিদের অবস্থান

হযরত গুরাইহ ইবনে উবাইদ (রহ.) বলেন, আলী (রা.) ইরাকে অবস্থানকালে তাকে শামবাসীর ব্যাপারে বলা হলো, আপনি তাদের ওপর অভিলাপ করুন! তখন তিনি বলেন, না, আমি রাসূলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি, শাম ভূখণ্ডে আবদালরা (আল্লাহর ওলিদের বিশেষ দল) থাকেন। তারা ৪০ জন থাকেন। যখনই তাদের থেকে একজন মারা যান, আল্লাহ তার স্থানে অন্য একজনকে রাখেন। তাঁদের বরকতে বৃষ্টি হয় ও শত্রুর ওপর জয়লাভ হয়। ভবিষ্যতে তাঁদের উসিলায় শামবাসীর ওপর থেকে আজাব তুলে নেওয়া হবে। (মুসনাদে আহমাদ)

■ সিরিয়ায় মুসলিমদের দ্বিতীয় হিজরত ভূমি আবদুল্লাহ ইবনে আমর (রা.) বর্ণনা করেন, আমি রাসূলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি, হিজরতের পর আরেকটি হিজরত শিগগিরই সংঘটিত হবে। তখন ভূপৃষ্ঠের সর্বোৎকৃষ্ট মানুষ হবে তারা, যারা ইব্রাহিম (আ.)-এর হিজরতের ভূমিতে (শাম দেশে) অবস্থান করবে। আর পুরো পৃথিবীতে সর্বনিকৃষ্ট মানুষরাই বাকি থাকবে। আল্লাহ তাদের অপছন্দ করবেন। তাদের ফিতনার আগুন তাদের বানর ও শূকরের সঙ্গে মিলিয়ে রাখবে। (তাদের দুশ্চরিত্রের কারণে তারা যেখানেই যাবে সেখানেই ফিতনা লেগে থাকবে)। (আবু দাউদ)

### ■ সিরিয়ায় উম্মতে মুহাম্মদির কল্যাণ সম্পৃক্ত

মুয়াবিয়া ইবনে কুররা (রা.) সূত্রে বর্ণিত, রাসূলুল্লাহ (সা.) ইরশাদ করেন, 'যখন শামভূমি বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের মাধ্যমে ধ্বংস হবে তখন তোমাদের মধ্যেও কোনো কল্যাণ থাকবে না। আর আমার উম্মতের একটি দল সর্বদা সাহায্যপ্রাপ্ত হবে। তাদের যারা ক্ষতি করার চেষ্টা করবে তারা কিয়ামত পর্যন্ত তাদের কোনো ক্ষতি করতে পারবে না।' (সুনানে তিরমিজি)

### ■ শামে মুসলিম বাহিনীর সেনাছাউনি

আবু দারদা (রা.) সূত্রে বর্ণিত, রাসূলুল্লাহ (সা.) ইরশাদ করেন, 'মহাযুদ্ধের সময় মুসলিমদের ছাউনি হবে 'গোতা' শহরে, যা দামেস্ক শহরের পাশে অবস্থিত। এটি শামের উৎকৃষ্ট শহরগুলোর একটি।' (আবু দাউদ)।

### ■ সিরিয়ার দামেস্কে ইসা (আ.)-এর অবতরণ

নবী করিম (সা.) বলেন, দীর্ঘ ৪০ দিন ধরে দাজ্জালের অনিষ্টতার পর আল্লাহ তায়ালা ইসা ইবনে মারিয়াম (আ.)-কে পাঠাবেন। তিনি দামেস্কের পূর্ববর্তী এলাকার শুভ মিনারের কাছে আসমান থেকে দুজন ফেরেশতার কাঁধে চড়ে অবতরণ করবেন। তখন তার শ্বাস-প্রশ্বাস যে কাফেরের গায়ে লাগবে সে মারা যাবে। আর তার দৃষ্টিসীমার শেষ প্রান্তে গিয়ে তার শ্বাস-প্রশ্বাস পড়বে। তিনি দাজ্জালকে তালাশ করবেন, অতঃপর শামের বাবে লুদ নামক স্থানে তাকে হত্যা করবেন।' (সহিহ মুসলিম)

## ইতিহাসমণ্ডিত স্থান

■ **ঈসা (আ.)-এর অবতরণস্থল উমাইয়া মসজিদ**  
উমাইয়া মসজিদ, যা দামেস্ক গ্র্যান্ড মসজিদ নামেও পরিচিত, ইসলামের অন্যতম প্রাচীন ও গুরুত্বপূর্ণ মসজিদ। এটি দামেস্ক শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত এবং এখানে হযরত ইয়াহিয়া (আ.) এর মাতা সমাহিত আছে বলে ধারণা



করা হয়। এটি ৭১৫ সালে উমাইয়া খলিফা আল-ওয়ালিদ ইবনে আবদুল মালিকের শাসনকালে নির্মিত হয়। ঐতিহাসিক উমাইয়া মসজিদে মোট তিনটি মিনার রয়েছে যথা— মিনারাতে আরুস, মিনারাতে ঈসা ও মিনারাতে গারবিয়া, যা ভিন্ন ভিন্ন তিন সময়ে নির্মাণ করা হয়। হাদিসের বর্ণনা অনুসারে এই মসজিদে কিয়ামতের আগে ঈসা (আ.) আগমন করবেন এবং পৃথিবী থেকে জ্বলুমের অবসান ঘটাবেন। এই মসজিদের সঙ্গে কারবালার ময়দানে শহীদ হুসাইন বিন আলী (রা.) এবং কারবালার ময়দানে বন্দি যোদ্ধাদের নানান স্মৃতি সংরক্ষিত রয়েছে। মসজিদের পাশেই রয়েছে সুলতান সালাহউদ্দিন আইয়ুবী (রহ.) কবর।

■ **অটোমান শাসক সুলতান সোলেমানের মসজিদ**



আলেপ্পো শহরের অন্যতম বিখ্যাত মসজিদ আল-আদিলিয়াহ। এটি ১৫৫৫ সালে অটোমান শাসক

সুলতান সোলেমানের নির্দেশে নির্মিত হয়। সুলতান সোলেমান (১৫২০-১৫৬৬), যিনি ইতিহাসে সুলেমান দ্য ম্যাগনিফিসেন্ট নামে পরিচিত। সুলতানের ন্যায়পরায়ণতার স্মারক হিসেবে মসজিদটির নাম আল-আদিলিয়াহ বা ন্যায়ের প্রতীক রাখা হয়।

### উমাইয়া খেলাফত

হযরত ওমর (রা.) তার খেলাফতকালে উমাইয়া শাসক মুয়াবিয়াকে (রা.) কে দামেস্কের আমির নিযুক্ত করেন। হযরত ওসমান (রা.) তাকে পুরো শামের (সিরিয়ার) আমির নিযুক্ত করেন। এরপর হযরত মুয়াবিয়া (রা.) চরম সংকটাপন্ন পরিস্থিতিতে খেলাফতের দায়িত্ব গ্রহণ করেন। খেলাফত-পরবর্তী সময়ে হযরত মুয়াবিয়া (রা.) দামেস্কের সিংহাসনে আরোহণের মধ্য দিয়ে ইসলামের ইতিহাসে রাজতন্ত্রের সূচনা ঘটে। তিনি ক্ষমতা পেয়ে দামেস্ককে ইসলামি সাম্রাজ্যের কেন্দ্রীয় রাজধানীতে রূপান্তরিত করেন। তিনি দীর্ঘ ২৫ বছর সিরিয়া থেকে খেলাফতের দায়িত্ব পালন করেন। উমাইয়া খলিফারা শহরটির নিয়ন্ত্রণ নেওয়ায় এটি উমাইয়া খেলাফতের রাজধানীও হয়।

■ **শিয়াদের পবিত্র মসজিদ সাইয়্যিদাহ রুকাইয়াহ**  
সাইয়্যিদাহ রুকাইয়াহ মসজিদ সিরিয়ার দামেস্কে অবস্থিত। সাইয়্যিদাহ রুকাইয়াহ মসজিদ সিরিয়ার দামেস্কের আল-আমারা জেলায় অবস্থিত। এর অনন্য স্থাপত্য নকশা, পটভূমি এবং নির্মল প্রাঙ্গণের জন্য স্বীকৃত। মসজিদটি বিভিন্ন সংস্কৃতির অতিথিদের আকৃষ্ট করে যা মূলত, শিয়া মুসলমানদের জন্য একটি পবিত্র স্থান হিসেবে পরিচিত, হাজার হাজার লোককে আকর্ষণ করে যারা রুকাইয়াকে শ্রদ্ধা করার জন্য তীর্থস্থান হিসেবে মসজিদটি পরিদর্শন করে।

■ **প্রাচীন শহর পালমিরা**

পালমিরা হলো প্রাচীন সেমিটিক শহর, যা বর্তমান সিরিয়ার হোমস প্রদেশে অবস্থিত। খ্রিষ্টপূর্ব প্রথম শতক থেকে পরবর্তী ৪০০ বছর এ মরুদ্যান শহরটি উন্নতির শিখরে পৌঁছে বলে ঐতিহাসিকেরা মনে করেন। মসলা, সুগন্ধি, রেশম ও হাতির দাঁতের শিল্পের ওপর ভিত্তি করে এক সম্পদশালী শহরে পরিণত হয় পালমিরা। 'মরুর মুক্তা' নামে পরিচিত এ শহরে আছে দুই হাজার বছরেরও বেশি সময়ের পুরানো মন্দির, কারুকার্যমণ্ডিত স্তম্ভসহ নানা নিদর্শন। জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (UNESCO) ১৯৮০ সালে পালমিরাকে বিশ্ব ঐতিহ্য ঘোষণা করে। সিরিয়ায় গৃহযুদ্ধ শুরু হওয়ার আগে প্রতিবছর গড়ে দেড় লাখ পর্যটক ভ্রমণ করতেন। এখানকার স্থাপত্য-শৈলীতে রয়েছে গ্রিক ও রোমানদের নানা কৌশলের ব্যবহার। পৃথিবীর সর্বপ্রাচীন খ্রিষ্টীয় চার্চটি অবস্থিত ছিল এই শহরে।

■ **দূরা-ইউরোপোস, সিরিয়া**

ইউফ্রেটিস নদীর তীরে প্রায় ৩০০ ফুট উঁচু পাহাড়ের উপর গড়ে ওঠা এক শহর দূরা-ইউরোপোস। ইতিহাসের বিভিন্ন সময়ে হেলেনীয়, পার্থীয় এবং রোমান সাম্রাজ্যের অধীনে ছিল এই শহরটি। ২৫৬ সালের দিকে এই শহরটি পরিত্যক্ত হয়ে যায়। তাই এখানকার সুপ্রাচীন আমলের স্থাপনাগুলোর কোনো পরিবর্তনও ঘটেনি। দুই রাজ্যের সীমান্তবর্তী শহর হওয়ার কারণে এখানে তৈরি হয় সাংস্কৃতিক মিথস্ক্রিয়া যার প্রকাশ ঘটেছিল শহরের স্থাপনাগুলোর মধ্যে। পৃথিবীর সর্বপ্রাচীন খ্রিষ্টীয় চার্চটি অবস্থিত ছিল এই শহরে।

### আইয়ুবী রাজবংশ

সালাহউদ্দিন আইয়ুবী (রহ.) মুসলিম মহাবীর হিসেবে পৃথিবীব্যাপী বিখ্যাত। তিনি ১১৩৭ সালে ইরাকের তিকরিত শহরের বিখ্যাত কুর্দি বংশে জন্মগ্রহণ করেন। একটু বড় হওয়ার পর দামেস্কে বসবাস শুরু করেন। তিনি দামেস্ক শহরকে অত্যন্ত ভালোবাসতেন। সালাহউদ্দিন আইয়ুবীর আসল নাম ইউসুফ। তিনি ছিলেন মিসর ও সিরিয়ার প্রথম সুলতান এবং আইয়ুবীয় রাজবংশের প্রতিষ্ঠাতা। তার প্রথম সামরিক অভিযান শুরু হয় ২৬ বছর বয়সে। ইউরোপীয় ক্রুসেডারদের বিরুদ্ধে তিনি মুসলিম প্রতিরোধের নেতৃত্ব দেন।





# বাংলাদেশ ব্যাংক

বাংলাদেশ ব্যাংক হচ্ছে বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক ও আর্থিক কর্তৃপক্ষ। বাংলাদেশ ব্যাংক দেশের আর্থিক কর্তৃপক্ষ হিসেবে দেশের ব্যাংক এবং ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রক হিসেবে কাজ করে। এটি রাষ্ট্রীয় কোষাগারের দায়িত্বও পালন করে থাকে।

## প্রতিষ্ঠা

২৬ ডিসেম্বর ১৯৭১ রাষ্ট্রপতির আদেশ (বাংলাদেশ ব্যাংক টেম্পোরারি অর্ডার) বলে কেন্দ্রীয় ব্যাংক গঠন করা হয় এবং তৎকালীন স্টেট ব্যাংক অব পাকিস্তানের ঢাকা শাখার সকল দায় ও পরিসম্পদ নিয়ে কার্যক্রম শুরু হয়। সাবেক স্টেট ব্যাংক অব পাকিস্তানের ঢাকাস্থ ডিজি অফিসের স্থলে বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয় স্থাপিত হয়। ১৮ জানুয়ারি ১৯৭২ 'উত্তরা ব্যাংক' এর তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক এ এন এম হামিদুল্লাহকে বাংলাদেশ ব্যাংকের প্রথম গভর্নর নিযুক্ত করা হয়। ৩১ অক্টোবর ১৯৭২ বাংলাদেশ ব্যাংক আদেশ (১৯৭২ সালের রাষ্ট্রপতি আদেশ নং ১২৭) জারির মাধ্যমে বাংলাদেশ ব্যাংক একটি পরিপূর্ণ কেন্দ্রীয় ব্যাংকে পরিণত হয়। যা ১৬ ডিসেম্বর ১৯৭১ থেকে কার্যক্রম শুরুর তারিখ ধরা হয়। শিল্পী কামরুল হাসান ১৯৭২ সালে বাংলাদেশ ব্যাংকের মনোহ্রাম ডিজাইন করেন।

## কার্যাবলি

মুদ্রানীতি ও ঋণনীতি প্রণয়ন এবং বাস্তবায়ন  
 • ব্যাংক ও ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানসমূহ তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ  
 • দেশের বৈদেশিক মুদ্রার তহবিল সংরক্ষণ করে  
 • বৈদেশিক মুদ্রার বিপরীতে বাংলাদেশি টাকার বিনিময় হার নির্ধারণ  
 • মুদ্রা ইস্যু করা  
 • পরিশোধ ব্যবস্থার নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান  
 • টাকা পাচার প্রতিরোধ  
 • ঋণের তথ্য সংগ্রহ করা  
 • বৈদেশিক বিনিময় নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন করা  
 • আমানত বীমা প্রকল্প পরিচালনা  
 • সরকারের ব্যাংক হিসেবে কাজ করে  
 • ব্যাংকের অভিভাবক এবং শেষ আশ্রয়স্থল।

## বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

মানি লভারিং ও সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধে গঠিত বাংলাদেশ ব্যাংকের কেন্দ্রীয় সংস্থা বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU)। ২০০২ সালের জুনে বাংলাদেশ ব্যাংকের অধীনে Anti-Money Laundering Department (AML) নামে গঠিত হয়। AMLD'র কাজের অধিকতর স্বাধীনতা এবং কার্যকারিতা নিশ্চিত করার লক্ষ্যে ১৬ ফেব্রুয়ারি ২০১২ 'মানি লভারিং প্রতিরোধ আইন, ২০১২' পাস করা হয়। এ আইনের অধীনই AMLD কে BFIU হিসেবে রূপান্তরিত হয় এবং কার্যক্রম স্বাধীনতা প্রদান করা হয়।

## সহায়ক প্রতিষ্ঠানসমূহ

নাম	প্রতিষ্ঠা	অবস্থান
বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি	১৯৭৭	মিরপুর, ঢাকা
বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট	১৯৭৪	মিরপুর, ঢাকা
দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ	১৯৭৩	পুরানা পল্টন
টাকা জাদুঘর	২০০৯	মিরপুর, ঢাকা

## মুদ্রা প্রচলন

ধাতব	প্রচলন	কাগজ	প্রচলন
১ পয়সা	১৫ জুলাই ১৯৭৪	১ টাকা	২ মার্চ ১৯৭২
৫ পয়সা	১৫ সেপ্টেম্বর ১৯৭৩	২ টাকা	২৯ ডিসেম্বর ১৯৮৮
১০ পয়সা	১৫ সেপ্টেম্বর ১৯৭৩	৫ টাকা	২ জুন ১৯৭২
২৫ পয়সা	১৫ নভেম্বর ১৯৭৩	১০ টাকা	২ মে ১৯৭২
৫০ পয়সা	২ ডিসেম্বর ১৯৭৪	২০ টাকা	২০ আগস্ট ১৯৭৯
১ টাকা	২২ ডিসেম্বর ১৯৭৫	৫০ টাকা	১ মার্চ ১৯৭৬
২ টাকা	২৬ অক্টোবর ২০০৪	১০০ টাকা	৪ মার্চ ১৯৭২
৫ টাকা	১ অক্টোবর ১৯৯৫	২০০ টাকা	১৮ মার্চ ২০২০
		৫০০ টাকা	১৫ ডিসেম্বর ১৯৭৬
		১০০০ টাকা	২৭ অক্টোবর ২০০৮

## Fact File

প্রতিষ্ঠা : ১৬ ডিসেম্বর ১৯৭১ | প্রধান কার্যালয় > মতিঝিল, ঢাকা | প্রধান নির্বাহী : গভর্নর > গভর্নরের মেয়াদ : ৪ বছর • প্রথম গভর্নর : এ.এন.এম. হামিদুল্লাহ (১৮ জানুয়ারি ১৯৭২-১৮ নভেম্বর ১৯৭৪) • বর্তমান গভর্নর : আহসান এইচ মনসুর (১৩ আগস্ট ২০২৪-বর্তমান) | ডেপুটি গভর্নর : ৪ জন | বিভাগ : ৫৪টি | পরিচালনা পর্ষদ সদস্য : ৯ জন (১ জন চেয়ারম্যান ও ৮ জন পরিচালক) | প্রথম নারী পরিচালক : হান্নানা বেগম | প্রথম মহিলা ডেপুটি গভর্নর : নাজনীন সুলতানা | মুদ্রা : টাকা | বাংলাদেশ ব্যাংক ভবনের স্থপতি : শফিউল কাদের | কাগজে নোট : ১০টি • ব্যাংক নোট : ৭টি— ১০, ২০, ৫০, ১০০, ৫০০ ও ১০০০ টাকা (স্বাক্ষর থাকে বাংলাদেশ ব্যাংকের গভর্নরের) • সরকারি নোট : ৩টি— ১, ২, ৫ টাকা (স্বাক্ষর থাকে অর্থসচিবের) | মুদ্রানীতি ঘোষণা : বছরে দু'বার | স্মারক নোট : ৬টি— ২৫, ৪০, ৫০, ৬০, ৭০ ও ১০০ টাকা | শাখা অফিস : ১০টি— মতিঝিল, সদরঘাট, চট্টগ্রাম, খুলনা অফিস, রাজশাহী, বগুড়া, সিলেট, বরিশাল, রংপুর ও ময়মনসিংহ | বাংলাদেশ ব্যাংক পুরস্কার প্রবর্তন : ২০০০ সালে | বাংলাদেশ ব্যাংক Asian Clearing Union (ACU) এর সদস্য হয় : ১৯৭৪ সালে (৬ষ্ঠ স্বাক্ষরকারী দেশ)।



## ইংরেজি নববর্ষের ইতিবৃত্ত

ইংরেজি নববর্ষ পৃথিবীর বিভিন্ন প্রান্তে উদ্‌যাপিত একটি বিশেষ দিন। প্রতিবছর ৩১ ডিসেম্বর রাত ১২টা ১ মিনিটে অর্থাৎ ১ জানুয়ারি নতুন বছরকে স্বাগত জানাতে মানুষ নানা উৎসব, আয়োজন করে। প্রবহমান সময়ের চাকা ঘুরে ঘুরে আবারও আমাদের সামনে নিয়ে এসেছে ইংরেজি নববর্ষকে।

### খ্রিষ্টাব্দের জন্ম রূপরেখা

বর্তমান বিশ্বে যতগুলো অক্ষ বিদ্যমান তার মধ্যে সবচেয়ে বেশি দেশে প্রচলিত অক্ষ হলো খ্রিষ্টাব্দ। ৫৩০ খ্রিষ্টাব্দে দিওনিসউথ প্রথম এ অক্ষের প্রচলন করেন। তখন ২৫ ডিসেম্বর থেকে ২৫ মার্চ পর্যন্ত (খ্রিষ্টাব্দের) বছরের প্রথম দিনটি পড়ত। তৎকালীন রোমের শাসনকার্য পরিচালনা করত ১০ জন ম্যাজিস্ট্রেটের একটি পরিষদ, যা 'দিসেসভিরস' নামে পরিচিত ছিল। এ পরিষদই প্রথম মার্চের পরিবর্তে জানুয়ারি থেকে বছর গণনা শুরু করার নির্দেশ দেন। বর্তমান বিশ্বের অধিকাংশ দেশ জানুয়ারির ১ তারিখকে নববর্ষ হিসেবে স্বীকৃতি দিয়েছে।

### বার্ষিক মাসের সারণি

পণ্ডিত পন্ডিফোরাই ৭৫৬ খ্রিষ্টাব্দে ক্যালেন্ডার আবিষ্কার করেন। চাষাবাদের ওপর ভিত্তি করে এ ক্যালেন্ডার প্রস্তুত করা হয় বলে এতে মাসের সংখ্যা ছিল ১০টি। ১০ মাসের ক্যালেন্ডারে দিনের সংখ্যা ছিল ৩০৪ এবং বছরের শুরু হতো মার্চ মাস থেকে। রোমান রাজা নুমাপাম পিলিয়াস ৭০০ খ্রিষ্টাব্দে ঐ ক্যালেন্ডারে জানুয়ারিয়াস 'জানুয়ারি' এবং ফেব্রুয়ারিয়াস 'ফেব্রুয়ারি' দুটি মাস সংযুক্ত করেন এবং কিছু কিছু মাসের দিনের সংখ্যাও পরিবর্তন করেন। ফলে মাসের সংখ্যা দাঁড়ায় ১২।

ইংরেজি মাসের নাম : রোম থেকে আজ

মাস	নামকরণ
জানুয়ারি	রোমান দেবতা জানুসের নামানুসারে
ফেব্রুয়ারি	ফেব্রুয়া নামক রোমান উৎসবের নামানুসারে
মার্চ	রোমান যুদ্ধের দেবতা মার্সের নামানুসারে
এপ্রিল	ল্যাটিন শব্দ এপ্রিলিস থেকে নেওয়া হয়েছে
মে	গ্রিক দেবী মায়াসের নামানুসারে
জুন	রোমান দেবী জুনোর নামানুসারে
জুলাই	রাষ্ট্রনায়ক জুলিয়াস সিজার এর নামানুসারে
আগস্ট	রোমের প্রথম সম্রাট অগাস্টাস এর নামানুসারে
সেপ্টেম্বর	ল্যাটিন septem বা সাত থেকে নেওয়া হয়েছে
অক্টোবর	ল্যাটিন octo বা আট থেকে নেওয়া হয়েছে
নভেম্বর	ল্যাটিন novem বা নয় থেকে নেওয়া হয়েছে
ডিসেম্বর	ল্যাটিন decem বা দশ থেকে নেওয়া হয়েছে

### লিপইয়ার-এর প্রারম্ভকথন

লিপ শব্দটির অর্থ 'অতিরিক্ত' বা বর্ধিত। ইয়ার শব্দের অর্থ বছর। লিপ ইয়ারকে একসাথে বাংলায় 'অধিবর্ষ' বা অধিমাস্যুক্ত বর্ষ বলা হয়। 'লিপইয়ার'-এর প্রচলন হয় রোমান সম্রাট জুলিয়াস সিজারের শাসনামল থেকে। জুলিয়াস সিজার আলেকজান্দ্রিয়া থেকে গ্রিক জ্যোতির্বিদ মোসাজিনিসকে নিয়ে আসেন ক্যালেন্ডার সংস্কারের জন্য। মোসাজিনিস দেখতে পান পৃথিবী সূর্যের চারদিকে প্রদক্ষিণে সময় নেয় ৩৬৫ দিন ৬ ঘণ্টা। ৩৬৫ দিনে বছর হিসাব করা হলে এবং প্রতি চতুর্থ বছরে ৩৬৬ দিনে বছর হিসাব করা হলে কোনো গরমিল থাকে না। মোসাজিনিস অতিরিক্ত এক দিন যুক্ত এ বছরটির নামকরণ করেন 'লিপইয়ার'।

### বিভিন্ন ভাষায় নববর্ষের শুভেচ্ছা

বাংলায় 'শুভ নববর্ষ' কিংবা ইংরেজিতে 'হ্যাপি নিউ ইয়ার' বলে নতুন বছরকে শুভেচ্ছা জানানো হয়। একইভাবে বিশ্বের অন্যান্য ভাষাতেও কিছু নতুন বছরের শুভেচ্ছা বার্তা— হিন্দি : নয়া সাল মোবারক হো ❖ চাইনিজ : চু সেন তান ❖ আরবি : কুল আম আনতুম সালিমুন ❖ পর্তুগিজ : ফেলিজ আনো নিউভো ❖ ফ্রেঞ্চ : বন্নে আনি ❖ জার্মান : প্রোসিট নেউজার ❖ রাশিয়ান : এস নোভিম গুদুম ❖ জাপানিজ : আকেমাশিতে ওমেডেতু গোগাইমাসু।

### বর্ষবরণের নানা বৈচিত্র্য

বাঙালি > পহেলা বৈশাখ • চাকমা, মারমা ও বাংলাদেশের অন্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠী > বৈসাবি • মুসলিম > মুহররম • চীনা > ইয়ুয়ান তান • জাপানি > শুগাতসু • স্কটিশ > হোগম্যানে • ইরানি > নওরোজ • ভারত > দিওয়ালি।

### নববর্ষ উদ্‌যাপনের আধুনিক রূপ

বিংশ শতাব্দীতে এসে ইংরেজি নববর্ষ একটি ধর্মনিরপেক্ষ এবং বিশ্বব্যাপী উদ্‌যাপিত উৎসবে রূপ নেয়। বর্তমানে আতশবাজি, কনসার্ট, পার্টি এবং ব্যক্তিগত প্রতিজ্ঞার মাধ্যমে দিনটি উদ্‌যাপন করা হয়। বিশ্বের বিভিন্ন দেশের মানুষ এ দিনটি নিজেদের সংস্কৃতি ও ঐতিহ্যের সাথে মানানসই করে পালন করে। বাংলাদেশেও বাংলা নববর্ষের পাশাপাশি ইংরেজি নববর্ষ আলাদাভাবে উদ্‌যাপিত হয়।



# বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী

বহুভাষা, জাতি ও বহু সংস্কৃতির দেশ বাংলাদেশ। পার্বত্য চট্টগ্রামসহ দেশব্যাপী ৫০টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বসবাস যা ঐতিহ্যিক বাংলাদেশের এক উজ্জ্বল প্রতিচ্ছবি। প্রাপ্তি-অপ্রাপ্তির দোলাচলে নিরন্তর বয়ে চলা জীবনের নানা সংকট আর সম্ভাবনাকে নিয়েই এগিয়ে চলেছে তারা। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর স্বকীয় বৈশিষ্ট্যের পরিস্ফুটনে ধারাবাহিক আয়োজন বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী।

## আদিবাসী না ক্ষুদ্র নৃ-গোষ্ঠী!

ব্রিটিশ শাসনামলে ব্রিটিশরা ইংরেজিতে তাদের 'ট্রাইবাল' সম্বোধন করত। যার বাংলা অর্থ উপজাতি। বাংলাদেশ সরকারের মতে, দেশের ভূখণ্ডে বসবাসকারী সব জনগণই আদিবাসী। তবে যারা সতেরো শতকে বাংলাদেশে বিশেষ করে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে আসেন তাদেরকে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বা উপজাতি বলা হয়। বাংলাদেশের বিভিন্ন আইন ও পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তিতেও আদিবাসী শব্দটি ব্যবহার করা হয়নি। ২ ডিসেম্বর ১৯৯৭ স্বাক্ষরিত পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তিতে 'উপজাতি' (Tribe) শব্দটি ব্যবহার করা হয়। ৫ এপ্রিল ২০১০ জাতীয় সংসদে পাস হয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ বাংলাদেশের বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের অনন্য বৈশিষ্ট্যপূর্ণ আঞ্চলিক সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান প্রতিষ্ঠা ও আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়নকল্পে এ আইনটি প্রণয়ন করা হয়। ৩০ জুন ২০১১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে ২৩ক অনুচ্ছেদ যুক্ত করা হয়। এতে বলা হয়— রাষ্ট্র বিভিন্ন উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের অনন্য বৈশিষ্ট্যপূর্ণ আঞ্চলিক সংস্কৃতি এবং ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশের ব্যবস্থা গ্রহণ করবে।

## আদিবাসী বা উপজাতি বা নৃ-গোষ্ঠীর সংজ্ঞা

'আদিবাসী' শব্দটি এসেছে সংস্কৃত থেকে। 'আদি' অর্থ 'মূল' এবং 'বাসী' অর্থ 'অধিবাসী'। আদিবাসী শব্দের ইংরেজি প্রতিশব্দ Indigenous People. অনেকে আদিবাসী শব্দের প্রতিশব্দ হিসেবে Aborigine শব্দটি ব্যবহার করেন, যাতে প্রকৃতপক্ষে সর্বজনীনভাবে আদিবাসী বোঝায় না। Aborigine বলতে সুনির্দিষ্টভাবে অস্ট্রেলিয়ার আদিবাসীদের বোঝায়। বাংলা একাডেমির অভিধানে Indigenous শব্দের অর্থ বলা হয়েছে: দেশি, দেশিক, স্বদেশীয়, স্বদেশজাত। কলকাতা থেকে প্রকাশিত সংসদ অভিধানে Indigenous শব্দের অর্থ হিসেবে বলা হয়েছে— স্বদেশজাত, দেশীয়। আদিবাসী বিষয়ে দুই ধরনের সংজ্ঞা পাওয়া যায়। একটি আভিধানিক সংজ্ঞা এবং অন্যটি জাতিসংঘ কর্তৃক গৃহীত আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) কর্তৃক নির্ধারিত সংজ্ঞা।

◆ আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)-এর মতে : ১৯৮৯ সালে গৃহীত আন্তর্জাতিক শ্রম সংস্থার (ILO) ১৬৯নং কনভেনশনের ১নং আর্টিকেলের সংজ্ঞানুযায়ী আদিবাসী বা উপজাতি হলো তারাই যাদের আর্থ-সামাজিক অবস্থা দেশের অন্যান্য অংশের তুলনায় কম অগ্রসর এবং যাদের জীবনধারা সম্পূর্ণ বা আংশিকভাবে পরিচালিত হয় তাদের নিজস্ব প্রথা ও ঐতিহ্য অনুসারে, তাদের নিজের অথবা বিশেষ কোনো আইন বা নিয়ম দ্বারা। একটি স্বাধীন দেশের অন্তর্ভুক্ত মানব সম্প্রদায়, যারা বর্তমান রাষ্ট্রসীমা নির্ধারিত হওয়ার পূর্ব থেকে স্থায়ীভাবে বসবাস করে আসছেন; যাদের নিজেদের সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক ঐতিহ্য রয়েছে—একটি জনগোষ্ঠী হিসেবে তারা সে দেশে বসবাস করেন, অথচ সে দেশের জাতীয় কার্যাবলি পরিচালনাকে নিয়ন্ত্রণ করেন না, তারাই হচ্ছেন আদিবাসী।

◆ নৃতাত্ত্বিক সংজ্ঞায় আদিবাসী হচ্ছে কোনো অঞ্চলের আদি ও অকৃত্রিম ভূমিপুত্র বা Son of the Soil.

◆ Oxford Advanced Learner's Dictionary তে বলা হয়েছে, নৃগোষ্ঠী হচ্ছে একটি নির্দিষ্ট এলাকায় বসবাসরত জনসমষ্টি যারা নিজস্ব প্রথা, ভাষা, ধর্ম ইত্যাদির অনুসারী।

সুতরাং নৃগোষ্ঠী বলতে এমন একটি সম্প্রদায়কে বোঝায় যারা কোনো নির্দিষ্ট এলাকায় বসবাস করে, যাদের স্বকীয় ভাষা, জীবনধারা এবং সাংস্কৃতিক ঐতিহ্য রয়েছে।

## বাংলাদেশে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী

৫ এপ্রিল ২০১০ জাতীয় সংসদে পাস করা হয় 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০'। একই সাথে আইনের তফসিলে ২৫ নৃ-গোষ্ঠী অন্তর্ভুক্ত করে। এরপর নানা আলোচনা ও সমালোচনার পর ৩ মার্চ ২০১৫ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর তালিকা বিষয়ক জাতীয় কমিটির সভায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০-এর তফসিলে আরও ২৩টি নৃ-গোষ্ঠীর নাম অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়। একই সাথে পূর্বের তালিকা থেকে 'উসুই' এবং 'মং' নাম দুটি বাদ দেওয়ার সুপারিশ করা হয়। কারণ ত্রিপুরাদের আরেক নাম 'উসুই' ও মারমাদের একটি পদবী হচ্ছে 'মং'। এরপর সরকার আরও যাচাই বাছাই করে 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০' এর ধারা ১৯ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৯ মার্চ ২০১৯ উক্ত আইনের তফসিলে ২৭টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর স্থলে ৫০টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর তালিকা প্রতিস্থাপন করে। ২৩ মার্চ ২০১৯ তা গেজেট আকারে প্রকাশিত হয়।

৫০ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনসংখ্যা, বসবাসে শীর্ষ জেলা, ভাষা ও ধর্ম

মুসলিম নৃ-গোষ্ঠী পাণ্ডন

নাম	জনসংখ্যা	শীর্ষ জেলা	ভাষা	ধর্ম
চাকমা	৪,৮৩,৩৬৫	রাঙ্গামাটি	চাকমা/চাঙমা	বৌদ্ধ
মারমা	২,২৪,২৯৯	বান্দরবান	মারমা	বৌদ্ধ
ত্রিপুরা	১,৫৬,৬২০	খাগড়াছড়ি	ককবরক	হিন্দু
সাঁওতাল	১,২৯,০৫৬	দিনাজপুর	সাঁওতালি	হিন্দু
ওরাওঁ	৮৫,৮৫৮	নওগাঁ	কুরুখ ও সাদরি	প্রকৃতি পূজারি
গারো	৭৬,৮৫৪	ময়মনসিংহ	গারো/মান্দি/আচ্চিক	খ্রিষ্টান
মুন্ডা	৬০,২০১	নওগাঁ	মুন্ডারি	বৈষ্ণব বা প্রকৃতি
ম্রো	৫২,৪৬৩	বান্দরবান	ম্রো	তোরাই
তঞ্চঙ্গ্যা	৪৫,৯৭৪	রাঙ্গামাটি	তঞ্চঙ্গ্যা	বৌদ্ধ
বর্মণ	৪৪,৬৭১	নওগাঁ	বাংলা/ঠার	হিন্দু
মণিপুরী	২২,৯৭৯	মৌলভীবাজার	বিষ্ণুপ্রিয়া/মৈথে	বৈষ্ণব
মাহাতো/কুর্মি বা বেদিয়া মাহাতো	১৯,২৭১	সিরাজগঞ্জ	সাদরি/কুর্মালী	হিন্দু
মালো/ঘাসিমালো	১৪,৭৯৭	নড়াইল	সাদরি	বৈষ্ণব
কোচ	১৩,৭০৪	টাঙ্গাইল	কোচ/অসমীয়া/থার	হিন্দু
বম	১৩,১৯৩	বান্দরবান	বম	খ্রিষ্টান
খাসিয়া/খাসি	১২,৪২২	মৌলভীবাজার	খাসিয়া/খাসি/মনখোমে	খ্রিষ্টান
বাগদী	১২,০৯৬	মাগুরা		হিন্দু
রাখাইন	১১,১৯৭	কক্সবাজার	মারমা/বর্মি	বৌদ্ধ
ভূমিজ	৯,৬৬৪	মৌলভীবাজার	ভূমিজ/মুন্ডারি	হিন্দু
পাহাড়ী/মালপাহাড়ী	৮,৮০১	রাজশাহী	মালতো/বাংলা	হিন্দু
হাজং	৭,৯৯৬	নেত্রকোণা	হাজং	হিন্দু
বেদিয়া	৭,২০৯	জয়পুরহাট	সাদরি/কুর্মালী	হিন্দু
মাহালী	৬,৬১৪	হবিগঞ্জ	মাহালী	খ্রিষ্টান
খিয়াং	৪,৮২৬	বান্দরবান	খিয়াং	বৌদ্ধ
মুসহর	৪,৬০৩	দিনাজপুর	দেশওয়ালি/নাগরি	হিন্দু
গঞ্জ	৪,১৩৭	জয়পুরহাট	সাদরি	—
কোল	৩,৮২২	সিরাজগঞ্জ	মুন্ডা	—
তুরি	৩,৭৯৪	বগুড়া	খট্টা	হিন্দু
খুমি	৩,৭৮০	বান্দরবান	খুমি	বৌদ্ধ
বড়াইক/বাড়াইক	৩,৪৪৭	মৌলভীবাজার	সাদরি	—
লোহার	৩,৪২০	মৌলভীবাজার	সাদানি বা নাগপুরি	হিন্দু
পাত্র	৩,১০৩	সিলেট	লালেংথার	হিন্দু
খারিয়া/খাড়িয়া	৩,১০০	মৌলভীবাজার	ফারসি	হিন্দু
চাক	৩,০৭৭	বান্দরবান	সাক বা লাই	বৌদ্ধ
বানাই	২,৮৫১	ফরিদপুর	বানাই	—
গড়াইত	২,৭৩০	নওগাঁ	—	—
রাঁজোয়াড়	২,৩২৭	চাঁপাইনবাবগঞ্জ	খট্টালি	হিন্দু

ভাষাগত এবং ধর্মীয় ভিন্নতার কারণে বাংলাদেশের মণিপুরীরা তিনটি শাখায় বিভক্ত এবং স্থানীয়ভাবে তারা বিষ্ণুপ্রিয়া, মৈতে ও পাণ্ডন নামে পরিচিত। মণিপুরীদের মধ্যে ইসলাম ধর্মের অনুসারী সম্প্রদায়টি 'পাঞ্জ' বা 'পাঙ্গান' বা 'পাঙ্গাল' বা মণিপুরী মুসলিম হিসেবে পরিচিত। ১৬০৬ সালে মুসলিম সৈন্যরা বন্দুক প্রস্তুতকারক হিসেবে বা লবণ সংগ্রহের উদ্দেশ্যে মণিপুর প্রবেশ করেন। ঘটনাক্রমে তারা একটি চুক্তির মাধ্যমে মণিপুরে থেকে যান। ১৭১৭ সালে বার্মার সাথে যুদ্ধ বাধলে মণিপুরের রাজা গরীব নিওয়াজ (Gharib Niwaz) মৈতে বাহিনীর পক্ষে মুসলিম সৈন্যদের সাহায্য চান। যুদ্ধে তারা বীরত্বের পরিচয় দেন। মৈতে বাহিনী জয়লাভ করে। রাজা খুশি হয়ে তাদের 'পাঙ্গাল' উপাধি দেন। মৈতে ভাষায় পাঙ্গাল মানে শক্তি বা শক্তিশালী। এই সৈন্যরা মৈতে সম্প্রদায়ের মেয়েদের সঙ্গে বৈবাহিক বন্ধনে আবদ্ধ হন। কালক্রমে তাদের বংশধররা পাঙ্গাল বা পাঙন বা মণিপুরী মুসলিম নামে পরিচিতি পায়। বাংলাদেশের সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলার বিভিন্ন স্থানে মণিপুরী মুসলিম বাস করে। বাংলাদেশ মণিপুরী মুসলিম ডেভেলপমেন্ট অর্গানাইজেশন কর্তৃক ২০১৯ সালের শুমারি অনুযায়ী, পাঙনের জনসংখ্যা ১০,৯৪৭ জন। এর মধ্যে পুরুষ ৫,৬৩৮ জন ও নারী ৫,৩০৯ জন। পাঙনরা সূন্নি মুসলিম। পাঙন সম্প্রদায়ের ঐতিহ্যবাহী নৃত্যকে থাবল চোংবা বলে। ঈদ পাঙনদের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব। পাঙনদের মসজিদগুলোতে কেবল পাঙন ইমামরাই ইমামতি করতে পারেন।



নাম	জনসংখ্যা	শীর্ষ জেলা	ভাষা	ধর্ম
তেলী	২,০৮২	মৌলভীবাজার	নাগরি	—
শবর	১,৯৮০	মৌলভীবাজার	বাংলা	হিন্দু
ভূইমালী	১,৯৩০	নওগাঁ	বাংলা	হিন্দু
কন্দ	১,৮৯৯	মৌলভীবাজার	উড়িয়া/কুই	—
পাংখোয়া/পাংখো	১,৮৫৭	রাঙ্গামাটি	পাংখোয়া	বৌদ্ধ
হুদি	১,৫০৫	সুনামগঞ্জ	হুদি	—
কড়া	৮১৬	যশোর	কড়া	হিন্দু
ডালু	৩৮৬	শেরপুর	বাংলা/মনিপুরী	বৈষ্ণব
লুসাই	৩৮০	রাঙ্গামাটি	লুসাই	খ্রিষ্টান
খরঞ্জার/খেড়োয়ার	৩১৪	মৌলভীবাজার	ভোজপুরি/নাগপুরি	হিন্দু
হো	২২৪	ঢাকা	হো/মুন্ডা	—
গুর্খা	১০১	রাঙ্গামাটি	নেপালি/গুর্খা	—
ভিল	৯৫	যশোর	ভিল	হিন্দু

### Fact File

- ◆ মোট ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ৫০
- ◆ মোট জনসংখ্যা : ১৬,৫০,৪৭৮ (১০০%)
- ◆ পুরুষ : ৮,২৪,৯৩৩ জন (৪৯.৯৮%)
- ◆ নারী : ৮,২৫,৫৪৫ জন (৫০.০২%)
- ◆ ধর্মভিত্তিক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী : বৌদ্ধ ৪৭.৬১%, হিন্দু : ২৯.৪৭%, খ্রিষ্টান : ১৪.৪৮%, মুসলিম : ৩.০৫%, অন্যান্য : ৫.৩৯%
- ◆ সংখ্যাগরিষ্ঠ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী : চাকমা (৪,৮৩,৩৬৫)
- ◆ সবচেয়ে বেশি বসবাসকারী জেলা : রাঙ্গামাটি; ৩,৭২,৮৭৫ জন
- ◆ সবচেয়ে কম বসবাসকারী জেলা : লালমনিরহাট; ১১৮ জন
- ◆ সবচেয়ে বেশি বসবাসকারী বিভাগ : চট্টগ্রাম; ৯,৯১,০১৩ (৬০.০৪%)
- ◆ সবচেয়ে কম বসবাসকারী বিভাগ : বরিশাল; ৪,১৯০ (০.২৫%)

### পরীক্ষার প্রশ্নে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী

[সূত্র : বর্তমান জরিপ ও গৃহগণনা ২০২২]

- বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা— [৪৪তম বিসিএস]  
ক) ২০ খ) ৪৮ গ) ২৫ ঘ) ৩২  
[Note : বর্তমানে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা ৫০টি।]
- সরকারি তালিকা ২০১৫ অনুযায়ী বাংলাদেশে বসবাসকারী মোট ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা কত? [জবি 'ডি' ইউনিট ২০১৫-১৬]  
ক) ৩৭ খ) ৪৩ গ) ৪৮ ঘ) ২৫  
[Note : বর্তমানে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা ৫০টি।]
- বাংলাদেশে কোন উপজাতির সংখ্যা বেশি? [PGCB'র জুনিয়র হিসাব সহকারী/জুনিয়র প্রশাসনিক সহকারী ২০২৪]  
ক) মারমা খ) গারো  
গ) সাওতাল ঘ) চাকমা
- বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম উপজাতি গোষ্ঠী কোনটি? [১৪তম শিক্ষক নিবন্ধন ২০১৭]  
ক) সাওতাল খ) চাকমা  
গ) মারমা ঘ) রাখাইন
- বাংলাদেশের বরগুনা ও পটুয়াখালী জেলায় যে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বাস— [রাবি ইউনিট 'এ' ২০২২-২৩]  
ক) হুদি খ) কুকি  
গ) তুরি ঘ) রাখাইন
- রংপুরে যে ক্ষুদ্র নৃগোষ্ঠীর বাস— [চবি 'খ' ইউনিট ২০২০-২১]  
ক) রাজবংশী খ) মাহাতো  
গ) বম ঘ) মুন্ডা
- কোন উপজাতি বা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ধর্ম ইসলাম? [৩৬তম বিসিএস]  
ক) রাখাইন খ) মারমা  
গ) পাঙন ঘ) খিয়াং
- কোন জনগোষ্ঠীর প্রধান ধর্মগ্রন্থ ত্রিপিটক? [রাবি নৃবিজ্ঞান বিভাগ ২০০৯-১০]  
ক) ত্রিপুরা খ) মনিপুরী  
গ) সাঁওতাল ঘ) চাকমা
- বাংলাদেশে বাস নেই এমন উপজাতির নাম— [১৭তম বিসিএস]  
ক) সাঁওতাল খ) মাওরি  
গ) মুরং ঘ) গারো
- কোন জনগোষ্ঠী বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নয়? [চবি ডি-১ ও ডি-২ ইউনিট ২০১৫-১৬]  
ক) আইনু খ) শো  
গ) হাজং ঘ) তঞ্চঙ্গ্যা
- বাংলাদেশের উপজাতি কোনটি? [রাবি সমাজবিজ্ঞান ২০০৭-০৮]  
ক) হস্ খ) রাখাইন  
গ) হটেনটট ঘ) আইন
- বাংলাদেশে বসবাস করে না কোন উপজাতি? [জাককানইবি 'সি' ইউনিট ২০১৭-১৮]  
ক) রাখাইন খ) মনিপুরী  
গ) খাসিয়া ঘ) নাগা
- বাংলাদেশের কোন নৃ-গোষ্ঠীর ভাষার নাম 'আচিক খুসিক'। [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১৯]  
ক) মারমা খ) সাঁওতাল  
গ) চাকমা ঘ) গারো
- বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষার নাম মাদ্দী? [রাবি C Unit ২০১৯-২০]  
ক) গারো খ) চাকমা  
গ) সাঁওতাল ঘ) মারমা



উত্তর

- Note
- গ
- ঘ
- গ
- ঘ
- ক
- গ
- ঘ
- খ
- ক
- খ
- ঘ
- ঘ
- ক



# খেলাধুলা



## অনূর্ধ্ব-১৯ নারী টি-২০ বিশ্বকাপ

আয়োজন : দ্বিতীয় | আয়োজক : International Cricket Council  
| সময়কাল : ১৮ জানুয়ারি-২ ফেব্রুয়ারি ২০২৫ | স্বাগতিক :  
মালয়েশিয়া | অংশগ্রহণকারী দল : ১৬টি | মোট ম্যাচ : ৪১টি।

## BPL'র মাসকট ও থিম সং

বাংলাদেশ প্রিমিয়ার লিগের (BPL) ইতিহাসে প্রথমবারের মতো মাসকট উন্মোচন করা হয়। ১ ডিসেম্বর ২০২৪ উন্মোচন করা হয় BPL'র মাসকট 'ডানা ৩৬'। মাসকটটির দুই দিকে দুই ডানা প্রসারিত। মাঝখানে একটি পায়রার মুখ। এর দুই পাশে থাকা ১৮টি করে ৩৬টি রঙিন পালক যা '৩৬ জুলাই' ২০২৪-এর স্মৃতিকে তুলে ধরে। মাসকটের সাথে প্রথমবারের মতো, থাকবে থিম সং। ৩ ডিসেম্বর ২০২৪ জমকালো এক আয়োজনের মধ্যে দিয়ে BPL একাদশ আসরের থিম সং ও গ্রাফিতি প্রকাশ করে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (BCB)। BPL'র থিম সং লেখায় হাত লাগিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসও। ২০২৫ আসরের থিম সংয়ের শিরোনাম 'আবার এলো বিপিএল'।



গোল্ডেন বয় অ্যাওয়ার্ড  
অনূর্ধ্ব-২১ ফুটবলারদের সেরা পারফরম্যান্সের স্বীকৃতি হিসেবে দেওয়া হয় 'গোল্ডেন বয়' অ্যাওয়ার্ড। ২০২৪ মৌসুমের সেই পুরস্কারটি জিতেন স্পেনের লামিন ইয়ামাল। সর্বকনিষ্ঠ ফুটবলার হিসেবে গোল্ডেন বয় পুরস্কার জিতলেন বার্সেলোনার এই সুপারস্টার। নারী ক্যাটাগরিতে এই পুরস্কার জিতেন বার্সেলোনার ভিকে লোপেজ।

## গোল্ডেন বয় অ্যাওয়ার্ড

অনূর্ধ্ব-২১ ফুটবলারদের সেরা পারফরম্যান্সের স্বীকৃতি হিসেবে দেওয়া হয় 'গোল্ডেন বয়' অ্যাওয়ার্ড। ২০২৪ মৌসুমের সেই পুরস্কারটি জিতেন স্পেনের লামিন ইয়ামাল। সর্বকনিষ্ঠ ফুটবলার হিসেবে গোল্ডেন বয় পুরস্কার জিতলেন বার্সেলোনার এই সুপারস্টার। নারী ক্যাটাগরিতে এই পুরস্কার জিতেন বার্সেলোনার ভিকে লোপেজ।

## দৃষ্টিহীনদের বিশ্বকাপ

আয়োজন : চতুর্থ | আয়োজক : World Blind Cricket Council (WBCC) | সময়কাল : ২৩ নভেম্বর-৩ ডিসেম্বর ২০২৪ | স্বাগতিক : পাকিস্তান | ভেন্যু : মুলতান ক্রিকেট স্টেডিয়াম, পাকিস্তান | অংশগ্রহণকারী দল : ৭টি | ফরম্যাট : টি-২০ | চ্যাম্পিয়ন : পাকিস্তান | রানার্সআপ : বাংলাদেশ।


## National Cricket League (NCL)

আয়োজন : ২৬তম • আয়োজক : বাংলাদেশ ক্রিকেট বোর্ড (BCB) • সময়কাল : ১৯ অক্টোবর-৩ ডিসেম্বর ২০২৪ • অংশগ্রহণকারী দল : ৮টি • মোট ম্যাচ : ২৮টি • চ্যাম্পিয়ন : সিলেট বিভাগ (প্রথমবার) • রানার্সআপ : ঢাকা মেট্রো • ম্যাচ সেরা ও সর্বোচ্চ রান : অমিত হাসান (সিলেট); ৭৮৫ রান • সর্বোচ্চ উইকেট : এনামুল হক (ঢাকা); ৩৬টি।

## হকি বিশ্বকাপে বাংলাদেশ

৩ ডিসেম্বর ২০২৪ ওমানের রাজধানী মাস্কটে দ্য হকি ওমান স্টেডিয়ামে পঞ্চম-অষ্টম স্থান নির্ধারণী ম্যাচে থাইল্যান্ডকে হারিয়ে প্রথমবারের মতো হকি জুনিয়র বিশ্বকাপে নিজেদের জায়গা নিশ্চিত করে বাংলাদেশ অনূর্ধ্ব-২১ দল। শুধু জুনিয়র দল নয়, যেকোনো বয়সের হকিতেই এবার প্রথম বিশ্বকাপ খেলার সুযোগ পাবে বাংলাদেশ। ২০২৫ সালে ভারতে অনুষ্ঠিতব্য জুনিয়র বিশ্বকাপে এশিয়া থেকে সাত দল অংশগ্রহণ করবে।

## U-19 Asia Cup 2024



আয়োজন : একাদশ  
| আয়োজক : Asian Cricket Council (ACC) | সময়কাল : ২৯ নভেম্বর-৮ ডিসেম্বর ২০২৪  
| স্বাগতিক : সংযুক্ত আরব আমিরাত  
| অংশগ্রহণকারী দল : ৮টি | মোট ম্যাচ : ১৫টি | চ্যাম্পিয়ন : বাংলাদেশ  
| রানার্সআপ : ভারত | ফাইনালে ম্যাচ সেরা : ইকবাল হোসেন ইমন (বাংলাদেশ) | সর্বোচ্চ রান : শাহজাহাঁব খান (পাকিস্তান); ৩৩৬ রান | সর্বোচ্চ উইকেট : ইকবাল হোসেন ইমন (বাংলাদেশ); ১৩টি।

## Global Super League



আয়োজন : প্রথমবার  
• আয়োজক : Cricket West Indies  
• সময়কাল : ২৬ নভেম্বর-৬ ডিসেম্বর ২০২৪ • স্বাগতিক : গায়ানা • অংশগ্রহণকারী দল : ৫ দেশের ৫টি ফ্র্যাঞ্চাইজি ক্লাব • মোট ম্যাচ : ১১টি • ফরম্যাট : টি-২০ • চ্যাম্পিয়ন : রংপুর রাইডার্স (বাংলাদেশ)  
• রানার্সআপ : ক্রিকেট ভিক্টোরিয়া (অস্ট্রেলিয়া) • ফাইনালে ম্যাচ সেরা : সৌম্য সরকার (বাংলাদেশ) • সর্বোচ্চ রান : সৌম্য সরকার (বাংলাদেশ); ১৮৮ রান • সর্বোচ্চ উইকেট : কাল্যাম স্টো (ক্রিকেট ভিক্টোরিয়া); ৯টি • সবচেয়ে মূল্যবান খেলোয়াড় : লিয়াম ডসন (হ্যাম্পশায়ার হাক্স)।

৮টি | মোট ম্যাচ : ১৫টি | চ্যাম্পিয়ন : বাংলাদেশ  
| রানার্সআপ : ভারত | ফাইনালে ম্যাচ সেরা : ইকবাল হোসেন ইমন (বাংলাদেশ) | সর্বোচ্চ রান : শাহজাহাঁব খান (পাকিস্তান); ৩৩৬ রান | সর্বোচ্চ উইকেট : ইকবাল হোসেন ইমন (বাংলাদেশ); ১৩টি।

দল : ৫ দেশের ৫টি ফ্র্যাঞ্চাইজি ক্লাব • মোট ম্যাচ : ১১টি • ফরম্যাট : টি-২০ • চ্যাম্পিয়ন : রংপুর রাইডার্স (বাংলাদেশ)  
• রানার্সআপ : ক্রিকেট ভিক্টোরিয়া (অস্ট্রেলিয়া) • ফাইনালে ম্যাচ সেরা : সৌম্য সরকার (বাংলাদেশ) • সর্বোচ্চ রান : সৌম্য সরকার (বাংলাদেশ); ১৮৮ রান • সর্বোচ্চ উইকেট : কাল্যাম স্টো (ক্রিকেট ভিক্টোরিয়া); ৯টি • সবচেয়ে মূল্যবান খেলোয়াড় : লিয়াম ডসন (হ্যাম্পশায়ার হাক্স)।

### টি-২০তে সর্বনিম্ন রানের রেকর্ড

২০২৬ সালের টি-২০ বিশ্বকাপের আফ্রিকান অঞ্চলের বাছাইয়ে নাইজেরিয়ার বিপক্ষে মাত্র ৭ রানে অলআউট হয় আইভরিকোস্ট। আন্তর্জাতিক টি-২০ তে এটিই এখন সর্বনিম্ন স্কোর। ভেঙে যায় সিঙ্গাপুরের বিপক্ষে মঙ্গোলিয়ার ১০ রানে অলআউট হওয়ার বিশ্ব রেকর্ড।

### আইপিএলের মেগা নিলাম

২৪-২৫ নভেম্বর ২০২৪ সৌদি আরবের জেদ্দায় অনুষ্ঠিত হয় ইন্ডিয়ান-প্রিমিয়ার লিগের (IPL) মেগা নিলাম।

◆ এবার মেগা নিলাম : আইপিএল ২০২৫-এর মেগা নিলামের জন্য নিবন্ধন করে মোট ১,৫৭৪ জন খেলোয়াড়। তবে শেষ পর্যন্ত নিলামে জায়গা পায় ৫৭৭ জন খেলোয়াড়। এর মধ্যে ৩৬৭ জন ভারতীয়, ২১০ জন বিদেশি। ২০২৫ আইপিএলের ১০টি ফ্র্যাঞ্চাইজি নিলামে অংশ নেয়।

◆ ২৭ কোটিতে পাক্ত : আইপিএলের মেগা নিলামে সব রেকর্ড ভেঙে দিয়ে ইতিহাসেই সবচেয়ে দামি খেলোয়াড় হয়ে যান ঋষভ পাক্ত। ২৭ কোটি রুপিতে তাকে কিনে লক্ষ্মী সুপার জায়ান্টস। ২য় দামি খেলোয়াড় শ্রেয়াস আইয়ারের জন্য ২৬ কোটি ৭৫ লাখ রুপি খরচ করে পাঞ্জাব কিংস।

### হাইব্রিড মডেলে চ্যাম্পিয়ন্স ট্রফি

ভারতীয় দল চ্যাম্পিয়ন্স ট্রফি পাকিস্তানে খেলতে রাজি না হওয়ায় PCB শর্ত দেয় ২০২৬ টি-২০ বিশ্বকাপ খেলতে ভারতে যাবে না পাকিস্তান ক্রিকেট দল। ফলে হাইব্রিড মডেলেই হবে চ্যাম্পিয়ন্স ট্রফি ২০২৫। ভারতের ম্যাচগুলো হবে আরব আমিরাতের দুবাইয়ে। তবে আয়োজক স্বত্ব থাকবে পিসিবি'রই। সে অনুসারে ২০২৬ টি-২০ বিশ্বকাপে পাকিস্তান নিজেদের ম্যাচ খেলবে শ্রীলংকার কলম্বোয়।

### ২০৩৪ বিশ্বকাপ আয়োজক সৌদি আরব

১১ ডিসেম্বর ২০২৪ ভার্চুয়ালি বিশ্ব ফুটবল ফেডারেশন (FIFA) কংগ্রেসে সদস্যদেশগুলোর ভোটে আয়োজক হিসেবে একক প্রার্থী সৌদি আরবের নাম ঘোষণা করা হয়। ২০৩৪ বিশ্বকাপে ২৩টি স্টেডিয়ামে খেলা হবে। ২০৩৪ বিশ্বকাপের উদ্বোধনী ও ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে নবনির্মিত কিংস সালমান স্টেডিয়ামে।

### বাংলাদেশের রেকর্ড সিরিজ জয়

◆ ২৭ নভেম্বর ২০২৪ মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে তিন ম্যাচের ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচে আয়ারল্যান্ড নারী দলের বিপক্ষে ১৫৪ রানের বড় ব্যবধানে জয় লাভ করে বাংলাদেশ নারী ক্রিকেট দল। যা এ পর্যন্ত সবচেয়ে বড় ব্যবধানে জয়।

◆ ৩০ নভেম্বর ২০২৪ আয়ারল্যান্ড নারী দলের বিপক্ষে ওয়ানডে সিরিজের দ্বিতীয় ম্যাচে বাংলাদেশ নারী দল জিতে ওয়ানডেতে সর্বোচ্চ ১৯৩ রান তাড়া করে।

### দাবার সর্বকনিষ্ঠ চ্যাম্পিয়ন

১২ ডিসেম্বর ২০২৪ আন্তর্জাতিক দাবা ফেডারেশনের আয়োজিত প্রতিযোগিতায় সিঙ্গাপুরে সিরিজের শেষ ম্যাচে চীনের ডিং লিরেনকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় ভারতের তামিলনাড়ুর চেন্নাইয়ের গুরুেশ ডোমরাজ। গ্যারি কাসপারভের রেকর্ড ভেঙে তিনিই এখন বিশ্ব দাবার সর্বকনিষ্ঠ চ্যাম্পিয়ন। ৯ নভেম্বর ১৯৮৫ কাসপারভ বিশ্ব চ্যাম্পিয়ন হয় ২২ বছর ৬ মাস ২৭ দিন বয়সে। এ দিনে গুরুেশের বয়স ছিল ১৮ বছর ৮ মাস ১৪ দিন।

### বিশ্বরেকর্ড

◆ টি-২০ ক্রিকেটে টানা তিন ম্যাচে সেঞ্চুরি করেন ভারতীয় ব্যাটার তিলক ভার্মা, যা ক্রিকেট ইতিহাসে কখনো কেউ করতে পারেনি।

◆ ৫ ডিসেম্বর ২০২৪ ভারতের ঘরোয়া টুর্নামেন্ট সৈয়দ মুস্তাক আলি টি-২০ ট্রফিতে ইন্দোরে সিকিমের বিপক্ষে নির্ধারিত ২০ ওভার শেষে ৫ উইকেটে ৩৪৯ রান তুলে রেকর্ড গড়েছে বরোদা। টি-২০ ক্রিকেটে দলগত সর্বাধিক রানের রেকর্ড এটি।

◆ নেশনস লিগের ছয় বছরের ইতিহাসে প্রথম দল হিসেবে বসনিয়া অ্যান্ড হারেজগোভিনাকে ৭ গোল করে জার্মানি।

### FIFA THE BEST

১৭ ডিসেম্বর ২০২৪ কাতারের রাজধানী দোহার বিখ্যাত এম্পায়ার একাডেমিতে ফিফার বর্ষসেরা ফুটবলারের পুরস্কার 'দ্য বেস্ট'-এর আসর বসে।

- ◆ বর্ষসেরা খেলোয়াড় : পুরুষ-ভিনিসিয়ুস জুনিয়র (ব্রাজিল)। নারী- আইতানা বোনমাতি (স্পেন)
- ◆ বর্ষসেরা কোচ : পুরুষ- কালো আনচেলত্তি (রিয়াল মাদ্রিদ)। নারী- এমা হেইস (যুক্তরাষ্ট্র জাতীয় দল)
- ◆ বর্ষসেরা গোলকিপার : পুরুষ- এমিলিয়ানো মার্ভিনেজ (আর্জেন্টিনা)। নারী- অ্যালিসা নায়েহার (যুক্তরাষ্ট্র)




- ◆ পুসকাস অ্যাওয়ার্ড : আলেজান্দ্রো গার্নেচো (আর্জেন্টিনা)
- ◆ মার্ভা অ্যাওয়ার্ড : মার্ভা (ব্রাজিল)
- ◆ ফেয়ার প্লে অ্যাওয়ার্ড : থিয়াগো মাইয়া (ব্রাজিল)

### ফিফথ্রো বর্ষসেরা একাদশ

৯ ডিসেম্বর ২০২৪ পেশাদার ফুটবলারদের বৈশ্বিক সংগঠন ফিফথ্রোর ২০২৪ সালে ৭০টি দেশের ২১ হাজারের বেশি ফুটবলারের ভোটে নির্বাচিত সেরা একাদশের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হয়।

- ◆ গোলকিপার : এদেরসন (ম্যানসিটি, ব্রাজিল)
- ◆ ডিফেন্ডার : দানি কারভাহাল (রিয়াল মাদ্রিদ, স্পেন)। ভার্জিল ফন ডাইক (লিভারপুল, নেদারল্যান্ডস)
- ◆ আন্তনিও রুডিগার (রিয়াল মাদ্রিদ, জার্মানি)।
- ◆ মিডফিল্ডার : জুড বেলিংহাম (রিয়াল মাদ্রিদ, ইংল্যান্ড), কেভিন ডি ব্রুইনা (ম্যানসিটি, বেলজিয়াম), টনি ক্রুস (রিয়াল মাদ্রিদ, জার্মানি), রদ্রি (ম্যানসিটি, স্পেন)।
- ◆ ফরোয়ার্ড : আর্লিং হলান্ড (ম্যানসিটি, নরওয়ে), কিলিয়ান এমবাল্পে (পিএসজি/রিয়াল মাদ্রিদ, ফ্রান্স), ভিনিসিয়ুস জুনিয়র (রিয়াল মাদ্রিদ, ব্রাজিল)



# রেফ্রিজারেটর : পরিবারের নিত্যসঙ্গী

গৃহস্থালির অন্যতম প্রয়োজনীয় অনুষঙ্গ হলো রেফ্রিজারেটর বা ফ্রিজ। সংসারের কাজকে সহজ থেকে সহজতর করেছে রেফ্রিজারেটর বা ফ্রিজ।

## রেফ্রিজারেটর

'Refrigerator' শব্দটি ল্যাটিন শব্দ 'Refrigerare' থেকে এসেছে যার অর্থ 'ঠান্ডা করা'। রেফ্রিজারেটর বা হিমায়ক একটি বহুল ব্যবহৃত বৈদ্যুতিক হিমায়ক যন্ত্র যা খাবার সংরক্ষণে ব্যবহৃত হয়। একে আমরা প্রচলিত ভাষায় ফ্রিজ বলে থাকি। ফ্রিজের বাংলা হলো ঠান্ডা-যন্ত্র। এতে থাকে তাপনিরোধক কম্পার্টমেন্ট এবং একটি হিট পাম্প (যান্ত্রিক, বৈদ্যুতিক বা রাসায়নিক) যা ফ্রিজের ভেতর থেকে তাপ বাইরে বের করে দেয়, ফলে চারপাশের পরিবেশের তাপমাত্রার চেয়ে ফ্রিজের অভ্যন্তরে তাপমাত্রা অনেক কম থাকে।

## প্রকারভেদ

ফ্রিজ সাধারণত দুই ধরনের হয়— ফ্রস্ট ও নন-ফ্রস্ট।  
 ❖ **ফ্রস্ট** : এই ফ্রিজ দ্রুত ঠান্ডা হয়। গ্রামাঞ্চলে যেখানে টানা ৬-৭ ঘণ্টা বিদ্যুৎ থাকে না, সেখানে এই ফ্রিজ গুরুত্ব দেওয়া হয়। তবে এ ফ্রিজগুলো ডিপফ্রিজ। এটি ব্যবহারের সমস্যা হচ্ছে— বরফ সরাতে হয় বারবার।  
 ❖ **নন-ফ্রস্ট** : এই ফ্রিজে ততটা বরফ জমবে না। শহরে ব্যবহারের জন্য ভালো। তুলনামূলক কামেলাহীন। বিদ্যুৎ চলে গেলে ১-২ ঘণ্টা খাবার ভালো থাকবে।  
 এখন ফ্রস্ট ও নন-ফ্রস্ট ফ্রিজের পাশাপাশি 'সেমি ফ্রস্ট' ফ্রিজও পাওয়া যায়। এই ফ্রিজে হালকা বরফ জমে। খাবারও ভালোভাবে সংরক্ষিত থাকে।

## ইতিহাস

যান্ত্রিক হিমায়ন ব্যবস্থা চালু হওয়ার আগে মানুষকে বরফ এবং তুষার ব্যবহার করে খাবার ঠান্ডা বা সংরক্ষণ করতে হত। কারা কখন এমন একটি অতিশয় উপকারী যন্ত্র আবিষ্কার করলেন, তা নিয়ে একক কোনো নাম পাওয়া যায় না। তবে স্কটিশ বিজ্ঞানী উইলিয়াম কুলিন ১৭৪০ সালে প্রথম কৃত্রিম রেফ্রিজারেশনের ধারণা প্রবর্তন করেন। এরপর ১৮০২ সালে টমাস মুর ডেইরি পণ্য ঠান্ডা রাখার জন্য একধরনের আইসবক্স তৈরি করেন। তিনি এটির নাম দেন 'রেফ্রিজারেশন'। ১৮০৩ সালে তিনি প্রথম 'রেফ্রিজারেটর' নামের পেটেন্ট নেন। তবে সাধারণ মানুষের ব্যবহারের জন্য ১৯১৩ সালে প্রথম বৈদ্যুতিক রেফ্রিজারেটর আবিষ্কার করেন ফ্রেড ডব্লিউ উলফ। ফ্রেড ডব্লিউ উলফের উদ্ভাবিত সেই যন্ত্রটির উৎকর্ষ ঘটিয়ে তৈরি হয় আমাদের আধুনিককালের রেফ্রিজারেটর। তারপর যুক্তরাষ্ট্রের মিশিগানের ডেট্রয়েটের মিশিগানের নাথানিয়েল বি ওয়েলস ১৯১৪ সালে বৈদ্যুতিক শক্তিতে কাজ করতে পারে এমন একটি রেফ্রিজারেশন ইউনিটের ধারণা দেন। তার ধারণা কিনে নিয়ে ১৯১৮ সালে ফ্রিজিডিয়ার কোম্পানি রেফ্রিজারেটর বাজারজাত করতে শুরু করে। পরবর্তীকালে প্রযুক্তিগত উন্নয়নের ফলে রেফ্রিজারেটরও প্রতিনিয়ত আধুনিক হতে থাকে।

❖ **টুইন কুলিং প্রাস প্রযুক্তি** : আধুনিক ফ্রিজে সর্বাধুনিক টুইন কুলিং প্রাস প্রযুক্তি ব্যবহৃত হয়। এ প্রযুক্তিতে ফ্রিজে দুটি কুলিং ফ্যান ও দুটি ইভাপোরেটর কাজ করে। এতে খাবারের দুর্গন্ধ ছড়ায় না, ৭০% আর্দ্রতা বজায় থাকে। এ প্রযুক্তিসমৃদ্ধ ফ্রিজে ডিপ কনভার্ট করে পুরোটাই নরমাল করে ফেলা যায়।  
 ❖ **ফ্রিজের সিএফটি** : ফ্রিজের সিএফটি বলতে মূলত ফ্রিজের ধারণক্ষমতাকে বোঝায়। সিএফটি হলো ঘনফুট বা কিউবিক ফিট (cubic feet থেকে cubic ft এবং সেটি থেকে আরও সংক্ষিপ্ত হয়ে সিএফটি বা cft) এর সংক্ষিপ্ত রূপ। ১ ফুট দৈর্ঘ্য, ১ ফুট প্রস্থ, এবং ১ ফুট উচ্চতা বিশিষ্ট ঘন বস্তুর আয়তনকে ১ সিএফটি বলা হয়। যদি বলা হয় কোনো ফ্রিজ ১৪ সিএফটি, তাহলে বুঝতে হবে যে, সেই ফ্রিজে খাবার রাখার জন্য ১৪ কিউবিক ফিট ফাঁকা জায়গা রয়েছে। ১ সিএফটি = ২৮.৩১৬৮ লিটার।

❖ **ওজোন বিধ্বংসী** : ১৯২০ সালের দিকে রেফ্রিজারেট হিসেবে ব্যবহৃত হতো ক্লোরোফ্লোরোকার্বন (CFC)। এর আগে ব্যবহৃত গ্যাসগুলো ছিল দাহ্য ও বিষাক্ত। সে তুলনায় CFC বেশ নিরাপদ বিকল্প। তবে মানবদেহের ক্ষতি কমাতে গিয়ে ক্ষতি হলো পরিবেশের। রেফ্রিজারেটর নষ্ট হলে বা ধ্বংস করা হলে অবমুক্ত হয় CFC গ্যাস। গ্যাসগুলো বায়ুমণ্ডলের ওজোনস্তরে অক্সিজেনের সঙ্গে বিক্রিয়া করে ওজোনস্তরে গর্তের সৃষ্টি করে। ব্যাপারটা টের পাওয়ার পর ১৯৭৪ সাল থেকে বিশ্বের বিভিন্ন দেশে এর ব্যবহার নিষিদ্ধ হয়।  
 ❖ **ফ্রিজ ভালো রাখার ৫ উপায়** : কনডেন্সার কয়েল পরিষ্কার করা • ফ্রিজের দরজার গ্যাসকেট পরিষ্কার করা • ভেন্ট ব্লক না করা • ফ্রিজ অনেক বেশি লোড না করা • ফ্রিজে কোনো সমস্যা হলে সমাধান করা।  
 ❖ **২৬ জুন বিশ্ব ফ্রিজ দিবস।**

জনপ্রিয় ৫টি রেফ্রিজারেটর ব্র্যান্ড	
ব্র্যান্ড	যে দেশভিত্তিক
ওয়ার্ল্ডপুল	যুক্তরাষ্ট্র
এলজি	দক্ষিণ কোরিয়া
স্যামসাং	দক্ষিণ কোরিয়া
জিই	যুক্তরাষ্ট্র
প্যানাসোনিক	জাপান

# সাম্প্রতিক চাকরি পরীক্ষার প্রশ্ন সমাধান

পেট্রোবাংলার সমন্বিত নিয়োগ

পদ : সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) | পরীক্ষা : ২২ নভেম্বর ২০২৪



প্রশ্ন ০১-০৪ : শব্দের অর্থ নির্ণয় করুন।

- নিনাদ  
A) শব্দ B) যুদ্ধ C) বিশাল  
D) জটিল E) কোনোটিই নয়
- বারিধি  
A) মেঘ B) সমুদ্র C) পানি  
D) পর্বত E) আকাশ
- খপোত  
A) খরগোশ B) গাড়ি  
C) হরিণ D) উড়োজাহাজ  
E) পাখি
- প্রসূন  
A) কর B) বৃক্ষ C) পুষ্প  
D) জল E) পাতা
- Horizontal-এর বাংলা পরিভাষা কোনটি?  
A) অনুভূমিক B) সমান্তরাল  
C) উলম্ব D) দিগন্ত বিস্তৃত  
E) কোনোটিই নয়
- 'নিরাময়' শব্দের সন্ধি-বিচ্ছেদ করুন—  
A) নিরা + ময় B) নির্ + আময়  
C) নির্ + ময় D) নিঃ + আময়  
E) কোনোটিই নয়

প্রশ্ন ০৭-০৯ : সঠিক বানান নির্ণয় করুন।

- A) আনুসঙ্গিক B) অনুষঙ্গিক  
C) আনুষঙ্গিক D) আনুষঙ্গিক  
E) কোনোটিই নয়
- A) দেদীপ্যমান B) দেদীপ্যমাণ  
C) দেদিপ্যমান D) দেদিপ্যমাণ  
E) কোনোটিই নয়
- A) সমিচীন B) বয়সঞ্জি  
C) মনস্তর D) অন্তঃসার  
E) কোনোটিই নয়

প্রশ্ন ১০-১৩ : বাগধারার অর্থ নির্ণয় করুন।

- প্রশ্নটি অস্পষ্ট
- শিরে সংক্রান্তি  
A) মাথায় বোঝা B) সুখের সময়  
C) আসন্ন বিপদ D) সংক্রামক  
E) কোনোটিই নয়

- রামগরুড়ের ছানা  
A) কাল্পনিক বস্তু B) গোমড়ামুখো লোক  
C) দুষ্ট সন্তান D) ভাগ্যবান  
E) কোনোটিই নয়
- লেখাফা দুরন্ত  
A) চৌকস ব্যক্তি B) সৌখিন ব্যক্তি  
C) দাপুটে ব্যক্তি D) বাইরে পরিপাটি  
E) কোনোটিই নয়
- 'গণ্যমান্য' শব্দটি কোন সমাস?  
A) দ্বন্দ্ব B) কর্মধারয়  
C) অব্যয়ীভাব D) নিত্য  
E) কোনোটিই নয়
- 'টাইফুন' কোন ভাষার শব্দ?  
A) চীনা B) ইংরেজি  
C) মালয় D) জাপানি  
E) কোনোটিই নয়

Q 16-23 : Complete the following sentences : with the appropriate word.

- The negotiations reached a(n)— when both parties refused to compromise on critical issues leaving the agreement in jeopardy.  
A) impasse B) culmination  
C) denouement D) prelude  
E) inception
- Despite the company's rapid growth and market expansion, its profits have remained relatively stagnant, largely because of an inability to control costs, which — rising steadily over the past three years.  
A) has been B) is  
C) have been D) were  
E) had been
- Although the scientist was initially — by the complexity of the data, he soon developed a theory that not only explained the results but also predicted future.  
A) bewildered B) intrigued  
C) mollified D) placated  
E) exonerated



উত্তর

- Ⓐ
- Ⓑ
- Ⓐ
- Ⓒ
- Ⓐ
- Ⓐ
- Ⓐ
- Ⓐ
- Ⓐ
- \*
- Ⓒ
- Ⓒ
- Ⓒ
- Ⓐ
- Ⓐ
- Ⓒ
- Ⓐ



**উত্তর**

- 19. ৐
- 20. ৐
- 21. ৐
- 22. ৐
- 23. ৐
- 24. ৐
- 25. ৐
- 26. ৐
- 27. ৐
- 28. ৐
- 29. ৐
- 30. ৐
- 31. ৐
- 32. ৐
- 33. ৐
- 34. ৐
- 35. ৐
- 36. ৐
- 37. ৐

19. The CEO's — approach to leadership alienated many of his subordinates, who felt stifled by his rigid policies and lack of empathy.  
A) autocratic B) benevolent  
C) laissez-faire D) deferential  
E) pragmatic
20. The board of directors was unanimous in its decision, finding the plan both — and innovative.  
A) imprudent B) provident  
C) capricious D) volatile  
E) perfunctory
21. In contrast to last year's model, the new electric car features a more efficient battery and a streamlined design, allowing it to travel farther on a single charge and— better in extreme weather conditions.  
A) perform B) performs  
C) performing D) performed  
E) None
22. Although simran was afraid of heights, she seemed to have no— about driving over bridges.  
A) enormity B) qualms  
C) imminence D) resurrection  
E) None
23. Because of the — of reliable information, her report was comprised mostly of speculation.  
A) dearth B) diatribe  
C) myriad D) juxtaposition  
E) None
- Q 24-28 : Identify which underlined section is incorrect for each sentence: If there is no error, choose E.**
24. As far as A) money is B) concerned, I'd C) like to be D) rich. No error E)
25. The restaurant had A) burgers, sandwiches B), and pizzas; we ordered C) the former D) No error E)
26. None of us have A) enough money to undertake B) the project alone, so we had C) to depend on D) our parents. No error E)
27. It was A) serendipity rather than B) genius that leads C) the archaeologist to his breathtaking discovery of D) the ancient civilization. No error E)
28. The new guidelines mandate A) that students not only B) Submit C) their assignments on time, but also participate D) actively in class discussions. No error E).
29. Which of the following is the synonym of LUGUBRIOUS?  
A) Treasure B) Sanguine  
C) Engorged D) Gloomy  
E) None
30. Which of the following is the synonym of QUIESCENT?  
A) Fastidious B) Inactive  
C) Complex D) Mournful  
E) None
31. Sumerian civilization is a part of— civilization.  
A) Mesopotamian B) Mayan  
C) Hebrew D) Egyptian  
E) None
32. Which one is the biggest religious and social festival of the Chakmas?  
A) Bijhu B) Sandisy  
C) Wangala D) Sangrai  
E) None
33. Who is the painter of The Persistence of Memory?  
A) Michelangelo B) Leonardo da Vinci  
C) Salvador Dali D) Monet  
E) None
34. Which of the following is not a contagious disease?  
A) Smallpox B) Typhoid  
C) Tuberculosis D) Mumps  
E) None
35. The American state that is nearest to Russia is—  
A) Washington B) Maine  
C) Alaska D) Connecticut  
E) None
36. Who is not a recipient of Nobel Prize in Literature?  
A) Pablo Neruda B) Leo Tolstoy  
C) Bernard Shaw D) Bartrand Russel  
E) None
37. Humidity is measured by which of the following instrument?  
A) Barometer B) Sphygmomanometer  
C) Hygrometer D) Hydrometer  
E) None

38. Which ultraviolet ray is the most harmful?  
A) UV-A B) UV-B  
C) UV-C D) UV-D  
E) None
39. Which of the following helps production of hemoglobin?  
A) Protein B) Fat  
C) Carbohydrate D) Starch E) None
40. Which product recently lost its Geographical Indication (GI) tag from Bangladesh to India?  
A) Baluchari saree B) Tangail saree  
C) Kolu saree D) Jamdani saree  
E) None
41. French Revolution ended in the year—  
A) 1767 B) 1776 C) 1789  
D) 1799 E) None
42. Port of Valencia is in—  
A) Spain B) Morocco  
C) Portugal D) Italy  
E) France
43. Which is a valid Excel Function?  
A) CONCAT B) VLOOKUP  
C) TEXTMERGE D) All E) None  
[Note : সঠিক উত্তর A ও B উভয়ই]
44. Recently, which country has proposed a three day weekend?  
A) Canada B) Saudi Arabia  
C) Singapore D) Tunisia  
E) Cuba
45. Who has recently broken the record held by Michael Phelps in the 400m swimming competition?  
A) Leon Marchand B) Lewis Clarnburt  
C) Alberto Razzetti D) Cedric Buessing  
E) Adam Peaty
46. Which country is severely affected by recent MPox outbreak?  
A) Kenya B) Senegal C) Djibuti  
D) Congo E) Etheopia
47. The spacecraft designed by Boeing is called—  
A) Starliner B) Dream Chaser  
C) SpaceX D) Arene  
E) skylon
48. The design capacity of the Wind Power Plant in Cox's Bazar is — MW?  
A) 58 B) 62 C) 64  
D) 66 E) None
49. Which of the following Indian province has no common boundary with Bangladesh?  
A) Manipur B) Tripura  
C) Mizoram D) Meghalaya  
E) None
50. What was the theme of the Paris Olympic 2024?  
A) Social business B) Life and livelihood  
C) Human rights D) Microfinance  
E) None
51. Who is the current chairman of the Political Bureau of Hamas?  
A) Ismail Haniyeh B) Abu Ubaida  
C) Yahya Sinwar D) Khalil al-Hayya  
E) None
52. Which of the following is not an ASEAN country?  
A) Brunei B) Myanmar  
C) Cambodia D) China  
E) All are members
53. Which country became the newest member of NATO?  
A) Finland B) Sweden  
C) Ukraine D) Georgia  
E) Belarus
54. Who won the 2023 FIFA Women's World Cup?  
A) Germany B) USA  
C) Spain D) England  
E) Uruguay
55. Which of the following is not one of professor Muhammad Yunus's 3 Zeros for sustainable future?  
A) Zero Poverty  
B) Zero Unemployment  
C) Zero Net Carbon Emission  
D) Zero Hunger E) None
56. A trader paid Tk. 300 for a shipment of x identical pens. The trader gave two pens free of cost and sold each for Tk. 5 more than the average cost of the x pens. If the total revenue from the sale of the pens was Tk. 120 more than the cost of the shipment, how many pens were in the shipment?  
A) 20 B) 24 C) 25  
D) 30 E) None
57. If the average of 5 positive integers is 40 and the difference between the largest and the smallest of these 5 numbers is 10, what is the maximum value possible for the largest of these integers?  
A) 44 B) 48 C) 50  
D) 52 E) None



উত্তর

38. ©  
39. @  
40. ©  
41. ©  
42. @  
43. Note  
44. ©  
45. @  
46. ©  
47. @  
48. ©  
49. @  
50. @  
51. ©  
52. ©  
53. ©  
54. ©  
55. ©  
56. ©  
57. ©

58. A customer came to a shop and asked the shop manager to give a 20% discount on the listed price of a pen. Moreover, for every 10 pens purchased, he wanted two pens free of cost. The manager agreed to the customer's offer because he could still make a profit of 20% on cost price. If the cost price of a pen was  $x$ , what was the listed price of the pen?  
A)  $1.75x$  B)  $1.8x$  C)  $1.9x$   
D)  $2x$  E) None
